

৮ আশ্বিন বুধবার ইংরাজী ২৩ সেপ্টেম্বর দুর্গোৎসব।



১৬ আশ্বিন বৃহস্পতিবার ইংরাজী ১ আক্টোবর লক্ষ্মীপূজা।



৩০ আশ্বিন বৃহস্পতিবার ইংরাজী ১৫ আক্টোবর শ্যামাপূজা।



১ কার্ত্তিক শনিবার ইংরাজী ২৪ আক্টোবর জগদ্ধাত্রীপূজা।




১৫ কার্ত্তিক শুক্রবার ইংরাজী ৩০ আক্টোবর রাসযাত্রা।




৩০ কার্ত্তিক শনিবার ইংরাজী ১৪ নবেম্বর কার্ত্তিক পূজা।




৫ মাঘ রবিবার ইংরাজী ১৭ জানুয়ারি সরস্বতী পূজা।



২৮ মাঘ মঙ্গলবার ইংরাজী ৯ ফেব্রুয়ারি শিবরাত্রি।



১৬ ফাল্গুন শুক্রবার ইংরাজী ২৬ ফেব্রুয়ারি দোলযাত্রা।



৩০ চৈত্র রবিবার ইংরাজী ১১ এপ্রেল চড়ক পূজা।

রবিস্তোত্রং। যবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং। ধ্বান্তারিং সর্ব্ব পাপঘ্নং প্রণতোস্মি দিবাকরং ॥ ১—দিব্য শঙ্খ তুষারাভং ক্ষীরোদার্ণবসম্ভবং। নমামি শশিনং ভক্ত্যা শম্ভোর্মুকুট ভূষণং ॥ ২—ধরণীগর্ব্ভ সম্ভূতং বিদ্যুৎপুঞ্জ সমপ্রভং। কুমারং শক্তিহস্তঞ্চ লোহিতাঙ্গং নমাম্যহং। ৩—প্রিয়ঙ্গুকলিকাশ্যামং রূপেণাপ্রতিমং বুধং। সৌম্যং সর্ব্ব গুণোপেতং নমামি শশিনঃ সুতং। ৪--দেবতানামৃষিণাঞ্চ গুরুং কণক সন্নিভং। বন্দ্যভূতং ত্রিলোকেশং তং নমামি বৃহস্পতিং ॥ ৫—হিমকুন্দমৃণালাভং দৈত্যানাং পরমং গুরুং। সর্ব্বশাস্ত্র প্রবক্তারং ভার্গবং প্রণমাম্যহং ॥ ৬—নীলাঞ্জন চয়প্রখ্যংরবিসূনুং মহাগ্রহং। ছায়ায়া গর্ব্ভসম্ভূতং বন্দেভক্ত্যা শনৈশ্চরং ॥ ৭—অর্দ্ধকায়ং মহাঘোরং চন্দ্রাদিত্য বিমর্দ্দকং। সিংহিকায়াঃ সুতং রৌদ্রং তংবাহুং প্রণমাম্যহং ॥ ৮—পলালধূমসঙ্কাশং তারাগ্রহ বিমর্দ্দকং। রৌদ্রং রৌদ্রাত্মকং ক্রূরং তং কেতুং প্রণমাম্যহং ॥

ফলশ্রুতি।

ব্যাসেনোক্ত মিদং স্তোত্রং যঃ পঠেৎ প্রয়তঃশুচিঃ। দিবা বা যদি বা রাত্রৌ শান্তিস্তস্য ন সংশয়ঃ ॥ ঐশ্বর্য্য মতুলঞ্চাপি আরোগ্যং পুষ্টিবর্দ্ধনং। নরনারী প্রিয়ত্বঞ্চ নিত্যং তস্যোপজায়তে ॥ তক্ষকোঃমির্যমোবায়ুর্যেচান্যে গ্রহপীড়কাঃ। তে সর্ব্বে প্রশমং যান্তি ব্যাসোক্ত্যা নসংশয়ঃ ॥

ইতি শ্রীব্যাসভাষিতং নবগ্রহস্তোত্রং সংপূর্ণ।

বৈষ্ণব দিগের পর্ব্ব দিন।

শ্রীজাহ্নবা গোস্বামির আবির্ভাব	বৈশাখী	শুক্লপঞ্চমী	১৬ বৈশাখ
শ্রীশ্যামানন্দ গোস্বামির তিরোভাব	জ্যৈষ্ঠী	শুক্লপঞ্চমী	১৪ জ্যৈষ্ঠ
শ্রীগঙ্গাধর গোস্বামির আবির্ভাব	জ্যৈষ্ঠী	শুক্লদ্বাদশী	২১ জ্যৈষ্ঠ
শ্রীগঙ্গাধর পণ্ডিতের তিরোভাব	জ্যৈষ্ঠী	অমাবস্যা	৮ আষাঢ়
শ্রীগোপাল ভট্টের তিরোভাব	আষাঢ়ী	শুক্লপঞ্চমী	১২ আষাঢ়
শ্রীসনাতন গোস্বামির তিরোভাব	আষাঢ়ী	পৌর্ণমাসী	২১ আষাঢ়
শ্রীরূপ গোস্বামির তিরোভাব	শ্রাবী	শুক্লদ্বাদশী	১৭ শ্রাবণ
শ্রীহরিদাস ঠাকুরের তিরোভাব	ভাদ্রী	শুক্লচতুর্দ্দশী	১৬ ভাদ্র
শ্রীরঘুনাথ ভট্টের তিরোভাব	আশ্বিনী	শুক্লদ্বাদশী	১৩ আশ্বিন
শ্রীরঘুনাথ দাসের তিরোভাব	আশ্বিনী	শুক্লদ্বাদশী	ঐ ঐ
শ্রীকৃষ্ণদাস কবিরাজের তিরোভাব	ঐ	ঐ	ঐ ঐ
শ্রীনরোত্তম ঠাকুরের তিরোভাব	কার্ত্তিকী	শুক্লপঞ্চমী	৫ কার্ত্তিক
শ্রীজীব গোস্বামীর আবির্ভাব	পৌষী	শুক্লতৃতীয়া	৪ পৌষ
শ্রীজগদীশ পণ্ডিতের তিরোভাব	পৌষী	শুক্লদ্বাদশী	১৩ পৌষ
শ্রীঅদ্বৈত প্রভুর আবির্ভাব	মাঘী	শুক্লপঞ্চমী	৬ মাঘ
শ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব	মাঘী	শুক্লত্রয়োদশী	১৪ মাঘ
শ্রীমহাপ্রভুর আবির্ভাব	ফাল্গুনী	পৌর্ণমাসী	১৬ ফাল্গুন

পর্ব্বোপলক্ষে আফিসাদি বন্ধ।

পর্ব্ব	বাং তারিখ	ইং তারিখ	বার	দিন
দশহরা	১৯ জ্যৈষ্ঠ	৩১ মে	রবিবার	১ দিন
স্নানযাত্রা	২৪ জ্যৈষ্ঠ	৫ জুন	শুক্রবার	....
রথযাত্রা	১০ আষাঢ়	২২ জুন	সোমবার	....
পুনর্যাত্রা	১৭ আষাঢ়	২৯ জুন	সোমবার	....
ঝুলনারম্ভ	১৬ শ্রাবণ	৩০ জুলাই	বৃহস্পতিবার	....
রাখী পূর্ণিমা	২০ শ্রাবণ	৩ আগষ্ট	সোমবার	....
জন্মাষ্টমী	২৮ শ্রাবণ	১১ আগষ্ট	মঙ্গলবার	১ দিন
মহালয়া	১ আশ্বিন	১৬ সেপ্টেম্বর	বুধবার	১ দিন
দুর্গোৎসব ও	৮ আশ্বিন	২৩ সেপ্টেম্বর	বুধবার	১২ দিন
লক্ষ্মীপূজা	১৬ আশ্বিন	১ অক্টোবর	বৃহস্পতিবার	....
শ্যামাপূজা	৩০ আশ্বিন	১৫ অক্টোবর	বৃহস্পতিবার	২ দিন
ভ্রাতৃদ্বিতীয়া	২ কার্ত্তিক	১৭ অক্টোবর	শনিবার	....
জগদ্ধাত্রীপূজা	৯ কার্ত্তিক	২৪ অক্টোবর	শনিবার	২ দিন
রাসযাত্রা	১৫ কার্ত্তিক	৩০ অক্টোবর	শুক্রবার	....
কার্ত্তিকপূজা	৩০ কার্ত্তিক	১৪ নবেম্বর	শনিবার	....
শ্রীপঞ্চমী	৫ মাঘ	১৭জানুয়ারি	রবিবার	২ দিন
শিবরাত্রি	২৮ মাঘ	৯ ফিব্রুয়ারি	মঙ্গলবার	....
দোলযাত্রা	১৬ ফাল্গুন	২৬ ফিব্রুয়ারি	শুক্রবার	১ দিন
বারুনীপূজা	৮ চৈত্র	২০ মার্চ	শনিবার	....
চড়কপূজা	৩০ চৈত্র	১১ এপ্রেল	রবিবার	১ দিন

ইংরাজী পর্ব্ব দিন।

কুইনবার্থডে	১২ জ্যৈষ্ঠ	২৪ মে	রবিবার	১ দিন
খ্রীষ্টম্যাসডে	১২ পৌষ	২৫ ডিসেম্বর	শুক্রবার	৩ দিন
নিউইয়ার্সডে	১৯ পৌষ	১ জানুয়ারি	শুক্রবার	১ দিন
গুডফ্রাইডে	২১ চৈত্র	২ এপ্রেল	শুক্রবার	২ দিন

মুসলমান দিগের পর্ব্ব দিন।

মহরম	১৪ বৈশাখ	২৫ এপ্রেল	১ মহরম	১ দিন
ফতেদোয়াযদ্দা	২২ আষাঢ়	৪ জুলাই	১২রবিয়লআউ	১ দিন
আখেরিচাহার	৩ শ্রাবণ	১৭ জুলাই	২৫রবিয়লআউ	১ দিন
শবেবরাৎ	১৬ অগ্রহায়ণ	৩০ নবেম্বর	১৪ শাবান	১ দিন
ইদিলফেতর	৩ মাঘ	১৫জানুয়ারি	১ শওয়াল	১ দিন
ইদুজ্জোহা	১৩ চৈত্র	২৬ মার্চ	১০ জেলহজ্জ	১ দিন

শ্রীশ্রীদুর্গা।

শরণং।

নূতন পঞ্জিকা।

শুভমস্তু শকাব্দাঃ ১৭৯০ সন ১২৭৫ সাল ইংরাজী ১৮৬৮-৬৯ সম্বৎ ১৯২৫-২৬ বঙ্গাব্দাঃ ১২৭৫ ফসলী ১২৭৪-৭৫ বিলায়তী ১২৭৪-৭৫ মগী ১২৩০-৩১ হিজরী সন ১২৮৪-৮৫।

হরপার্ব্বতী সংবাদ।

হর প্রতি প্রিয়ভাষে কন হৈমবতী। বৎসরের ফলাফল কহ পশুপতি॥ কোন গ্রহ হৈল রাজা কেবা মন্ত্রিবর। প্রকাশ করিয়া কহ শুনি দিগম্বর॥ ভব কন ভবানীকে কহি বিবরণ। বৎসরের ফলাফল করহ শ্রবণ॥

অথ পঞ্জিকা শ্রবণক্রমঃ।

শ্রীসূর্য্যায় নমঃ। অচিন্ত্যাব্যক্তরূপায় নির্গুণায় গুণাত্মনে। সমস্ত জগদাধার মূর্ত্তয়ে ব্রহ্মণে নমঃ। কৈলাসশিখরে রম্যে গৌরীপৃচ্ছতি শঙ্করং। অধুনা ব্রুহি মেনাথ নবপঞ্জী ফলাফলং॥ শ্রীশঙ্কর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি নবপঞ্জী ফলাফলং। যস্য শ্রবণমাত্রেণ দিব্যজ্ঞানং লভেন্নরঃ। অথ শ্বেতবরাহকল্পাব্দাঃ৪৩২০০০০০০০ তৎকল্পাতীতাব্দাঃ ১৯৫৫৮৮৪৯৬৯ অস্মিন কল্পাব্দে কিয়ন্মন্বন্তর কালো গতঃ বর্ত্তমানস্য বৈবস্বত মন্বন্তরস্যাপি সপ্তবিংশতি মহাযুগানি গতানি অষ্টাবিংশতি যুগস্যাচ সত্য ত্রেতা দ্বাপর নামান স্ত্রয়োযুগপাদা গতঃ কলিনামা যুগপাদঃ সম্প্রতি বর্ত্ততে॥

অথ সত্যযুগোৎপত্তিঃ।

বৈশাখ শুক্লতৃতীয়ায়াং রবিবারে সত্যযুগোৎপত্তিঃ। তত্রঅবতার চতুষ্টয়ং মৎস্য কূর্ম্ম বরাহ নৃসিংহাঃ। পুণ্যং পূর্ণং পাপং নাস্তি কুরুক্ষেত্রং তীর্থং গ্রহাংশো ব্রাহ্মণঃ মজ্জাগতাঃ প্রাণাঃ ইচ্ছামৃত্যুঃ একবিংশতি হস্ত পরিমিতো মানবদেহঃ লক্ষবর্ষং পরমায়ুঃ সুবর্ণ নির্ম্মিত ভোজন পাত্রং সত্যযুগস্য রাজা। বলি বেণু মান্ধাতা পুরুরবা ধুন্ধুমারিকা কার্ত্তবীর্য্যাঃ এতে ষট চক্রবর্ত্তিনঃ। সত্যযুগস্য লক্ষণং। সত্যধর্ম্মরতো নিত্যং তীর্থানাঞ্চ সদাশ্রয়ঃ নন্দন্তি দেবতাঃ সর্ব্বাঃ সত্যেসত্য পরানর। তারকব্রহ্ম নাম। নারায়ণ পরাবেদা নারায়ণ পরাক্ষরাঃ। নারায়ণ পরামুক্তি নারায়ণ পরাগতিঃ॥

অথ ত্রেতাযুগোৎপত্তিঃ।

কার্ত্তিক শুক্ল নবম্যাং সোমবারে ত্রেতাযুগোৎপত্তিঃ তত্র অবতার ত্রয়ং বামন পরশুরাম শ্রীরামচন্দ্র পুণ্যাং ত্রিপাদং পাপমেকপাদং পুষ্কর নামা তীর্থং সাগ্নিকো ব্রাহ্মণঃ অস্থিগতাঃ প্রাণাঃ চতুর্দ্দশ হস্ত পরিমিতো মানবদেহঃ দশসহস্র বর্ষ পরমায়ুঃ ব্যবহার্য্যং রৌপ্যপাত্রং ত্রেতাযুগস্য রাজা সূর্য্যবংশোদ্ভব অনুধাক্ষ সগর অংশুমান অসমঞ্জা দিলীপ ভগীরথ অজ দশরথ পরশুরাম শ্রীরামচন্দ্র লব কুশা নৃপচক্রবর্ত্তিনঃ। ত্রেতাযুগস্য লক্ষণং। দানধর্ম্ম রতোনিত্যং তপস্যা তীর্থদর্শনং। অগ্নিহোত্র পরালোক রাজানো যজ্ঞকারিণঃ। তারকব্রহ্ম নাম। রামনারায়ণানন্ত মুকুন্দ মধুসূদন। কৃষ্ণ কেশব কংসারে হরে বৈকুণ্ঠ বামন॥

অথ দ্বাপরযুগোৎপত্তিঃ।

ভাদ্র কৃষ্ণ ত্রয়োদশ্যাং শুক্রবারে দ্বাপর যুগোৎপত্তিঃ। তত্র অবতারৌ দ্বৌ শ্রীকৃষ্ণ বুদ্ধৌ পুণ্যমর্দ্ধং পাপমর্দ্ধং নৈমিষারণ্যং তীর্থং। নাড়ীক্ষো ব্রহ্মণঃ। রক্তগতাঃ প্রাণাঃ সপ্তহস্ত পরিমিতো মানবদেহঃ সহস্রাব্দ পরমায়ু তাম্রপাত্রে ভোজনং। দ্বাপরযুগস্য রাজা। শাল্লবিরাট হংসধ্বজ কংসধ্বজ ময়ূরধ্বজ বভ্রুবাহন রুক্মাঙ্গদ জরাসন্ধ দুর্য্যোধন যুধিষ্ঠিরাঃ। দ্বাপর যুগস্য লক্ষণং। ধর্ম্মাধর্ম্মরতো লোকাঃ প্রলাপী চপলসদাঃ। জ্ঞাননিষ্ঠঃ কপটবাক্ দ্বাপরে রাজবিস্তর। তারকব্রহ্ম নাম। হরে মুরারে মধুকৈটভারে গোপাল গোবিন্দ মুকুন্দ সৌরে। যজ্ঞেশ নারায়ণ কৃষ্ণ বিষ্ণো নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ॥

অথ কলিযুগোৎপত্তিঃ।

মাঘী পূর্ণিমায়াং শুক্রবারে কলিযুগোৎপত্তিঃ। তত্র অবতারঃ কল্কী পুণ্য মেকপাদং পাপং ত্রিপাদং গঙ্গাতীর্থং নিরগ্নি ব্রাহ্মণঃ অন্নগতাঃ প্রাণাঃ সার্দ্ধ ত্রিহস্ত পরিমিতো মনুষ্যদেহঃ বিংশত্যধিক শতবর্ষং পরমায়ুঃ ভোজন পাত্র নির্ণয়ো নাস্তি। কলৌ রাজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরঃ হরিশ্চন্দ্র মনিশ্চন্দ্রঃ তেজশেখরঃ বিক্রমাদিত্যঃ বিক্রমসেনঃ লাউসেন বল্লালসেন দেপাল ভুপাল মহীপালঃ এতে রাজচক্রবর্ত্তিনঃ। কলিযুগস্য লক্ষণং ধর্ম্মঃ শঙ্কুচিত স্তপো বিরহিতং সত্যঞ্চ দূরগতং। লোকা ধর্ম্মহতা দ্বিজাশ্চ লুভিতা নারীবশা মানবাঃ। তারকব্রহ্ম নাম। হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

অথ শ্বেতবরাহকল্পাব্দাঃ ৪৩২০০০০০০০ তৎকল্পাতীতাব্দাঃ ১৯৭২৯৪৮৯৬৯ তৎকল্পসদ্যভূসৃষ্টিতো হতীতাব্দাঃ ১৯৫৫৮৮৪৯৬৯ কল্যব্দাঃ ৪৩২০০০ কলের্গতাব্দাঃ ৪৯৬৯ শকনরপতেরতীতাব্দাঃ ১৭৯০ শ্রীমদ্বিক্রমাদিত্যস্য সম্বৎ ১৯২৫ বঙ্গীয়াব্দা ১২৭৫ সনহিজরী ১২৮৪৮৫ ইংরাজী ১৮৬৮।৬৯

অথ প্রভাবাদিবার্হস্পত্য গত বর্ষাদি ১৩।১২।২৭।১৪ এতেনব্রহ্মবিংশতৌ গুরু-যুগে সৌর মাঘস্য তৃতীয়দিনং যাবদনুবর্ত্তমানো বিক্রমনামা বর্ষ স্তৎ ফলং। জায়ন্তে সর্ব্ব শস্যানি পৃথিবীনিরুপদ্রবাঃ। রসানাং সুমহার্ঘ্যঞ্চ জায়তে বিক্রমে প্রিয়ে। ততো বৃষনামা বর্ষস্তৎ ফলং। কার্পাসবস্ত্র মুদ্গাশ্চ ঘৃতং মাসস্তথৈবচ। মাহার্ঘ্যং জায়তে সর্ব্বং বৃষেচসুরবন্দিতে॥ অথ কৃত্তিকাদি বর্ষজ্ঞানং॥ অস্মিন্নবর্ষে সৌর চৈত্রস্য দ্বাবিংশতি দিবসে অশ্বিনী নক্ষত্রে গুরোরস্ত সম্বন্ধাৎ আশ্বিন নামা বর্ষস্তৎ ফলং। অশ্বযুজে হৃষ্টেহং জস্রং পততিজলং প্রমুদিতাঃ প্রজাঃ ক্ষেমং। প্রাণ চয়ঃ প্রাণভৃতাং সর্ব্বেসামর্থবাহুল্যং॥

অথ রাজাদয়ঃ।

ভৃগূরাজা বিধুর্মন্ত্রী জলনামধিপোগুরুঃ। রবিঃশস্যাধিপোজ্ঞেয়ঃ আবর্ত্তো মেঘনায়কঃ। বিবহো বায়ুরাজশ্চ বাসুকিঃ পন্নগেশ্বরঃ। অঞ্জনাখ্যা গজাধীশো দুগ্ধবারাং নিধের্জলং। রৌদ্রনামা ভবেদ্রৌদ্রঃ কাশীরাজশ্চিকিৎসকঃ। মন্দারঃ পর্ব্বতাধীশঃ শাল্মলিদ্বীপসংজ্ঞকঃ। আঢ়কা ধীশ্বরো ভীমঃ কূড়বেশঃ সএবহি। কুক্কোতু গোটিকাপাতঃ সহদেবশ্চ কর্ষকঃ। কাকোলোবিষ সংজ্ঞস্যাৎ। জলঞ্চৈব শতাঢ়কং এবং রাজাদয়ো জ্ঞেয়শ্চাত্রবর্ষেচ কোবিদৈঃ॥

রাজ্ঞঃ ফলং॥ নীতি প্রীতিকারা ভূপ যজ্ঞদানদয়ান্বিতাঃ। পৃথিবী বহু শস্যাঢ্যা ভাগবোযত্র ভূপতিঃ॥

মন্ত্রিফলং। সমর্থং জায়তেসর্ব্বং প্রজাপালন তৎপরাঃ। রাজ্ঞোনো মুদিতানিত্যং যত্রমন্ত্রী নিশাপতিঃ॥

জলাধিপফলং। কালেবর্ষতি পর্জ্জন্যো ধর্ম্মকর্ম্মরতাঃ প্রজাঃ। সুভিক্ষং জায়তে তত্র যত্র তোয়াধিপোগুরুঃ॥

শস্যাধিপফলং। ভয়ভীতাঃ প্রজাস্তত্র পরচক্র প্রপীড়িতাঃ। দুর্ভিক্ষং জায়তেঘোরং যত্রশস্যাধিপোরবিঃ॥

মেঘফলং। বর্ষনং নৈবসর্ব্বত্র শসং কীট সমাবৃতং। জগদ্ভবেতিঃ দুঃখার্ত্তমাবর্ত্তেজলদাধিপে॥

বায়ুফলং। বিবহে সর্ব্বশস্যানি কালেবর্ষন্তি বারিদাঃ। প্রজাঃ প্রমুদিতা নিত্যং প্রজানাং শুভসংভবর॥

নাগফলং। নৃপানাং দণ্ডনাশঃ স্যাৎ প্রজানাৎ ব্যাকুলং ভবেৎ। সমরে ক্ষত্রিয়ো নাশোবাসুকৌ নাগনায়কে॥

গজফলং। অঞ্জনে নীচলোকানাং হানিঃ স্যান্মুদিতাদ্বিজাঃ ক্ষত্রিয়ানাং সদানাশঃ সমরে নাত্রসংশয়॥

সমুদ্রফলং। দুগ্ধবারাং নিধের্বারি শাল্মলিদ্বীপ বেষ্টিতং। বহু শস্যা কারং সাধু নরানাং হিতকারকং॥

বৈদ্যফলং। কাশীরাজো বৈদ্যরাজঃ সর্ব্ব লক্ষণ সংযুতঃ। দর্শনে রোগ নাশঃ স্যাৎ স্পর্শনে বিষনাশনং॥

দ্বীপফলং। যত্রাব্দে সাম্মলীদ্বীপ নরানাং সুখ সংযুতং। শস্য হানিং কুবুদ্ধিশ্চ ক্রূরঃ পাপরতঃ সদা॥ অন্যেষাং ফলং কিয়চ্ছুভং কিয়দশুভঞ্চ॥

গোটিকাপাত ফলং। নদীনদ গ্রামপুরাপ্রবাহো ভবন্ত্যকস্মাজ্জলদাগমশ্চ। শস্যং বিনাসান্তি গ্রহে মনুষ্যা কুক্ষৌ যদা গোটিকাকপ্রেপাতঃ॥

অথ জলাঢকাঃ ১০০ সমুদ্রে ৫০ পর্ব্বতে ৩০ পৃথিব্যাং ২০ বিষ্ণুস্থিতি ভোগাব্দাঃ ৫০৩১ গঙ্গাস্থিতিভোগাব্দাঃ ৩১ গ্রাম্যাদবতা গতবর্ষাঃ ২৯১৯

অথ বর্ষাদি বিশ্বাঃ। বর্ষা ৭ ধান্য ১৫ তৃণ ১৩ শীত ১৫ গ্রীষ্ম ১৫ বায়ু ১৫ প্রজাবৃদ্ধি ৯ প্রজাক্ষয় ১৫ রাজবিগ্রহ ১১। রোগ ৬ অরোগ ১৪ ধনবৃদ্ধি ১২ ধনহানি ৪ রৌদ্র ১৪ বজ্র ১৪ অমৃত ৮ সর্প ১৪ বিষ ১৩ কীট ৫ শস্য পতঙ্গ ১৩ সরীসৃপ ১১ পক্ষ ৩ মৎস্য ১৩ কূর্ম্ম ১৩ জলৌকা ৭ মূষিক ১৩ গোসম্পত্তি ৯ সত্য ৮ মিথ্যা ১৬ প্রতাপ ১৪ বৃক্ষ ৬ শস্য ১৬ ফল ১৬ কার্পাস ১৩ জলশোষ ১৬ শিলাবৃষ্টি ১২॥

অথ বর্ষচক্র বর্ষস্য স্বাতি তুলারাশি।

পর্ব্বতে ১৮।১৯।২০ ধনং	স্বর্গে ১৫।১৬।১৭ সুখং	গগণে ৯।১০।১১ মানহানিঃ
চক্রে ২১।২২।২৩ দারিদ্র	ক্রোড়ে ১২।১৩,১৪ লক্ষ্মী	শঙ্খে ৬।৭।৮ লক্ষ্মী
সমুদ্রে ২৪।২৫।২৬ ভাষনং	ধরণ্যাং ২৭।১।২ পুত্রসুখং	রসাতলে ৩।৪।৫ মরণং

বর্ষচক্র ফলং। স্বর্গেচ সুখমাপ্নোতি পর্ব্বতেচ ধনাগমঃ। চক্রেদরিদ্রতা যেতি সমুদ্রে ভাষণং ফলং। ধরণ্যাং পুত্র সম্পত্তি মরণঞ্চ রসাতলে। শঙ্খেচ মহতী লক্ষ্মী গগণে মান ভঞ্জনং। ক্রোড়েচ সর্ব্বমাপ্নোতি বর্ষচক্র ফলং মতং॥ দোষশান্তি। চক্রে ছত্রং প্রদাতব্যং সমুদ্রেচ সুশয্যাকং। রজতং শ্বেতবস্ত্রঞ্চ অস্ত্রঞ্চ গগণে তথা। ঘৃত তণ্ডুল হেমশ্চ কুম্ভং দদ্যাৎ রসাতলে।

অথ মেষাদি দ্বাদশ রাশির আয়ব্যায় স্থিতি।

রাশি	আয়	ব্যায়	স্থিতি।	রাশি	আয়	ব্যয়	স্থিতি।
মেষ	৮	২	৬	তুলা	৫	৩	২
মেষ	৫	৩	২	বৃশ্চিক	৮	২	৬
মিথুন	১১	২	৯	ধনুঃ	২	৩	০
কর্কট	৫	২	৩	মকর	৮	৩	৫
সিংহ	২	২	০	কুম্ভ	৩	৩	৫
কন্যা	১১	২	৯	মীন	২	৩	০

দ্বাদশ মাসের দ্বাদশরাশির পালক।

বৈশাখ রবি। জ্যৈষ্ঠ মঙ্গল। আষাঢ় বৃহস্পতি। শ্রাবণ শনি। ভাদ্র চন্দ্র। আশ্বিন বুধ। কার্ত্তিক শুক্র। অগ্রহায়ণ রবিষ। পৌষ মঙ্গল। মাঘ বৃহস্পতি। ফাল্গুণ শনি। চৈত্র চন্দ্র॥

দ্বাদশমাসের দ্বাদশ রাশির ফল।

বৈশাখ মাসের ফল। মেষ বৃষ মিথুনের ধনাধ্যক্ষ মিথুনকর্কটের অর্থপ্রাপ্তি কর্কট সিংহের দুঃখ সিংহ কন্যা তুলার সুখ তুলা বৃশ্চিকের ভ্রমণ বৃশ্চিক ধনু মকর কুম্ভের রাজপূজা কুম্ভ মীনের পটুতা।

জ্যৈষ্ঠমাসের ফল। মেষ বৃষের মান বৃষ মিথুন কর্কটের বন্ধন কর্কট সিংহ কন্যার লাভ কন্যা তুলা বৃশ্চিকের ঐশ্বর্য্য বৃশ্চিক ধনুর রাজপূজা ধনুর অপমৃত্যু ধনু মকরের রোগ মকর কুম্ভমীনের ভোগ মীনের মান

আষাঢ়মাসের ফল। মেষেরলাভ মেষ বৃষ মিথুনের ভ্রমণ মিথুন কর্কট সিংহেরস্ত্রীলাভ সিংহ কন্যা তুলার বন্ধন তুলা বৃশ্চিক ধনুর সম্মান ধনু মকরের অপমান মকর কুম্ভের মৃত্যুবৎ কুম্ভমীনের দুঃখ মীনের লাভ।

শ্রাবণ মাসের ফল। মেষের নিস্ফলমেষ বৃষের মান বৃষ মিথুনের কর্কটের বিদ্যালাভকর্কট সিংহ কন্যার বিত্তসঞ্চয় কন্যা তুলা বৃশ্চিকের ভিক্ষা লাভ বৃশ্চিক ধনুর প্রবাস ধনু মকর কুম্ভের কিঞ্চিৎলাভ কুম্ভমীনের নিস্ফল।

ভাদ্রমাসের ফল। মেষের ঐশ্বর্য্য মেষ বৃষের রাজপূজা বৃষমিথুনের অপমৃত্যু মিথুনের রোগ মিথুন কর্কট সিংহের ভোগ সিংহ কন্যা তুলা- বৃশ্চিকের মান বৃশ্চিক ধনুর বন্ধন ধনু মকর কুম্ভের লাভ মীনের ঐশ্বর্য্য।

আশ্বিন মাসের ফল। মেষ বৃষের সম্মান বৃষ মিথুনের অপমান মিথুন কর্কটের মৃত্যুবৎ সিংহের দুঃখ সিংহ কন্যা তুলার লাভ তুলা বৃশ্চিকের ভ্রমণ ধনু মকর কুম্ভের স্ত্রীলাভ কুম্ভমীনের বন্ধন।

কার্ত্তিক মাসের ফল। মেষ বৃষের ভোগ বৃষ মিথুনেরত্রাস মিথুন কর্কটের ভোগ সিংহ কন্যার ত্রাস কন্যা তুলা বৃশ্চিকের মান ধনু মকর কুম্ভের বৈরতা কুম্ভ মীনের সুখ।

অগ্রহায়ণ মাসের ফল। মেষ বৃষের বন্ধন বৃষ মিথুন কর্কটের লাভ কর্কট সিংহ কন্যার ঐশ্বর্য্য কন্যা তুলার রাজপূজা তুলার অপমৃত্যু তুলা বৃশ্চিকের রোগ বৃশ্চিক ধনুর ভোগ ধনু মকর কুম্ভ মীনের মান মীনের বন্ধন।

পৌষমাসের ফল। মেষ বৃষের স্ত্রীলাভ বৃষ মিথুন কর্কটের বন্ধন কর্কট সিংহ কন্যার সম্মান কন্যা তুলার অপমান তুলা বৃশ্চিকের মৃত্যুবৎ বৃশ্চিকের দুঃখ ধনু মকরের লাভ মকর কুম্ভ মীনের ভ্রমণ মীনের স্ত্রীলাভ।

মাঘ মাসের ফল। মেষ বৃষের সৌখ্য বৃষ মিথুনের অর্থলাভ মিথুন কর্কট সিংহের সৌখ্য সিংহ কন্যার শুভ কন্যার ভয় কন্যা তুলা বৃশ্চিকের সৌখ্য বৃশ্চিক ধনুর প্রবাস ধনু মকর কুম্ভের অর্থলাভ কুম্ভ মীনের সুখ।

ফাল্গুন মাসের ফল। মেষ বৃষমিথুনের মান মিথুন কর্কটের বন্ধন সিংহ কন্যা তুলার লাভ তুলা বৃশ্চিকের ঐশ্বর্য্য ধনুর রাজ পূজা ধনু- মকরের অপমৃত্যু মকরের রোগ মকর কুম্ভমীনের ভোগ মীনের মান।

চৈত্রমাসের ফল মেষের লাভ মেষ বৃষ মিথুনের ভ্রমণ মিথুন কর্কট সিংহেরস্ত্রী লাভ সিংহ কন্যা তুলার বন্ধন তুলা বৃশ্চিকের সম্মান ধনু মকরের অপমান মকর কুম্ভের মৃত্যুবৎ মীনের লাভ।

অথ বার কথন।

১ রবিবার। ২ সোমবার। ৩ মঙ্গলবার। ৪ বুধবার। ৫ বৃহস্পতিবার ৬ শুক্রবার। ৭ শনিবার।

অথ শুভাশুভ বার কথন।

শুক্রেন্দুবুধজীবানাং বারাঃ সর্ব্বত্র শোভনাঃ। ভানুভূসূত মন্দানাং শুভ কর্ম্মসু কেষ্বপি।

অস্যার্থঃ। শুক্র সোম বুধ বৃহস্পতি চারিবার। সর্ব্বকর্ম্মে শুভ জান এই কহি সার॥ শনি রবি ভূমিসূত এই বার তিন। কোন কোন কর্ম্মে শুভ হন কোন দিন॥

অথ শুক্লা তিথি।

১ প্রতিপদ। ২ দ্বিতীয়া। ৩ তৃতীয়া। ৪ চতুর্থী। ৫ পঞ্চমী। ৬ ষষ্ঠী ৭ সপ্তমী। ৮ অষ্টমী। ৯ নবমী। ১০ দশমী। ১১ একাদশী। ১২ দ্বাদশী ১৩ ত্রয়োদশী। ১৪ চতুর্দ্দশী। ১৫ পূর্ণিমা।

অথ কৃষ্ণা তিথি।

১৬ প্রতিপদ। ১৭ দ্বিতীয়া। ১৮ তৃতীয়া। ১৯ চতুর্থী। ২০ পঞ্চমী ২১ ষষ্ঠী। ২২ সপ্তমী। ২৩ অষ্টমী। ২৪ নবমী। ২৫ দশমী। ২৬ একাদশী ২৭ দ্বাদশী। ২৮ ত্রয়োদশী। ২৯ চতুর্দ্দশী। ৩০ অমাবস্যা।

অথ নক্ষত্র কথন।

১ অশ্বিনী। ২ ভরণী। ৩ কৃত্তিকা। ৪ রোহিণী। ৫ মৃগশিরা। ৬ আর্দ্রা ৭ পুনর্ব্বসু। ৮ পুষ্যা। ৯ অশ্লেষা। ১০ মঘা। ১১ পূর্ব্বফল্গুণী। ১২ উত্তর ফল্গুণী। ১৩ হস্তা। ১৪ চিত্রা। ১৫ স্বাতী। ১৬ বিশাখা। ১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা। ১৯ মূলা। ২০ পূর্ব্বাষাঢ়া। ২১ উত্তরাষাঢ়া। ২২ শ্রবণা। ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা। ২৫ পূর্ব্বভাদ্রপদ। ২৬ উত্তরভাদ্রপদ। ২৭ রেবতী।

অথ নক্ষত্রাধিপ কথন।

অশ্বি যম দহন কমলজ শশী শূলভৃদদিতিজীব ফণিপিতরঃ। যোন্যর্য্যমদিন কৃত্বষ্টৃ পবনশক্রাগ্নিমিত্রাঃ। শক্রোনিঋ তিস্তোয়ং বিশ্ববিরিঞ্চী হরির্ব্বসুর্ব্বরুণঃ। অজপাদোহিব্রধ্নঃ পুষ্যাচেতী শ্বরাভানাং॥

অস্যার্থঃ। অশ্বিন্যধিপতি অশ্বী যমতো ভরণী। কৃত্তিকা অনল ব্রহ্মা রোহিণী বাখানি॥ মৃগশিরাধিপ শশী আর্দ্রা শূলধারী। পুনর্ব্বসু দিতী জীব পুষ্যা অনুসারি॥ অশ্লেষাধিপতি ফণি মঘা পিত্র্য জানি॥ পূর্ব্বফল্গুণীর অধি-পতি হয় যোনী॥ অর্য্যমোত্রফল্গু হস্তাধিপ দিনকর। ত্বষ্টৃনাম হয় খ্যাত চিত্রার ঈশ্বর॥ স্বাতীতো পবন হয় শক্রাগ্নি বিশাখা। অনুরাধাধিপ মিত্র জ্যোতিষের লেখা॥ জ্যেষ্ঠা অধিপতি শক্র প্রমাণেতে পাই। মূলার নিঋ তি তোয় অধিপ জানাই॥ পূর্ব্বাষাঢ়াধিপ বিশ্ববিরিঞ্চি উত্তরাষাঢ়া। শ্রবণার অধি পতি হরি নহে ছাড়া॥ ধনিষ্ঠার অধিপতি বসু নাম খ্যাত। শতভিষার অধি পতি বরুণ নিশ্চিত॥ পূর্ব্বভাদ্রপদাধিপ হয় অজপাদ। অহিব্রধ্ন নাম খ্যাত

হয় উত্তরভাদ্রপদ॥ রেবতীর অধিপতি ব্যক্ত আছে পুষ্যা। নক্ষত্রাধিপতি এই জ্যোতিষের ভাষা॥

অথ করণ।

১ বব। ২ বালব। ৩ কৌলব। ৪ তৈতিল। ৫ গর। ৬ বণিজ। ৭ বিষ্টি ৮ শকুনি। ৯ চতুষ্পাদ। ১০ কিন্তুঘ্ন। ১১ নাগ।

অথ করণ প্রভেদ।

এগার করণ মধ্যে কিন্তুঘ্নাদি বেদ। জ্যোতিষ প্রমাণে কোন অঙ্ক নাহি ভেদ॥ কিন্তুঘ্ন শকুনি নাগ চতুষ্পাদ অত্র। নামের আদ্যবর্ণ শচ কি না এই মাত্র॥

যে করণে যে যে কর্ম্ম করিতে হইবে। একে একে কহি তাহা বুঝিয়া লইবে সম্পত্তি জনক কর্ম্ম গ্রহ যজ্ঞ আদি। মঙ্গলজনক কর্ম্ম বারেতে না বাধি॥ দ্বিজ উপকার করা প্রভৃতি স্বকর্ম্ম। কদাচ না বাধে এই বালবের মর্ম্ম॥ হরিষ জনক কর্ম্ম কৌলবে করিবে। মিত্রতা বিধান আদি তাহে না বাধিবে॥ যাত্রা আদি শুভকর্ম্ম তৈতিলেতে বলে। গরে বীজ বপনাদি সুপ্রশস্ত হলে॥ নানা শুভ কর্ম্ম ভাল কিন্তুঘ্নে বিধান। বণিজকরণ মাত্র বাণিজ্যে প্রধান। ঔষধাদি শকুনিতে করিবে মন্ত্রণা। চতুষ্পাদ গোবিষয়ে নাহি করে মানা॥ ব্রাহ্মণ বিষয়ে কিম্বা রাজ্য বিষয়ক। তর্পণাদি পিতৃকর্ম্মে না হয় বাধক॥ সৌভাগ্য জনক কর্ম্ম নাগেতেই মানি। করণ প্রভেদ এই জ্যোতিষে বাখানি॥

অথ যোগ।

১ বিষ্কুম্ভ। ২ প্রীতি। ৩ আয়ুষ্মান। ৪ সৌভাগ্য। ৫ শোভন। ৬ অতিগণ্ড ৭ সুকর্ম্মা। ৮ ধৃতি। ৯ শূল। ১০ গণ্ড। ১১ বৃদ্ধি। ১২ ধ্রুব। ১৩ ব্যাঘাত ১৪ হর্ষণ। ১৫ বজ্র। ১৬ অসৃক। ১৭ ব্যতীপাত। ১৮ বরীয়ান। ১৯ পরিঘ ২০ শিব। ২১ সিদ্ধ। ২২ সাধ্য। ২৩ শুভ। ২৪ শুক্র। ২৫ ব্রহ্ম। ২৬ ইন্দ্র ২৭ বৈধৃতি।

অথ বিশেষ যোগ কথন।

ত্যজাদৌ পঞ্চ বিষ্কুম্ভে সপ্ত শূলেচ নাড়িকাঃ। গণ্ডব্যাঘাতয়োঃ ষট চ নব হর্ষণ বজ্রয়োঃ॥ পরিঘস্য ত্যজেদৰ্দ্ধং শুভকর্ম্ম ততঃপরং। বৈধৃতি ব্যতি-পাতৌচ সমস্তৌ পরিবর্জ্জয়েৎ॥ অস্যার্থঃ। বিবাহ প্রভৃতি কর্ম্ম যতেক মঙ্গল। অংশে অংশে শুভাশুভ কহিব সকল॥ পাঁচদণ্ড বিষ্কুম্ভের ত্যজিবে প্রথম। সাতদণ্ড শূলযোগ ঐ রূপ নিয়ম॥ ছয়দণ্ড প্রথম ব্যাঘাত আর গণ্ড; বজ্র হর্ষণের ত্যজ্য হয় নব দণ্ড॥ পরিঘযোগের ত্যজ্য প্রথম অৰ্দ্ধেক। ব্যতী-পাত বৈধৃতির আছয়ে যতেক॥

অথ মেষাদি দ্বাদশ রাশি।

১ মেষ। ২ বৃষ। ৩ মিথুন। ৪ কর্কট। ৫ সিংহ। ৬ কন্যা। ৭ তুলা। ৮ বৃশ্চিক। ৯ ধনু। ১০ মকর। ১১ কুম্ভ। ১২ মীন।

অথ দ্বাদশ রাশিতে দ্বাদশ মাস।

বৈশাখে মেষ। জ্যৈষ্ঠে বৃষ। আষাঢ়ে মিথুন। শ্রাবণে কর্কট। ভাদ্রে সিংহ

আশ্বিনে কন্যা। কার্ত্তিকে তুলা। অগ্রহায়ণে বৃশ্চিক। পৌষে ধনু। মাঘে মকর। ফাল্গুনে কুম্ভ। চৈত্রে মীন।

অথ বারবেলা ও কালবেলা।

রবৌ বর্জ্জং চতুঃপঞ্চ সোমে সপ্তদ্বয়ং তথা। কুজে ষষ্ঠদ্বয়-
ঞ্চৈব বুধে বাণ তৃতীয়কং॥ গুরৌ সপ্তাষ্টকঞ্চৈব ত্রিচন্দ্রা-
রিচ ভার্গবে। শনাবাদ্যন্তথা চান্ত্যং ষষ্ঠঞ্চ পরিবর্জ্জয়েৎ॥

অস্যার্থঃ। দিনমান অষ্টভাগে যামার্দ্ধ নিশ্চয়। সে যামার্দ্ধে বারবেলা শাস্ত্রে ইহা কয়॥ রবিবারে বারবেলা চতুর্থ পঞ্চম। সোমবারে ত্যজ্য হয় দ্বিতীয়া সপ্তম॥ মঙ্গলের ত্যজ্য হয় ষষ্ঠ ও দ্বিতীয়। বুধের পঞ্চমভাগ আর যে তৃতীয়॥ গুরুবারে সপ্ত অষ্ট ভাগ ত্যজ্য হয়। শুক্রের তৃতীয় বেদ ত্যজ্য শাস্ত্রে কয়॥ আদ্য অন্ত ষষ্ঠ ত্যজ্য শনিবারে হয়। দিবা বারবেলা এই জ্যোতিষেতে কয়॥

অথ সূর্য্যসিদ্ধান্তমতে জ্যোতিষচক্র সংস্থান ও গ্রহগতি কথন।

পৃথিবীর সর্ব্বোত্তরভাগে সুমেরু পর্ব্বত তাহার উপর অতি উচ্চ আকাশে এক তারা আর সর্ব্বদক্ষিণ কুমেরু পর্ব্বত তাহার অতি উচ্চ আকাশে এক তারা আছে ঐ দুই তারা প্রায় অচল বোধ হয়, অতএব উহাদিগকে ধ্রুব তারা কহা যায়, ঐ দুই তারাকে পৃথিবী মধ্যভাগস্থ লোকেরা অতি-উচ্চ স্থান হইতে দেখিতে পারেন, কিন্তু এতদ্দেশ হইতে ধ্রুবতারা মাত্র দেখা যায় এবং নাবিকগণ অন্ধকার রজনীতে মহাসমুদ্রে ঐ ধ্রুবতারা দৃষ্টে তাহাদিগের অর্ণবযান চালনা করেন কেন না সূর্য্য চন্দ্র উভয়ের কেহই দৃষ্টি গোচর হয় না ঐ দুই তারার মধ্যস্থলে গোলাকৃতি পৃথিবী তাহার উপর আকাশে চন্দ্রের পথ, তাহার উপর বুধের ক্রমে শুক্র, সূর্য্য, মঙ্গল বৃহস্পতি শনির পথ হয়, ঐ পথকে ঐ গ্রহদিগের কক্ষা কহেন, সকল গ্রহ কক্ষার উপর নক্ষত্রচক্র আছে ঐ নক্ষত্র চক্র যে স্থলে অশ্বিনী নক্ষত্র সেই অবধি পূর্ব্ব দিকে কিঞ্চিৎ২ উত্তরাংশে পাদোন সাত নক্ষত্র আছে তাহার পর চিত্রার অর্দ্ধ পর্য্যন্ত পাদোন সাত নক্ষত্র ঐ পূর্ব্বোক্ত পাদোন সাত নক্ষত্রের পূর্ব্বদিগের কিঞ্চিৎ কিঞ্চিৎ দক্ষিণাংশে আছে, চিত্রার শেষার্দ্ধাবধি উত্তরা-ষাঢ়ার এক পাদ পর্য্যন্ত পাদোন সাত নক্ষত্র ঐ চিত্রাবধি ক্রমে কিঞ্চিৎ কিঞ্চিৎ দক্ষিণাংশে আছে, পরে রেবতী পর্য্যন্ত পাদোন সাত নক্ষত্র পূর্ব্ব দিগে ক্রমে কিঞ্চিৎ কিঞ্চিৎ উত্তরাংশে আছে, এরূপ ২৭ নক্ষত্রে ঐ নক্ষত্র চক্র ব্যাপ্ত হয় ঐ নক্ষত্রদিগের ৯ পাদে এক এক রাশি কল্পনা করিয়া ১২ রাশিতে ঐ নক্ষত্রচক্রে বিভাগ করিয়াছেন, তৎপ্রযুক্ত নক্ষত্রচক্রকে রাশি চক্রও কহা যায়, আর সকল গ্রহ কক্ষা সহিত নক্ষত্রচক্রকে জ্যোতিষচক্র কহা যায় জ্যোতিষচক্রে যে স্থলে যে রাশি আছে তাহার সমান উত্তরে এবং দক্ষিণে যে স্থলে তাহাকে ঐ রাশি বলিতে হয় প্রত্যেক নক্ষত্র ১৩ অংশ ২০ কলা হয় সুতরাং প্রত্যেক রাশি ৩০ অংশ এই জন্য জ্যোতিষচক্র আর গ্রহ কক্ষা সকল ১২ রাশিদ্বারা ৩৬০ অংশে বিভক্ত হয় এবং পৃথিবীর

৩৬০ অংশে বিভক্ত হয়, ঐ জ্যোতিষচক্রকে অতি বলবান প্রবহ বায়ু সর্ব্বদা পশ্চিমদিগে ভ্রমণ করাইতেছে, তৎপ্রযুক্ত গ্রহ ও নক্ষত্রদিগের পূর্ব্বদিগে প্রাত্যহিক উদয় আর পশ্চিমদিগে অস্ত দেখা যায় কিন্তু জ্যোতিষচক্র মধ্যে গ্রহ সকল স্ব স্ব গতিক্রমে নিরন্তর পূর্ব্ব মুখে গমন করেন, সেই গতিক্রমে গ্রহদিগের ভিন্ন ভিন্ন রাশিতে সঞ্চার হয় পরন্তু তাহাদের ঊর্দ্ধাধঃক্রমে অবস্থান প্রযুক্ত পথের ন্যূনাতিরেক থাকাতে অর্থাৎ ইংলণ্ডীয়মতে লাটিটিউড ও লাঙ্গিটিউড সঞ্চারকালে ন্যূনাতিরেকে দৃষ্ট হইতেছে যদি কোন দুই গ্রহের অশ্বিনীনক্ষত্র উদয় দেখা যায় তবে তাহার এক গ্রহকে অধিক দিনে অন্যকে অল্পদিনে ভরণীতে, তদনন্তর কৃত্তিকাতে এই সকল রাশি ভ্রমণ করিতে দেখা যাইত, আর শীঘ্রোচ্চস্থানের এবং মন্দোচ্চস্থানের আর পাতস্থলের অধিষ্ঠাতৃ দেবতাদিগের আকর্ষণ এবং বিপ্রকর্ষণ ও বিক্ষেপদ্বারা গ্রহদিগের বক্রগতি এবং শীঘ্রগতি আর অতিচারাদিগতি দৃষ্ট হইতেছে।

অথ অয়নাংশ।

রাশিচক্র ও পৃথিবীর মধ্যরেখা যে স্থলে সমসূত্রপাত মিলন হয় সেই স্থলকে ক্রান্তিপাত কহেন, সেই ক্রান্তিপাতস্থলে উত্তরে দক্ষিণে এক রেখা কল্পনা করিয়া ঐ রেখাকে বিষুবরেখা কহেন সেই বিষুবরেখা ক্রমে পশ্চিম দিকে গমন করত রাশিচক্রের সর্ব্বত্রে ভ্রমণ করে, ইহা আর্য্য ভট্ট কহেন কিন্তু সূর্য্য সিদ্ধান্তকার এবং স্মার্ত্ত ভট্টাচার্য্য কহেন যে নক্ষত্রচক্র ক্রমে ২৭ অংশ পূর্ব্বদিকে, পরে ক্রমে ২৭ অংশ পশ্চিমদিকে, এই ৫৪ অংশ দোদুল্যমান মাত্র হয়, শেষোক্তমতে যে স্থলে মেষরাশির প্রথমাংশ সেই স্থলে ক্রান্তিপাত অর্থাৎ বিষুবরেখা হয় সম্বৎসর মধ্যে যে দুই দিন সূর্য্য ঐ রেখায় থাকেন সেই দুই দিন দিবা রাত্রিমান সমান হয়, ঐ রেখা ৬৬ বৎসর ৮ মাসে এক এক অংশ সরে, তৎপ্রযুক্ত দিবা রাত্রিমানের ব্যত্যয় হইতেছে আর ঐ রেখা পূর্ব্বদিকে যত অংশ সরে মেষ সংক্রান্তি ততদিন পরে, আর পশ্চিমদিকে যত অংশ সরে ঐ সংক্রান্তির ততদিন পূর্ব্বে দিবা রাত্রিমান সমান হয় এক্ষণে বিষুবরেখা পশ্চিমে ২০ অংশ ২১ কলা ৮ বিকলা সরাতে চৈত্র মাসের এবং আশ্বিন মাসের ১০ দিনে দিবা রাত্রিমান সমান হইতেছে আর পৌষের ১০ দিনে উত্তরায়ণ এবং আষাঢ়ের ১০ দিনে দক্ষিণায়ন আরম্ভ হইতেছে ১৭৩৫৭ বৎসর পূর্ব্বে বৈশাখের ও কার্ত্তিকের প্রথম দিবসে দিবা রাত্রিমান সমান হইত, আর মাঘের ও শ্রাবণের প্রথম দিবসে অয়ন পরিবর্ত্ত হইত এই বিষুবরেখা এক অংশ সরাতে অয়ন পরিবর্ত্তের অন্যথা হয় এই হেতু উহাকে অয়নাংশ কহা যায়।

অথ মেষাদি দ্বাদশ রাশির লক্ষণ।

মেষরাশি সদাচার ধর্ম্মশীল বিরল চাঁচর। ধনবান দারিদ্র রহিত যুক্ত কর॥ বন্ধু যুক্ত সর্ব্বদা পণ্ডিত সুবিচার। চিরকাল প্রবাসী সে মেষরাশি যার॥—বৃষরাশি। বড় চক্ষু চরণ কপাল দীর্ঘাকার। কুলজন পালক স্নে

বৃষরাশি যার॥ দেবতা ব্রাহ্মণ গুরু সেবায় অনুগত। প্রেমিবাক্য সত্য বাক্য শ্লেষ্ম পীড়াযুত॥—মিথুন রাশি। ক্ষীণদেহ শিষ্টভাব স্পষ্টবাক্য কয়। পরিজনের হিতকারী ধীর হয়ে রয়॥ পিত্তশ্লেষ্ম স্বভাব সুশীল গুণবান। প্রকৃতি সঙ্গেতে প্রিয় মিথুনের বিধান॥—কর্কট রাশি। বায়ু কফ স্বভাব আর প্রিয় অনুরক্ত। স্বয়ং উপার্জ্জিত ধন ধর্ম্ম কার্য্যযুক্ত॥ কুলজনে সুখদ সত্য বাদী মান্য রয়। কর্কট রাশির এই ফল সুনির্ণয়॥—সিংহ রাশি। আপনার উদর পূরিলে তুষ্ট হয়। ক্রোধী মাংসলোভি বন্ধু সেবা না করয়॥ কটা চক্ষু সদা ইচ্ছা বনে বাস তার। স্থূলবক্ষ পিত্ত ভাব সিংহ রাশি যার॥—কন্যা রাশি। সুলেখক অল্পাহারা ধার্ম্মিক সুধীর। গুরুজন হিতকারী ক্ষীণতা শরীর নেত্ররোগী বিত্তহীন অন্তর বিমল। সুশীলতা লক্ষ্মীযুতা কন্যা রাশি ফল॥ তুলারাশি। বান্ধবের প্রিয় উচ্চ গাত্র দীর্ঘাকার। জয়যুক্ত জ্যোতিষ শাস্ত্রেতে জ্ঞান তার॥ ভৃত্যবর্গে অনুরক্ত বহুতর ভার্য্যা। নিশ্চয় জানিবা যার হয় তুলা রাশি॥—বৃশ্চিক রাশি। বহুজন উপকারী বহু ধন পায়। সুখযুক্ত অনুরক্ত রাজার সেবায়॥ স্ত্রী সৌভাগ্য অভিলাষ সচঞ্চল মতি। নিত্য উদ্যোগী বলি বিছা রাশি রীতি॥—ধনু রাশি। বন্ধুবর্গে প্রিয় পূজনীয় গুণবান। দেববিপ্র সেবী কুল শ্রেষ্ঠ কীর্ত্তিমান॥ ধন জন যুক্ত সদা হর্ষযুক্ত রয়। ধনু রাশির ফল এই জ্যোতিষেতে কয়॥—মকর রাশি। সুন্দরী স্ত্রীযুক্ত রাজকন্যা অভিলাষী। ইষ্ট মন্ত্রে প্রসন্ন সর্ব্বদা অপ্রবাসী॥ ধনলোভী রতিযুক্ত কৃষ্ণ কলেবর। বন্ধু প্রিয় মকর রাশি হৈলে হয় নর॥—কুম্ভরাশি। সদা বহু বলযুক্ত, দেব বিপ্র অনুরক্ত, শিল্পকর্ম্মকারী মিষ্টভাষী। ধনবান মতি স্থির, সুন্দর শরীর ধীর, বহু পরিবার অপ্রবাসী॥ জ্ঞাতিবর্গে অনুরক্ত, সুশীল হরিষযুক্ত, বহু মনুষ্যের হিতকারী। শিষ্ট শীল কীর্ত্তিমান, গুণবান মান্যমান, এই ফল কুম্ভরাশি ধরি॥ মীনরাশি। লোমযুক্ত উদরের সমান শরীর। সুদীর্ঘ নাসিকা বহুবিদ্বান সুধীর॥ ধনভোগী পরম সুন্দরী নারী হয়। মীন রাশির এই ফল জ্যোতিষেতে কয়॥

অথ গ্রহদিগের উদয়ের দিক্।

গ্রহ সকল সূর্য্যের সমসূত্রপাত অধোভাগে বা ঊর্দ্ধভাগে যখন থাকেন তখন তাঁহারা অদৃশ্য হয়েন, তৎপ্রযুক্ত তাঁহাদিগকে অস্তগত কহা যায় এইরূপে চন্দ্র যতক্ষণ সূর্য্যের অধোভাগে থাকেন ততক্ষণকেই অমাবস্যা কহা যায়, কিন্তু চন্দ্র সূর্য্যাপেক্ষা শীঘ্রগামী হয়েন সেই হেতু তাঁহার প্রথম উদয় পশ্চিমে সূর্য্যের পূর্ব্বদিকে দেখা যায়। এই প্রকারে সূর্য্যাপেক্ষা শীঘ্রগামী অন্যান্য গ্রহও সূর্য্য হইতে পূর্ব্বদিকে নির্গত হইয়া পশ্চিমদিকে উদিত হয়েন কিন্তু যে যে গ্রহ হইতে সূর্য্য শীঘ্রগামী হয়েন তাঁহারা সূর্য্যের পশ্চিমে পূর্ব্ব দিকে উদিত হয়েন।

অথ বিশেষ গ্রহদর্শন প্রস্তাব।

কদম্ব পুষ্পের ন্যায় গোলাকার এই পৃথিবীর পরিধি অর্থাৎ বেষ্টন ৩৬০ অংশে বিভক্ত হয় যে যে দেশের পূর্ব্বদিকে ৯০ অংশ অন্তরে যখন সূর্য্য আই-

সেন, সেই সেই দেশে তৎকালে সূর্য্যোদয় হয়, আর সেই সকল দেশের উপরে অথবা দক্ষিণে কিম্বা উত্তরে সূর্য্য আসিলে মধ্যাহ্ন হয়, এবং তত্তদ্দেশ হইতে ৯০ অংশ অন্তর পশ্চিমদিকে গমন করিলে সূর্য্য অস্ত হয়েন এইরূপে অন্যান্য গ্রহের ও নক্ষত্রগণেরো জানিবেন, একদা সর্ব্বদেশে সূর্য্যাদি কোন গ্রহই দৃশ্য হয়েন না॥

অথ গ্রহণের কারণ নিরূপণ।

সূর্য্যের যে পথ তাহার সহিত অন্যান্য গ্রহদিগের পথের যে স্থলে মিলন হয় সেই স্থলকে পাত কহেন গ্রহ সকল সেই স্থলে আগত হইলে তাঁহাদের অধিষ্ঠাত্রী দেবতা যদি ঐ গ্রহদিগকে উত্তরদিকে নিঃক্ষেপ করেন তবে ঐ পাতকে রাহুশব্দে কহেন আর দক্ষিণে নিক্ষেপ করিলে কেতুশব্দে কহেন চন্দ্র মণ্ডল বৃহৎ হয় তৎপ্রযুক্ত তিনি অল্প নিক্ষিপ্ত হয়েন আর মঙ্গলাদি পাঁচ গ্রহের দূরে নিক্ষেপ হয়, সূর্য্য এবং চন্দ্রপাতে অথবা পাতের অতি নিকটে থাকিলে গ্রহণ সম্ভাবনা হয় এই প্রকারে সকল গ্রহেরি গ্রহণ হয়, কিন্তু চন্দ্র সূর্য্য গ্রহণ কালের অতিশয় মাহাত্ম্য প্রযুক্ত লোকে তাহার অত্যন্ত প্রচার আছে, কিন্তু অন্যান্য গ্রহের গ্রহণ দৃষ্টিগোচর হয় না।

অথ গ্রহণ নিরূপণ।

যে রাশিতে সূর্য্য থাকেন, তাহার ছয় রাশি অন্তরে পৃথিবীর ছায়া আকাশগামী হয়, সেই ছায়াতে যদি চন্দ্রপাত অর্থাৎ সূর্য্যের পথের সহিত চন্দ্রের পথের মিলন হয়, আর চন্দ্র যদি সূর্য্যাপেক্ষা ১৮০ অংশ অন্তরে অর্থাৎ পূর্ণিমার অন্তভাগে থাকিয়া সেই স্থলগামী হয়েন, তবে পৃথিবীর ছায়ায় চন্দ্র আচ্ছাদিত হওয়াতে চন্দ্র গ্রহণ হয়, আর সূর্য্যের সমসূত্রপাত অধোভাগে যদি চন্দ্রপাত হয়, আর সূর্য্য যে রাশির যে অংশে থাকেন সেই রাশির সেই অংশে থাকিয়া অর্থাৎ অমাবস্যার শেষাংশে চন্দ্র যদি পাত স্থলগামী হয়েন তবে চন্দ্রদ্বারা সূর্য্য আচ্ছাদিত হওয়াতে সূর্য্য গ্রহণ হয়।

প্রমাণ। ছাদকো ভাস্করস্যেন্দুরধঃস্থো ঘনবদ্ভবেৎ।
ভূচ্ছায়াং প্রাঙ্মুখশ্চন্দ্রো বিশত্যর্থো ভবেদসৌ॥

অথ গ্রহগণের সম্ভাবনা।

ভত্রি পাদান্তরে রাহোঃ কেতোর্ব্বা সংস্থিতোরবিঃ।
চতুষ্পাদান্তরে চন্দ্র স্তদা সম্ভাব্যতে গ্রহঃ॥

অস্যার্থঃ। রাহু কিম্বা কেতু যে নক্ষত্রে ভোগ করে। যদি সূর্য্য থাকে তার ত্রিপাদ অন্তরে॥ চতুষ্পাদান্তরে শশী করে অবস্থান। গ্রহণ সম্ভবে তবে এইত প্রমাণ॥

দ্বিতীয়। যস্মিন্নৃক্ষে রবিস্তস্মাচ্চতুর্দশগতঃ শশী। পূর্ণিমা
প্রতিপৎসন্ধৌ রাহুণাগ্রস্যতে শশী। তস্মাত্তমারভ্য তৎপরতোবা।

অস্যার্থঃ। যে নক্ষত্রে অবস্থান করে দিনকর। তার চতুর্দ্দশ গত হৈতে

শশধর ॥ তবেত পূর্ণিমা প্রতিপদ সন্ধি স্থলে। রাহুগ্রস্ত হয় শশী জ্যোতি-যেতে বলে ॥ (এই কারণ অমায় আরম্ভ এবং পরেতেও হয়।)

কৃষ্ণপক্ষে তৃতীয়ায়াং মাসর্ক্ষং যদি জায়তে।
ততস্ত্রয়োদশে সূর্য্যে রাহুণাগ্রস্যতে রবিঃ ॥

অস্যার্থঃ। সূর্য্য গ্রহণের কথা বুঝহ প্রবীণে। কৃষ্ণপক্ষ তৃতীয়া হইবে যেই দিনে ॥ সে মাসের যে নক্ষত্র আছে নিরূপিত। সে নক্ষত্র সেই দিন হইলে মিলিত ॥ তস্য পর ত্রয়োদশ যে নক্ষত্র রয়। সূর্য্য ভোগ নক্ষত্র যদ্যপি সেই হয় ॥ তবে অমাবস্যা প্রতিপদ সন্ধিক্ষণে। রাহু গ্রস্ত হয় রবি এই অনুমানে ॥

অথ গ্রহণের ফলাফল।

রবি ভৌম নবাংশেচ নিরভ্রং গ্রাসমাদিশেৎ। বুধসৌরি নবাংশেচ মলিনং ক্ষুদ্রবর্ষণং ॥ গুরোরংশক মাসাদ্য দৃশ্যতে সবলাহকঃ। শনি শুক্র নবাংশেচ প্রাবৃট কালে মহজ্জলং। অন্যত্রাবক্ত ভূতৌ তৌদৃশ্যতে ছাদিতাম্বরৌ ॥

অস্যার্থঃ। রবি ভৌম নবাংশে গ্রহণ যদি হয়। মেঘ শূন্য দৃষ্ট হয় জ্যোতি-যেতে কয় ॥ বুধ সৌরি নবাংশেতে হইলে গ্রহণ। মলিন দর্শন হয় ক্ষুদ্র বরি-ষণ ॥ ত্রিদশ মন্ত্রির অংশে হইলে গ্রহণ। জ্যোতিষ প্রমাণে মেঘ সহ দরশন ॥ গ্রহণ হইলে শনি শুক্র নবাংশেতে। হইবে মহত জল প্রাবৃট কালেতে ॥ অন্যত্র অদৃশ্য রবি শশির গ্রহণ। আকাশেতে আচ্ছাদিত হয় দরশন ॥

অথ গ্রহণের দিক নির্ণয়।

যথা সূর্য্য সর্ব্বদা প্রবহ বায়ুর গতি ক্রমে পশ্চিম মুখে গমন করেন, সুতরাং পৃথিবীর আকাশগামী ছায়া সূর্য্যের ন্যায় গতিতে সূর্য্য হইতে ছয় রাশি অন্তরে পূর্ব্বদিকগামী হয়েন চন্দ্র আপন গতির অনুসারে পূর্ব্বমুখে সূর্য্যাপেক্ষা শীঘ্র গমন করাতে পশ্চিমদিক হইতে তাহার পূর্ব্বদিকে স্থিত পৃথবীর ছা-য়াতে প্রবিষ্ট হয়েন অতএব চন্দ্র গ্রহণের আরম্ভ পূর্ব্বদিকে আর মুক্তি পশ্চিম দিকে হ আর চন্দ্র আপন গতিক্রমে পাতস্থলে পূর্ব্বমুখে গমন করাতে পশ্চিম দিক হইতে তাহার সম্মুখস্থিত সূর্য্যের আচ্ছাদন করিতে আরম্ভ করেন তৎ-প্রযুক্ত সূর্য্যগ্রহণ পশ্চিমে আরম্ভ এবং পূর্ব্বদিকে মুক্তি হয়।

অথ দেশ ভেদে গ্রহণাদির কাল ভেদ।

ইহা প্রসিদ্ধ হয় যে যখন এই বঙ্গদেশে মধ্যাহ্ন কাল হয় তখন তাহার পূর্ব্বদিকে ৯০ অংশ অন্তরে সমকোটিতে অস্তকাল হয়, আর ৮৮ অংশ দূর পশ্চিম ইংলণ্ডদেশে প্রাতঃকাল মাত্র হয়, অতএব সর্ব্বদেশে এক কালীন সূর্য্যাদি দর্শন হইতে পারে না, এবং উদয় ও অস্তের কাল সর্ব্বদেশে এক হইতে পারে না, এই রীতিক্রমে নানা দেশে তিথি নক্ষত্র মান এবং গ্রহস্ফুট প্রভৃতির বিশেষ হয়, আর গ্রহণ প্রভৃতির কোথাও দর্শন কোথাও বা অদ-র্শন হয়।

অথ সূর্য্যকিরণ সংযোগে চন্দ্র প্রকাশ নির্ণয়।

চন্দ্রমণ্ডলের এক পার্শ্ব ই কেবল পৃথিবী হইতে দর্শন হয়, সেই পার্শ্ব অমাবস্যার শেষ চন্দ্র সূর্য্যের সমসূত্রপাতে স্থিতি কালীন সূর্য্যের বিপরীত দিকে থাকায় জ্যোতির্হীন হওয়াতে অপ্রকাশ থাকেন, পরে চন্দ্রের গোলাকার পথে ভ্রমণ বশতঃ ক্রমেং সূর্য্যের সম্মুখ হইয়া সূর্য্যকিরণে অংশাশঃ প্রকাশ পায়, পূর্ণিমাতে সূর্য্যের দিকে সেই পার্শ্ব সম্পূর্ণ থাকে, অতএব সমুদয় দেদীপ্যমান হয়, বাস্তবিক সূর্য্য হইতে যত অংশ অন্তরে চন্দ্র থাকেন চন্দ্র মণ্ডলের দৃশ্য পার্শ্বের তত অংশ দীপ্ত হয়, কিন্তু কৃষ্ণ চতুর্দ্দশী শেষাবধি শুক্ল প্রতিপদের শেষ পর্য্যন্ত চন্দ্রের আত্যন্তিক সূর্য্যসান্নিধ্য প্রযুক্ত সূর্য্য কিরণে জ্যোৎস্না আচ্ছন্ন হয়।

অথ কাল নিরূপণ।

কাল দুই প্রকার হয়, এক স্থূল, অপর সূক্ষ্ম, তাহার মধ্যে এক গুরুবর্ণ উচ্চারণে যে কাল লাগে তাহার নাম বিপল, দশ বিপলে এক প্রাণ হয়, এই প্রাণাদিকাল স্থূল, আর শত শত পদ্মপত্র একত্র করিয়া অতি সূক্ষ্মাগ্র সূচি দ্বারা একেবারে বিদ্ধ করিলে এক পত্র হইতে অপর পত্রে যাইতে ঐ সূচির যে কাল লাগে তাহার নাম ত্রুটি ঐ ত্রুটি প্রভৃতি যে কাল তাহাকে সূক্ষ্ম কহা যায়। নক্ষত্রগণ সূর্য্য এবং চন্দ্র ইংলণ্ডীয়মতে ভিন্ন ভিন্ন গ্রহ ইহারা সকলে স্বীয় স্বীয় গতিদ্বারা এই দুই প্রকার কালভেদে নিশ্চায়ক কহেন।

অথ নাক্ষত্র মান।

যাইট অনুপলে এক বিপল, যাইট বিপলে অথবা ছয় প্রাণে এক পল যাইট পলে এক দণ্ড, যাইট দণ্ডে এক নাক্ষত্র অহোরাত্রি, ত্রিশ নাক্ষত্র অহোরাত্রিতে এক নাক্ষত্র মাস, বারো নাক্ষত্র মাসে নাক্ষত্র বৎসর হয়। নাক্ষত্র ৩৬৬ অহোরাত্রি ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৩ অনুপলে এক সৌর বৎসর হয়, অতএব সাবন ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপলে এক নাক্ষত্র অহোরাত্রি অধিক হয়। তারাগণের উদয় দর্শনাধীন এই নাক্ষত্র কালের নিশ্চয় হয়, কোন বিশেষ নাক্ষত্রের উদয় স্থান হইতে পুনর্ব্বার উদয় স্থানে আসিতে তাহার যে কাল লাগে তাহা কোন প্রকারে কোন যন্ত্রদ্বারা স্থির করিলে সেই কালদ্বারা এক নাক্ষত্র অহোরাত্রির পরিমাণ বিদিত হইবেক এই নাক্ষত্র অহোরাত্রি মান প্রত্যহই সমান থাকে যেহেতু তারাগণের গতির প্রায় ব্যত্যয় নাই, নাক্ষত্র অহোরাত্রিতে দ্বাদশ লগ্ন হয় তাহার বিশেষ পরে লেখা যাইবেক।

অথ সৌরমান।

এক শত ত্রুটিতে এক তৎপর, ত্রিশ তৎপরে এক নিমেষ, অষ্টাদশ নিমিষে এক কাষ্ঠা, ত্রিশ কাষ্ঠায় এক কলা, যাইট কলায় এক অংশ ত্রিশ অংশে এক রাশি বার রাশিতে এক সৌর বৎসর হয়। এক সৌর বৎসরে সূর্য্য দ্বাদশ রাশি ভোগ করেন প্রত্যেক রাশিতে তিনি যতকাল থাকেন সেই কালে এক

এক সৌর মাস হয়, সূর্য্যের গতির শীঘ্রতা ও মন্দতা দ্বারা এই সৌর মাসের হ্রাস বৃদ্ধি হইতেছে, সৌর বৎসরে সাবন ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপল হয়। সূর্য্যের রাশিচক্রে যে সম্বৎসরিক গতি তদ্দ্বারা এই সৌর কালেতে নির্ণয় হয়।

অথ সাবন মান।

সূর্য্যের এক উদয়াবধি অপর উদয় পর্য্যন্ত যে দিন তাহাকে সাবন দিন কহা যায়, তাহার স্থূল পরিমাণ রবি যে লগ্নে উদয় হয়েন সেই লগ্ন মাসের ত্রিশ ভাগের এক ভাগ সহিত নাক্ষত্র ষাইট দণ্ড হয়, কিন্তু সূর্য্যের কখন মন্দ এবং কখন শীঘ্র গতিদ্বারা আর রাশি চক্রের বক্রিম হেতু এই সাবন দিনের হ্রাস বৃদ্ধি হয়, অতএব তাহার মানের প্রত্যহই বিভিন্নতা দৃষ্ট হইতেছে, সম্বৎসরিক সাবন দিন সকলকে সমান করিয়া বিভক্ত করিলে নাক্ষত্র মাসের কিঞ্চিৎ অধিক ষাইট দণ্ডে যে এক২ দিন হয় তাহাকে মধ্যম সাবন দিন কহে সৌর বৎসরে নাক্ষত্র দিনাপেক্ষায় সাবন একদিন ন্যূন হয়, এই পরিমাণে নাক্ষত্র ও এই মধ্যম সাবন কালের ন্যূনাতিরেক হয়। যে কোন দিনাবধি সাবন ত্রিশ দিন এক সাবন মাস হয়, সেই সাবন বারো মাসে এক সাবন বৎসর হয়, এই সাবন বৎসর সৌর বৎসরাপেক্ষায় ৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনু-পল ন্যূন হয়, এই সাবন দিন নাক্ষত্র অহোরাত্রির ন্যায় দণ্ড পল, বিপল অনুপলে বিভক্ত হয়।

অথ চান্দ্র মান।

আপন গতিক্রমে ভ্রমণ করিতেছেন যে সূর্য্য তাঁহার অধঃস্থল হইতে নিসৃত হইয়া চন্দ্র যতক্ষণে ঐ সূর্য্য হইতে ১২ অংশ অন্তরে গমন করেন ততক্ষণেই এক তিথি হয়, প্রথম ১২ অংশ গমনে শুক্ল প্রতিপদ, দ্বিতীয় ১২ অংশ গমনে দ্বিতীয়া, এইরূপে সূর্য্য হইতে রাশি চক্রের অর্দ্ধেক অর্থাৎ ১০ অংশ গমনে ১৫ তিথি হয় তাহাকে শুক্লপক্ষ কহেন, পরে ঐ রূপে ১২ অংশ গমন ক্রমে যে ১৫ তিথিতে চন্দ্র ক্রমশঃ সূর্য্যের নিকটগামী হইয়া সম সূত্রপাতন্যায়ে পুনর্ব্বার সূর্য্যের অধোবর্ত্তী অর্থাৎ নিকটগামী হয়েন সেই ১৫ তিথিকে কৃষ্ণপক্ষ কহেন সূর্য্যাপেক্ষায় চন্দ্র যত ১৭ অংশ দূর গমন করেন চন্দ্রের তত কলা দৃষ্ট হয় আর যত ১৩ অংশ নিকটগামী হয়েন তত কলা অদৃশ্য হয়, সূর্য্যের উভয় পার্শ্বে ১২ অংশের মধ্যে চন্দ্রের অবস্থিতি হইলে তাহার অদর্শন হয় অতএব কৃষ্ণ চতুর্দ্দশীর শেষাবধি শুক্ল প্রতিপদের শেষ পর্য্যন্ত চন্দ্র দর্শন হয় না চন্দ্র আপন গতিক্রমে সূর্য্য হইতে ১২ অংশ দূর যাইবার মধ্যে সূর্য্য আপন গতিক্রমে প্রায় ১ অংশ চন্দ্রের নিকট হয়েন ঐ ১ অংশ গমনে চন্দ্রের যে কাল লাগে তাহার সহিত চন্দ্রের ১২ অংশ গমনের কালকে ঐক্য করিলে প্রায় ৫৯ দণ্ড হয় ইহাতে চন্দ্রের গতি প্রায় ১৩ অংশ ১০।০ কলা হইবেক কিন্তু চন্দ্র ও সূর্য্যের কদাচিৎ মন্দগতি ও কদাচিৎ শীঘ্র গতি প্রযুক্ত তিথি মানের হ্রাস বৃদ্ধি হইতেছে। এক তিথিতে একচন্দ্র দিন ৩০

তিথিতে এক চান্দ্র মাস ১২ চান্দ্র মাসে এক চান্দ্র বৎসর হয়। চান্দ্র মাস তিন প্রকার হয়, শুক্ল প্রতিপদ অবধি অমাবস্যা পর্য্যন্ত যে ত্রিশ তিথি তাহাকে মুখ্য চান্দ্র আর কৃষ্ণ প্রতিপদ অবধি পূর্ণিমা পর্য্যন্ত যে ত্রিশ তিথি তাহাকে গৌণ চান্দ্র আর শুক্লপক্ষীয় বা কৃষ্ণপক্ষীয় যে কোন তিথি হইতে আরম্ভ করিয়া তাহার পূর্ব্বের তিথি পর্য্যন্ত যে ত্রিশতিথি তাহাকে চান্দ্র সাবন মাস কহা যায়।

অথ নাক্ষত্রাদি কালের ব্যবস্থা।

নাক্ষত্র দিনের গণন ক্রমে পরমায়ুর গণনা হয়, সাবন গণনাক্রমে সুদ এবং বেতন, অশৌচ, প্রায়শ্চিত্ত, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, নামকরণ নিষ্ক্রামণ, অন্নপ্রাশন, চূড়াকরণাদিস্থলে দিন ও মাসাদি গণনা কর্ত্তব্য হয়, আর সৌর গণনা ক্রমে যাত্রার ও বিবাহের চৈত্রাদি মাস গণনা হইতেছে এবং যে কর্ম্মে রাশির উল্লেখ থাকে তাহাও সৌর গণনাক্রমে কর্ত্তব্য হয়, স্মৃতিতে উক্ত শ্রাদ্ধাদি নানা কর্ম্মের মধ্যে যে কোন২ কর্ম্ম মুখ্য চান্দ্রে ও দুর্গোৎসবাদি কোন কোন কর্ম্ম গৌণ চান্দ্রে হয় আর প্রেত শ্রাদ্ধে মাস ও বৎসর গণনা চান্দ্র সাবনেই হয়॥

অথ যুগাদি নিরূপণ।

সৌর মাসের দুই মাসে এক ঋতু, তিন ঋতুতে এক অয়ন, দুই অয়নে এক বৎসর হয়, মনুষ্যদিগের এই বৎসরে দেবতা ও অসুর দিগের এক দিন এক রাত্রি হয়, তাহার মধ্যে দেবতাদিগের উত্তরায়ণ দিন দক্ষিণায়ন রাত্রি অসুরদিগের দক্ষিণায়ন দিন উত্তরায়ণ রাত্রি। ৪৩২০০০০ সৌর বৎসরে কলি যুগ তাহার দ্বিগুণে, অর্থাৎ ৮৬৪০০০ বৎসরে দ্বাপর যুগ, ত্রিগুণে অর্থাৎ ১২৯৬০০০ বৎসরে ত্রেতা যুগ, চতুর্গুণে অর্থাৎ ১৭২৮০০০ বৎসরে সত্যযুগ হয়, ফলতঃ এই চারি যুগকে এক মহাযুগ কহা যায়, ইহাতে দেবতাদিগের ১২ হাজার বৎসর হয়, এইরূপ ৭১ মহাযুগে, এক মন্বন্তর হয়, তাহার শেষ সত্য যুগের পরিমাণে ১৭২৮০০০ সাবন বৎসর সন্ধিকাল হয়, এই রূপ সন্ধিকাল সহিত চৌদ্দমন্বন্তরে ব্রহ্মার এক দিবস, অর্থাৎ এক কল্প হয়, তাহার আদিতে ও ঐ সত্য যুগের পরিমাণে সন্ধিকাল হয় অতএব কল্পেরমান ১০০০ মহা যুগ হয়।

অথ নক্ষত্রদ্বারা রাশি নির্ণয়।

অশ্বিন্যাসহ ভরণী কৃত্তিকাপাদঃ কীর্ত্তিতোমেষঃ। বৃষভঃ কৃত্তিকাশেষ রোহিণ্যর্দ্ধঞ্চ মৃগশিরশঃ॥ মৃগশিরসোর্দ্ধং আর্দ্রা পুনর্ব্বসোস্ত্রিপাদং মিথুনঃ পাদঃ পুনর্ব্বসোরন্তঃ পুষ্যাশ্লেষাচকর্কটঃ॥ সিংহোথ মঘা পূর্ব্বফল্গুনী পাদ উত্তরায়াঃ। তচ্ছেষো হস্ত চিত্রার্দ্ধং কন্যাকাখ্যাঃ। তৌলিনী চিত্রার্দ্ধং স্বাতী বিশাখায়শ্চ পাদ ত্রয়ং। অলিনি বিশাখাপাদস্তথানুরাধাম্বিতা জ্যেষ্ঠাঃ মূলং পূর্ব্বাষাঢ়া প্রথমশ্চাপুত্তরাংশকোধন্বী। মকরস্তৎপরিশেষং শ্রবণা-

চার্দ্ধং। ধনিষ্ঠায়াঃ কুম্ভোহথ ধনিষ্ঠার্দ্ধং শতভিষা পূর্ব্বভাদ্রপদাত্রয়ং। ভাদ্রা পদায়াঃ শেষস্তথোত্তরা রেবতী মীনঃ।

ইহা পূর্ব্বে কথিত হইয়াছে যে রাশিচক্রেতে সাতাইশ নক্ষত্রকে বারোভাগ করিলে তাহার নয় পাদ নক্ষত্রে এক এক ভাগ হয়, সেই সকল ভাগকে এক এক রাশি কহা যায় এক্ষণে যে নয় পাদে যে এক রাশি হয় তাহার পরিচয় লেখা যাইতেছে। যথা অশ্বিনী ভরণী কৃত্তিকার প্রথম এক পাদ পর্য্যন্ত মেষ কৃত্তিকার শেষ ত্রিপাদ, রোহিণী মৃগশিরার প্রথমার্দ্ধ পর্য্যন্ত বৃষ, মৃগশিরার শেষার্দ্ধ, আর্দ্রা পুনর্ব্বসুর প্রথম তিন পদে মিথুন, পুনর্ব্বসুর শেষ এক পাদ পুষ্যা অশ্লেষা, কর্কট, মঘা পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনীর প্রথম এক পাদে সিংহ উত্তরফল্গুনীর শেষ তিন পাদ, হস্তা চিত্রার প্রথমার্দ্ধ কন্যা, চিত্রার শেষার্দ্ধ স্বাতী বিশাখার প্রথম তিন পাদে তুলা, বিশাখার শেষ এক পাদ অনুরাধা জ্যেষ্ঠা বৃশ্চিক, মূলা পূর্ব্বাষাঢ়ার উত্তরাষাঢ়া, প্রথম এক পাদে ধনু, উত্তরাষাঢ়ার শেষ তিনপাদ, শ্রবণা ধনিষ্ঠার প্রথমার্দ্ধ মকর, ধনিষ্ঠার শেষার্দ্ধ শতভিষা পূর্ব্বভাদ্রপদের প্রথম তিন পাদে কুম্ভ, পূর্ব্বভাদ্রপদের শেষ এক পাদ, এবং উত্তরভাদ্রপদ রেবতীতে মীন রাশি হয়।

অথ বারমাস।

এই মেষাদি রাশির মধ্যে এক রাশিতে সূর্য্য যত দিন থাকেন তত দিন এক সৌর মাস হয়, মেষে থাকিলে বৈশাখ, এবং বৃষে থাকিলে জ্যৈষ্ঠ, মিথুনে থাকিলে আষাঢ়, কর্কটে থাকিলে শ্রাবণ, সিংহে থাকিলে ভাদ্র, কন্যায় থাকিলে আশ্বিন, তুলায় থাকিলে কার্ত্তিক, বৃশ্চিকে থাকিলে অগ্রহায়ণ, ধনুতে থাকিলে পৌষ, মকরে থাকিলে মাঘ, কুম্ভে থাকিলে ফাল্গুন, মীনে থাকিলে চৈত্র মাস হয়।

অথ লগ্ন নিরূপণ।

নাক্ষত্র অহোরাত্রের মধ্যে ১২ রাশির ক্রমে উদয়, রাশির প্রথম অংশ উদয় স্থানে উপস্থিত হওনাবধি তাহার শেষ অংশ উদয় হওন পর্য্যন্ত যতক্ষণ হয় সেই কালকে ঐ রাশির লগ্ন কহা যায়। প্রতি রাশির লগ্নমান ভিন্ন হয় তাহার কারণ এই যে, রাশিচক্রের বক্রতা জন্য রাশিদিগের উদয় হইতে স্ব স্ব অবস্থানের বক্রিমানুসারে ভিন্ন২ কাল লাগে। (যাহাকে ইংলণ্ডীয় মতে লেটিটিউড ও লাঙ্গিটিউড কহেন) এই কারণে ও দেশভেদে দর্শনের বক্রতা অবক্রতা প্রযুক্ত লগ্ন মানের প্রভেদ হইতেছে, কিন্তু বার লগ্ন এক নাক্ষত্র দিনের মধ্যে হয় অতএব কোন লগ্নের বৃদ্ধি হইলে অন্য লগ্নের হ্রাস হয়।

বৈশাখ মাসের প্রথমে মেষ পরে বৃষ তৎপরে মিথুন ইত্যাদি ক্রমে, জ্যৈষ্ঠ মাসের প্রথমে বৃষ পরে মিথুন তৎপরে কর্কট ইত্যাদি ক্রমে, এবং আষাঢ় মাসের প্রথমে মিথুন, শ্রাবণের প্রথমে কর্কট, ভাদ্রের প্রথমে সিংহ, আশ্বিনের প্রথমে কন্যা, কার্ত্তিকের প্রথমে তুলা, অগ্রহায়ণের প্রথমে বৃশ্চিক, পৌষের প্রথমে ধনু, মাঘের প্রথমে মকর, ফাল্গুনের প্রথমে কুম্ভ, চৈত্রের প্রথমে মীন এই ক্রমে দ্বাদশ মাসের প্রতিদিন দ্বাদশ লগ্ন হয়। রবি যে লগ্নে উদয় হন

তাহার সপ্তমলগ্নে তিনি অস্ত হয়েন, যে মাসে যতদিন হইবেক সেই মাসীয় উদয়লগ্নকে তত ভাগ করিলে তাহার এক এক ভাগ প্রত্যেক রাত্রি প্রবিষ্ট হইবেক, ঐ ভাগকে রবিভুক্ত কহেন, আর তার অস্তলগ্নেরও সেইরূপ ভাগ দিবা প্রবিষ্ট হয়, অতএব মাসের যত দিনে যত দণ্ডে লগ্ন নির্ণয় কর্ত্তব্য হইবেক সেই লগ্ন দিবাতে হইলে উদয় লগ্নের রাত্রি প্রবিষ্ট ভাগ ত্যাগ করিয়া অবশিষ্ট ভাগ গ্রহণ করিয়া উদয় লগ্নের পর লগ্নে যোগ করিলে অভীষ্ট সময়ের লগ্ন নির্ণয় হইবেক, আর রাত্রিতে লগ্ন নিশ্চয় করিতে হইলে অস্ত লগ্নের দিবা প্রবিষ্ট ভাগ ত্যাগ করিয়া তাহার পর পরলগ্নের যোগ করিলে সেই সময়ের লগ্ন হইবে, যেমন আষাঢ় মাসের ২৪ দিনে দিবা ২৪ দণ্ড ৪০ পলের সময়ে কর্ম্ম কর্ত্তব্য হইলে ও আষাঢ়ের মান ৩২ দিন হইলে উদয় লগ্ন মিথুন তাহার মান ৫ দণ্ড ২৮ পল ২০ বিপল হয়, ইহাতে প্রত্যহ রাত্রি প্রবিষ্ট ভাগ ১০ পল ২৫ বিপল হয় ২৪ দিনের রাত্রি প্রবিষ্ট ভাগ দণ্ড ৪।২৬।২০ বিপল হইল তাহার অবশিষ্ট দণ্ড ১।১২ পল রহিল তাহার সহিত অপর লগ্ন কর্কট, সিংহ, কন্যা, তুলা যোগ করিলে ২৩ দণ্ড ৩১ পল ৩ বিপল হইবেক পরে কর্ম্মকালে তবেই বৃশ্চিক লগ্ন হইবেক রাত্রিতে অস্ত লগ্ন হইতে এইরূপ গণনা করিলে রাত্রি লগ্ন নিশ্চয় হইবেক। এই প্রকারে নানাদেশীয় লগ্নমান লইয়া নানা দেশে লগ্ন নিশ্চয় কর্ত্তব্য হয়।

অথায়নাংশ শোধিত লগ্নমান।

পঞ্চাঙ্গুল প্রায় অষ্ট ব্যঙ্গুল ছায়া প্রযুক্ত কলিকাতায় এবং মেদিনীপুরে ও তাহার সমান রেখায় পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪।৭।৭	সিংহ	৫।৩২।৫১	ধনু	৫।১৭।৩৯
বৃষ	৪।৪৯।৫০	কন্যা	৫।২৯।২০	মকর	৪।৩২।৫৮
মিথুন	৫।২৮।২০	তুলা	৫।৩৫।২৬	কুম্ভ	৫।৬৭।২৬
কর্কট	৫।৪১।২৬	বৃশ্চিক	৫।৪০।৫৭	মীন	৩।৪৬।৪০

পঞ্চাঙ্গুল প্রায় দশ ব্যঙ্গুল ছায়া হেতু নবদ্বীপ বর্দ্ধমান ও ঢাকা এবং তৎ সমসূত্র পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪।৬।৫০	সিংহ	৫।৩৩।১২	ধনু	৫।১৭।১২
বৃষ	৪।৪৯।৪৬	কন্যা	৫।২৯।৪০	মকর	৪ ৩২।৪১
মিথুন	৫।২৮।৪৯	তুলা	৫।৩৬।২৪	কুম্ভ	৩।৫৭।৬
কর্কট	৫।৪০।৩৫	বৃশ্চিক	৫।৪১।৩৫	মীন	৩ ৪৬।২০

পঞ্চাঙ্গুল প্রায় দ্বাদশ ব্যঙ্গুল ছায়া হেতু মুর্সিদাবাদে ও তৎসমান রেখায় পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪।৬।৩১	সিংহ	৫।৩৩।৩৩	ধনু	৫।১৭।২৪
বৃষ	৪।৩৯।৩৩	কন্যা	৫।৩০।০	মকর	৪।৩৩।৪০
মিথুন	৫।২৮।৪৬	তুলা	৫।৩৭।১৫	কুম্ভ	৩।৫৫।৪৯
কর্কট	৫।৪০।৪৮	বৃশ্চিক	৫।৪০।৪১	মীন	৩।৪৬।৯

পঞ্চাঙ্গুল প্রায় দ্বিব্যঙ্গুল ছায়া প্রযুক্ত চট্ট গ্রামে ও তৎ সমান রেখায় পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪।৮।৪	সিংহ	৫।৩২।৫	ধনু	৫।১৭।৩২
বৃষ	৪।৪৯।৩৪	কন্যা	৫।২৮।২০	মকর	৪।৩৫।১৬
মিথুন	৫।২৮।২২	তুলা	৫।৩৫।২৯	কুম্ভ	৩।৫৫।১৮
কর্কট	৫।৩৯।৫৫	বৃশ্চিক	৫।৩৯।২৫	মীন	৩।৩৯।৪০

পঞ্চাঙ্গুল প্রায় পঞ্চাশৎ ব্যঙ্গুল ছায়া প্রযুক্ত রংপুরে এবং তৎ সমান পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪।৮।৪	সিংহ	৫।৩২।৫	ধনু	৫।২৫।২
বৃষ	৪।৪৯।৩৪	কন্যা	৫।২৮।২০	মকর	৪।৩১।২৬
মিথুন	৫।২৮।২২	তুলা	৫।৩৫।২৯	কুম্ভ	৩।৫৬
কর্কট	৫।৩৯।৫৫	বৃশ্চিক	৫।৩৯।২৫	মীন	৩।৩৯।৪০

ষড়ঙ্গুল প্রায় দ্বিব্য অঙ্গুল ছায়া প্রযুক্ত কোঁচবেহারে ও তৎসমসূত্র বর্ত্তি পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪।৫৫।৪১	সিংহ	৪।৪১।৫৭	ধনু	৫।২৯।২৮
বৃষ	৪।৪৫।১১	কন্যা	৫।৩৮।২০	মকর	৪।৩৫।২৬
মিথুন	৫।২৯।২১	তুলা	৫।৩৯।১৬	কুম্ভ	৩।৫৯।৪০
কর্কট	৫।৪৫।৩০	বৃশ্চিক	৫।৫৮।৩৯	মীন	৩।৩।৪০

অথ বেলা নির্ণয়।

পাদচ্ছায়াং দ্বিগুণীকৃত্য চতুর্দ্দশ সমন্বিতং। পক্ষ গ্রহ করাৎ ভাগাৎ লব্ধ দণ্ড পল স্থিতিঃ ॥

অস্যার্থঃ। পদেতে মাপিলে ছায়া যত পা হইবে। দ্বিগুণ করিয়ে তাহে চৌদ্দ মিশাইবে॥ পক্ষ গ্রহ কর এই ধ্রুবাঙ্কে হরিবে। লব্ধ দণ্ড স্থিত পল তাহাতে পাইবে ॥

অস্যভাষা। কোন দিবসের কোন সময়ে পাদ ছায়া মাপিয়া যদি ১৫ পাওয়া যায় তবে তাহাকে দ্বিগুণ করিলে ৩০ হইল তাহাতে ১৪ চতুর্দ্দশ মিশাইলে ৪৪ হইল ঐ হারকাঙ্ক দ্বারা পক্ষ গ্রহ কর অর্থাৎ (২৯২) কে হরণ করিলে লব্ধাঙ্ক ৬ হইল এবং অবশিষ্টাঙ্ক ২৮ রহিল অতএব ৬ দণ্ড ২৮ পল বেলা হইল।

অথ কাল রাত্রি ও কুলিক রাত্রি।

রবৌরসাব্ধী সিতগৌহয়াব্ধী দ্বয়ং মহীজে বিধুজে সরাশ্বৌ। গুরৌ শরাষ্টৌ ভৃগুজে তৃতীয়ং শনৌরসাদ্যান্তমিতি ক্ষপায়াং ॥

অস্যার্থঃ। রাত্রিমান অষ্ট ভাগে যামার্দ্ধ হইবে। রবিবারে বেদষষ্ঠ অবশ্য ত্যজিবে॥ সোমবারে ত্যাজ্য হয় চতুর্থ সপ্তম। মঙ্গলে দ্বিতীয় বুধে সপ্তম পঞ্চম॥ গুরুবারে পঞ্চ আর অষ্টভাগ ত্যাজ্য। শুক্রের তৃতীয় ভাগ কভু নহে গ্রাহ্য॥ শনিবারে ত্যাজ্য ষষ্ঠ আর আদ্য অন্ত। রাত্রিতে কুলিক কাল এই সে সিদ্ধান্ত॥

অথ নন্দাদি কথন।

প্রতিপদেকাদশী ষষ্ঠী নন্দা জ্ঞেয়া মনীষিভিঃ। দ্বিতীয়া দ্বাদশী চৈব ভদ্রা প্রোক্তাচ সপ্তমী॥ ত্রয়োদশ্যাষ্টমী চৈব তৃতীয়াচ তথা জয়া। চতুর্থী নবমী চৈব রিক্তা চতুর্দ্দশী তথা। পঞ্চমী দশমী চৈব অমাবস্যাচ পূর্ণিমা। পূর্ণাচ তিথয়ঃ প্রোক্তাঃ সর্ব্বদাচ মনীষিভিঃ॥

অস্যার্থঃ। নন্দা জানি প্রতিপদ ষষ্ঠী একাদশী। দ্বিতীয়া সপ্তমী ভদ্রা আর যে দ্বাদশী॥ জয়া হয় অষ্টমী তৃতীয়া ত্রয়োদশী। রিক্তাবলী চতুর্থী নবমী চতুর্দ্দশী॥ অমাবস্যা পঞ্চমী দশমী পৌর্ণমাসী। পূর্ণাতিথি বলিয়া কহেন সর্ব্বঋষি।

অথ বার তিথি যোগে অমৃতযোগ।

চন্দ্রার্কয়োর্ভবেৎ পূর্ণা কুজে ভদ্রা গুরৌজয়া। বুধ মন্দৌ চ নন্দায়াং শুক্রে রিক্তামৃতা তিথি॥

অস্যার্থঃ। বুধ নন্দা শনিবারে কুজে ভদ্রা হয়। বৃহস্পতিবারে জয়া শুক্রে রিক্তা পায়॥ রবি সোমবারে যদি হয় পূর্ণা তিথি কহেন অমৃতযোগ শুভদায়ী অতি॥

অথ নক্ষত্রামৃত যোগ।

আদিত্যঃ হস্তা গুরু পুষ্যযুক্তা বুধানুরাধা শনি রোহিণীচ। সোমেচ বিষ্ণুঃ কুজ রেবতীচ শুক্রাশ্বিনীচামৃতযোগ বর্গাঃ। যদি বিষ্টি ব্যতীপাতৌ দিনং বাপ্য শুভং ভবেৎ। হন্যাংতেঽমৃতযোগেন ভাস্করেণ তমোযথা॥

অস্যার্থঃ। রবিবারে হস্তা কিম্বা গুরু পুষ্যা যুক্ত। বুধে অনুরাধা শনি রোহিণীতে ভুক্ত॥ সোমেতে শ্রবণা কুজে রেবতী পাইলে। শুক্রেতে অশ্বিনী যদি কদাচিৎ মিলে॥ এ নক্ষত্রামৃতযোগ জ্যোতিষেতে কয়। বিষ্টি ব্যতিপাত আদি নাশে সমুদয়॥ প্রভাকরোদয়ে যথা তম করে দূর। তেমতি অমৃতযোগ মঙ্গল প্রচুর॥

অথ সিদ্ধি যোগ।

শুক্রে নন্দা বুধে ভদ্রা শনৌ রিক্তা কুজে জয়া। গুরৌ পূর্ণাচ সংযুক্তা সিদ্ধি যোগঃ প্রকীর্ত্তিতঃ॥

অস্যার্থঃ। শুক্রবারে নন্দা আর বুধে ভদ্রা হয়। শনিবারে রিক্তা তিথি কুজে জয়া কয়॥ পূর্ণা তিথি যদি হয় বৃহস্পতিবারে। তাহে সিদ্ধি হয় সিদ্ধি যোগ বলি তারে॥

অথ পাপ যোগ।

আদিত্য ভৌময়োর্নন্দা ভদ্রা শুক্র শশাঙ্কয়োঃ। বুধে জয়া গুরৌ রিক্তা শনৌ পূর্ণাচ পাপদা॥

অস্যার্থঃ। নন্দা হলে রবি কুজে ভদ্রা ভৃগু সোমে। বুধে জয়া গুরু রিক্তা যদি পায় ক্রমে॥ পূর্ণা তিথি যদিস্যাৎ পায় শনৈশ্চরে। পাপ যোগ যাত্রা আদি নিবারণ করে॥

অথ বিষ যোগ।

অমৃতং সিদ্ধিযোগশ্চ যদ্যেকস্মিন দিনে ভবেৎ। তদ্দিনস্তু ভবেদ্দষ্টং মধু সর্পি র্যথা বিষং॥

অস্যার্থঃ। যেই দিন হইবে নক্ষত্রামৃতযোগ। সিদ্ধিযোগ সেই দিন যদি করে ভোগ। বিষ তুল্য বলি তাহে বিষেধ সকল। ঘৃত মধু সংযোগ যেমত হলাহল॥

অথ মৃত্যুযোগ।

ত্যজ রবিমনুরাধে বৈশ্বদেবঞ্চ সোমে। শতভিষমপি ভৌমে চন্দ্রজেচাশ্বিনীচ॥ মৃগশিরমপি জীবে সর্পদেবঞ্চ শুক্রে। রবিসুতমপি হস্তে মৃত্যু যোগস্য সংজ্ঞা॥

অস্যার্থঃ। রবি অনুরাধা সোমে উত্তরাষাঢ়া গণি। কুজবারে শতভিষা বুধেতে অশ্বিনী॥ গুরুবারে মৃগশিরা গণিবে নিশ্চয়। ভৃগুবারে অশ্লেষা শনিতে হস্তা হয়॥ এই সব নক্ষত্র পণ্ডিতগণে কয়। এই যোগবারে যাত্রা কৈলে মৃত্যু হয়॥

অথ তিথি নক্ষত্র যোগে মৃত্যু যোগ।

প্রতিপদ্যুত্তরাষাঢ়া নবম্যাং কৃত্তিকা যদি। পূর্ব্বভাদ্রপদাষ্টম্যামেকাদশ্যাঞ্চ রোহিণী॥ দ্বাদশ্যাঞ্চ বদাশ্লেষা ত্রয়োদশ্যাং মঘা ভবেৎ। এভির্যাতাঃ প্রণশ্যন্তি যদিশক্রসমানরাঃ॥

অস্যার্থঃ। প্রতিপদ তিথিতে উত্তরাষাঢ়া যোগ। নবমী দিবসে যদি কৃত্তিকার ভোগ॥ অষ্টমী দিবসে হয় পূর্ব্বভাদ্রপদ। রোহিণীতে একাদশী ঘটিবে আপদ॥ দ্বাদশী দিবসে পায় অশ্লেষা নক্ষত্র। ত্রয়োদশী দিনেমঘা নিষেধ সর্ব্বত্র নাক্ষত্রিক মৃত্যুযোগ ইহাকে কহয়। শক্র তুল্য হইলে ও জীবন সংশয়॥

অথ বার তিথি যোগে দিন দগ্ধা।

দ্বাদশ্যৈকাদশী চৈব দশমীচ ত্রিষষ্ঠীকা। দ্বিতীয়া সপ্তমীচৈব দগ্ধাঃ সূর্য্য দিবারতঃ॥

অস্যার্থঃ। রবিতে দ্বাদশী সোমে একাদশী হইলে। যদি কুজে দশমী তৃতীয়া বুধে মিলে॥ বৃহস্পতিবারে ষষ্ঠী দ্বিতীয়া শুক্রেতে। শনিতে সপ্তমী হৈলে দিন দগ্ধা তাতে॥

অথ মাসদগ্ধা।

দ্বিতীয়া মীন ধনুষো শ্চতুর্থী বৃষকুম্ভয়োঃ। মেষ কর্কটয়োঃ ষষ্ঠী কন্যামিথুনকে চাষ্টমী॥ দশমী বৃশ্চিকে সিংহে দ্বাদশী মকরে তুলে। শুক্লাতুবিষমে প্রোক্তা সমে কৃষ্ণা প্রকীর্ত্তিতা॥ বিবাহে বিধবা নারী বাণিজ্যে মূলনাশনং। কৃষি শস্য বিনাশায় সংগ্রামে দারুণং ভয়ং॥ যাত্রায়াং বহুবিঘ্নানি নিস্ফলং কারণং ধ্রুবং

অস্যার্থঃ। মাস দগ্ধা কহি শুন ভাষায় নির্ণয়। চৈত্র পৌষ মাসের দ্বিতীয়া দগ্ধা হয়॥ চতুর্থী জানহ দগ্ধা ফাল্গুন জ্যৈষ্ঠের। ষষ্ঠী দগ্ধা কথিত বৈশাখ শ্রাবণের॥ দগ্ধা কহে ভাদ্র অগ্রহায়ণের দশমী। আশ্বিনের আষাঢ়ের জানহ অষ্টমী॥ মাঘ আর কার্ত্তিকের দগ্ধা সে দ্বাদশী। ইহাতে করিলে কর্ম্ম বিঘ্ন রাশি রাশি॥ দগ্ধাতে বিবাহ দিলে বিধবা নিশ্চয়। বাণিজ্যে করিলে যাত্রা মূল ধন ক্ষয়॥ কৃষি কর্ম্ম করিলেও শস্য নাশ হয়। সংগ্রামে

করিলে যাত্রা জীবন সংশয় ॥ বিষম সমেতে হরি করি উপলক্ষ। বিষমেতে হবে শুক্ল সমে কৃষ্ণপক্ষ ॥

অথ মহাদগ্ধা।

দ্বাদশ্যাংচ মঘাদিত্যে কীর্ত্তিকৈকাদশীবিধৌ। দশম্যঙ্গারকেচার্দ্রা বুধে মূলা তৃতীয়িকা ॥ গুরৌ ষষ্ঠী ভরণ্যাঞ্চ শুক্রেশ্বিন্যাং দ্বিতীয়িকা। অশ্লেষা সপ্তমী মন্দে মহাদগ্ধা প্রকীর্ত্তিতা ॥

অস্যার্থঃ। রবিবারে দ্বাদশীতে মঘা হৈলে যোগ। সোমবারে একাদশী কৃত্তিকার ভোগ ॥ মঙ্গলে দশমী আর্দ্রা হইলে মিলন। বুধবারে তৃতীয়াতে মূলার ঘটন ॥ বৃহস্পতিবারে ষষ্ঠী ভরণী মিলয়। শুক্রবারে দ্বিতীয়া অশ্বিনী যদি হয় ॥ শনিবারে সপ্তমী অশ্লেষা যদি মিলে। মহাদগ্ধা বলি ইহা জ্যোতি-ষেতে বলে ॥

অথ বিষ্টি ভদ্রা কথনং।

তৃতীয়া দশমী শেষে তৎপঞ্চম্যোস্তু পূর্ব্বতঃ। কৃষ্ণে বিষ্টিঃ সিতেতদ্বৎ তাসাং পরিতিথিস্বপি ॥ বিহায় বিষয়ৌদ্রাণি বিষ্টিং সর্ব্বত্র বর্জ্জয়েৎ। বিষ্টি শেষেত্রিদণ্ডেহি পুচ্ছে কার্য্য ধ্রুবং জয়ঃ ॥

অস্যার্থঃ। কৃষ্ণপক্ষে তৃতীয়া দশমী শেষ অর্দ্ধ। বিষ্টিভদ্রা নাম তার অত্যন্ত বিরুদ্ধ ॥ কৃষ্ণপক্ষে সপ্তমী বা চতুর্দ্দশী তিথি। এ দুয়ের পূর্ব্ব অর্দ্ধ জান সেই রীতি ॥ শুক্ল একাদশী আর চতুর্থী তেমন। শেষ অর্দ্ধ ভদ্রা বলি আছে নিরূপণ ॥ শুক্লপক্ষে অষ্টমী পূর্ণিমা এই তিথি। এ দুয়ের পূর্ব্ব অর্দ্ধ জানহ তেমতি ॥ ভদ্রার বিষয়ে এই আছে উপদেশ। কিন্তু তার মধ্যে ভাল তিন দণ্ড শেষ ॥

অথ দিগধিপতি নির্ণয়।

সূর্য্যঃ শুক্র ক্ষমাপুত্রঃ সৈংহিকেয়ঃ শনিঃ শশী। সৌম্যস্ত্রী দশমস্ত্রীচ প্রাচ্যাদি দিগধীশ্বরাঃ ॥ দিগীশাহে শুভা যাত্রা পৃষ্ঠাহে মরণং ধ্রুবং ॥

অস্যার্থঃ। রবি শুক্র কুজ রাহু শনি শশধর। বুধ গুরু পূর্ব্ব আদি দিকের ঈশ্বর ॥ অস্য নিষ্কর্ষার্থঃ। পূর্ব্বদিকের অধিপতি হন ছায়াপতি। অগ্নিকোণা ধিপ হন শুক্র মহামতি ॥ ক্ষমাপুত্র হন দক্ষিণের অধিপতি। নৈঋতের অধি-পতি সিংহিকা সন্ততি ॥ রবির নন্দন হন পশ্চিমের পতি। বায়ুকোণাধিপমাত্র জানি উড়ুপতি ॥ উত্তরাধিপতি হন শশির সন্ততি। ঈশানের অধিপতি হন বৃহস্পতি ॥ যাত্রা মুখে সুপ্রসন্ন হয় দিকপতি। পৃষ্ঠেতে করিলে যাত্রা কৃ-তান্ত বসতি ॥ দিকশূল ইহাকে জানিবে বুদ্ধিমতি। বুঝিয়া করিবে যাত্রা না হবে দুর্গতি ॥

অথ দিকশূল।

শুক্রাদিত্য দিনেন বারুণ দিশংন জ্ঞে কুজে চোত্তরাং মন্দেন্দ্বোশ্চ দিনে ন শক্রককুভং যাম্যাং গুরৌ ন ব্রজেৎ। শূলানীতি বিলঙ্ঘ্য যান্তি মনুজা যে বিত্তসৌখ্যাশয়া স্তেভ্রষ্টাঃ পুনরাপতন্তি যদিবা শক্রেণ তুল্যাঅপি ॥

অস্যার্থঃ। রবি শুক্র পশ্চিম দিকেতে প্রতিকুল। উত্তরে মঙ্গল বুধে হয় দিকশূল॥ পূর্ব্বদিকে শনি সোমে যাত্রা না করিবে। বৃহস্পতিবারে মাত্র দক্ষিণে বাধিবে॥ মতান্তরে বুধবারে দক্ষিণে নিষিদ্ধ। ইহার প্রমাণ বচনান্তরে প্রসিদ্ধ॥ বিত্ত সুখাশয়ে শূল লঙ্ঘি যেবা যায়। ইন্দ্র তুল্য হইলে সে ভ্রষ্টতাকে পায়॥

অথ ত্র্যহস্পর্শ।


ত্র্যহস্পর্শনাম যদেতদুক্তং যত্র প্রযত্নঃ কৃতিভির্ব্বিধেয়াঃ। বিবাহ যাত্রা শুভ পুষ্টি কর্ম্ম সর্ব্বংন কার্য্যং ত্রিদিনে স্পৃশেপি॥ একস্মিন সাবনেত্বহ্নি তিথীনাং ত্রিতয়ং যদা। তদাদিনক্ষয়ঃ প্রোক্ত স্তত্র সাহস্রিকং ফলং॥

অস্যার্থঃ। তিন তিথি যদি মিলে এক রাত্রি দিনে। ত্র্যহস্পর্শ করিয়া পণ্ডিতে শাস্ত্রে গণে॥ ত্র্যহস্পর্শে কোন কর্ম্ম না করিহ ভাই। স্নানদান পূজা দিতে কিন্তু মানা নাই॥ এসব কর্ম্মেতে সহস্রেক ফল হয়। শুভের ইতর মাত্র জ্যোতিষেতে কয়॥

অথ রাহুস্থিতি নিরূপণ।

অস্যার্থঃ। দিবামান অষ্টভাগে যামার্দ্ধ হইবে। সেই প্রতি যামে রাহু অবশ্য ভ্রমিবে॥ বামাবর্ত্তে অষ্ট ভাগ অশ্বগতিক্রমে। রবিবারে আদ্য যামে থ কিবে পশ্চিমে॥ অগ্নিকোণে আদ্য যামে রবে সোমবারে। কুজে বায়ুকোণে বুধবারেতে উত্তরে॥ গুরুবারে আদ্যযামে থাকিবে দক্ষিণে। শুক্রবারে আদ্য যামে নৈর্ঋতের কোণে॥ শনিবারে আদ্যযামে ঈশানেতে রয়। রাহু স্থিতি এইরূপ জ্যোতিষেতে কয়॥ দ্বিতীয়াদি যামার্দ্ধেতে যে দিকে থাকিবে। চক্রাঙ্ক দর্শনে তাহা বিদিত হইবে॥

অথ রাহু ভ্রমণচক্র।




দ্যুতক্রীড়া কিম্বা যুদ্ধে যাত্রা বা বিবাদে। সম্মুখে হইলে রাহু না হয় শুভদে॥ এজন্য সম্মুখ রাহু যত্নেতে ত্যজিবে। শাস্ত্রেতে নিষেধ ইহা অবশ্য জানিবে॥

অথ যোগিনী স্থিতি নিরূপণ।

প্রতিপন্নবমী পূর্ব্বে রামাকদ্রাশ্চ পাবকে। শর ত্রয়োদশী যাম্যে বেদা মাসাশ্চ নৈর্ঋতে॥ ষষ্ঠী চতুর্দ্দশী পশ্চাৎ বায়ব্যাং মুনিপূর্ণিমা। দ্বিতীয়া দশমী যক্ষে ঐশান্যাং চাষ্টমী কুহুঃ॥ যোগিনী নবদণ্ডাস্তু শেষা বর্জ্যা প্রযত্নতঃ। দক্ষ সম্মুখ যোগিন্যাং গমনং নৈবকারয়েৎ॥ বামে শুভকরী দেবী পৃষ্ঠে সর্ব্বার্থ সাধিনী। বধবন্ধ করীচাগ্রে দক্ষিণে মৃত্যুদায়িনী।

অস্যার্থঃ। প্রতিপদ নবমীতে পূর্ব্বদিকে রয়। অগ্নিকোণে একাদশী তৃতীয়াতে কয়॥ দক্ষিণ দিকেতে ত্রয়োদশী পঞ্চমীতে। চতুর্থী দ্বাদশা যোগে থাকেন নৈর্ঋতে॥ ষষ্ঠী চতুর্দ্দশীতে পশ্চিমে অধিষ্ঠান। সপ্তমী পূর্ণিমা যোগে বায়ুকোণে যান॥ দ্বিতীয়া দশমী হৈলে উত্তরে সদয়। অমাবস্যা অষ্টমীতে ঈশানে উদয়॥ শেষ নবদণ্ড ত্যাগ অবশ্য করিবে। শাস্ত্রেতে প্রমাণ ইহা নিতান্ত জানিবে॥ এইরূপ যোগিনীর স্থিতি বিবরণ। সম্মুখ হইলে তায় নিষেধ গমন॥ পৃষ্ঠে বামে দক্ষিণেতে যোগিনী নির্ণয়। তাহাতে করিলে যাত্রা বাঞ্ছা সিদ্ধ হয়।

অথ যোগিনী চক্র।



অথ নক্ষত্র শূল কথন।

প্রাচীং শ্রবণা শক্রাভ্যাং ভাদ্রাশ্বিন্যোশ্চ দক্ষিণাং। প্রতীচীং পুষ্যা রোহিণ্যোঃ করার্য্যমণিচোত্তরাং॥এতা ন্যষ্টৌভ শূলানি বর্জ্জিতান্যপিদৈবতৈঃ যদি প্রমাদতো গচ্ছেৎ জীবিতং তস্যনশ্যতি॥

অস্যার্থঃ। পূর্ব্ব দিগে নিষেধ শ্রবণা জ্যেষ্ঠা বটে। দক্ষিণে অশ্বিনী উত্তর ভাদ্রপদ ঘটে ॥ পশ্চিমে রোহিণী পুষ্যা জানিবে নিষেধ। উত্তরফল্গুনী হস্তা মৃত্যু হয় শেষ ॥

অথ ঊষা প্রদোষ কথনং।

তিথ্যাদিষু বিরুদ্ধেষু চন্দ্র তারা বলং মতং। ঊষাং গোধূলিযোগম্বা স্বীকৃত্য গমনং চরেৎ ॥ প্রাচ্যামূষাং প্রতীচ্যাস্তু গোধূলিং বর্জ্জয়েৎ বুধঃ ॥

অস্যার্থঃ। আবশ্যক কর্ম্ম আছে না করিলে নয়। তিথি বার নক্ষত্র বিরুদ্ধ যদি হয় ॥ গোধূলি করিবা যাত্রা অথবা ঊষায়। খণ্ডিবে সকল দোষ তিথ্যাদির দায় ॥ তাহার কিঞ্চিৎ বলি বিশেষ কথন। পূর্ব্বদিকে ঊষাতে না যাবে কদাচন ॥ পশ্চিমে নাহিক যাবে গোধূলি সময়। সঙ্ক্ষেপে কহিলাম এই যাত্রার নির্ণয় ॥

অথ পরীক্ষা পূর্ব্বক দারপরিগ্রহণ মাত্র।

স্মৃতিঃ। ধর্ম্মার্থ কামমোক্ষণাং দারাঃ সংপ্রাপ্তিহেতবঃ। পরীক্ষ্যন্তে প্রযত্নেন পূর্ব্বমেব কর গ্রহাৎ ॥

অস্যার্থঃ। ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চতুবর্গ সার। এ চতুবর্গের হয় দারা মূলাধার ॥ তদর্থে পরীক্ষা অন্তে দারা পরিগ্রহ। নচেৎ সে দ্বারা নয় হয় গলগ্রহ ॥

অথ বিবাহের যোগ্যাযোগ্য ব্যবস্থা।

নোদ্বহেৎ কপিলাং কন্যা নাধিকাঙ্গী নরোগিণীং। নালোমিকাং নাতিলোম্নীং ন বাচালাং নপিঙ্গলাং ॥ নক্ষবৃক্ষনদীনাম্নীং নান্ত্য পর্ব্বত নামিকাং। ন পক্ষাহি প্রৈষ্যনাম্নীং নচ ভীষণ নামিকাং।

অস্যার্থঃ। ধূমবর্ণা অধিকাঙ্গী অথবা রোগিণী। অলোমিকা কিম্বা হয় অধিক লোমনী ॥ বাচালা অথবা হয় পিঙ্গল বরণী ॥ নক্ষত্র নামিকা কিম্বা বৃক্ষাখ্য কামিনী ॥ নদী পক্ষী অহি কিম্বা নামে অন্তগিরি ॥ ভীষণ নামিকা কিম্বা দূতী নাম ধারী ॥ এ সব বিবাহ যোগ্যা কদাচ না হয়। জ্যোতিষ বচনে অর্থে এই রূপ কয় ॥

অস্য প্রতি প্রসব যাহ মৎস্যসূক্তে যথা।

গঙ্গাচ যমুনাচৈব গোমতীচ সরস্বতী। নদীম্বাসাং নাম বৃক্ষে মালতী তুলসী অপি। রেবতীচাশ্বিনীভেষু রোহিণী শুভদা ভবেৎ ॥

অস্যার্থঃ। তার মধ্যে বিবাহ কর্ত্তব্য হবে যেই। জ্যোতিষ প্রমাণ মতে লিখিলাম এই ॥ গঙ্গা কি যমুনা বা গোমতী সরস্বতী। বৃক্ষ নামে হয় যদি তুলসী মালতী ॥ নক্ষত্র নামেতে হয় রেবতী অশ্বিনী। অথবা রোহিণী হয় অশুভ নাশিনী ॥

নেত্র যস্যাঃ কেকরে পিঙ্গলে বা স্যাদ্দুঃশীলাশ্যাবলোলেক্ষণাচ। কূপৌ-যস্যাঃ গণ্ডয়োঃ সম্মিতায়া নিঃসন্দিগ্ধাং বন্ধকীং তাং বদন্তি ॥

অস্যার্থঃ। ট্যারাচক্ষু কিম্বা হয় চঞ্চল লোচনা। দুঃশীলা অথবা হয় পিঙ্গল বরণা ॥ হাস্যকালে গণ্ডস্থলে কূপমত যার। বন্ধকী জানিও তারে কহিলাম সার ॥

শ্যামাসুকেশী তনু লোমরাজী শুভ্রূঃ সুশীলা সুগতিঃ সুদন্তা। বেদীবিমধ্যা যদি পঙ্কজাক্ষী কুলেন হীনাপি বিবাহনীয়া॥ ধৃষ্টা কুদন্তা যদি পিঙ্গলাক্ষী লোম্না পদাকীর্ণ সমাঙ্গযষ্টিঃমধ্যেচ পুষ্টা যদি রাজকন্যা। কুলেপি যোগ্যা ন বিবাহ নীয়া॥

অস্যার্থঃ। শ্যামাঙ্গী সুকেশী তনু লোমাবলী কান্তা। সুভ্রুক সুশীলা কিম্বা সুগতি সুদন্তা॥ মধ্য ক্ষীণা যদি হয় পঙ্কজ নয়নী। কুলে হীন হইলেও বরেষ্ট দায়িনী। কুদন্তা অথবা হয় অধিক ব্যাপিকা পিঙ্গল লোচনা অঙ্গযষ্ঠি সলোমিকা॥ মধ্য পুষ্টা যদি হয় রাজার বালিকা। কুলে শ্রেষ্ঠা হৈলে তবু অরিষ্ট দায়িকা॥

অথ বিবাহের ব্যবস্থা।

অযুগ্মে দুর্ভগা নারী যুগ্মেচ বিধবা ভবেৎ। তস্মাদ্গর্ভান্বিতেযুগ্মে বিবাহে সা পতিব্রতা॥

অস্যার্থঃ। কন্যার বিবাহ যুগ্মবর্ষে দেওয়া নয়। যুগ্মেতে বিধবা হয় ধর্ম্ম শাস্ত্রে কয়॥ অযুগ্মে দুর্ভাগ্যবতী বিবাহ না হয়। গর্ভ মাস ধরে কিন্তু বিচার নির্ণয়॥ গর্ভমাস লয়ে তবে গণনা করিবে। এমত অযুগ্মবর্ষে কন্যা দান দিবে॥ ধন পুত্রবতী সতী হবে সীমন্তিনী। চিরকাল যাবে সুখে হয়্যা যশস্বিনী॥ কন্যার বিবাহ কিন্তু জন্ম মাসে উক্ত। সুপ্রসূতি শীঘ্র হয় সুলক্ষণ যুক্ত॥ পুরুষের বিবাহের শুনহ বচন। জন্মমাস জন্ম দিনে নহে কদাচন॥

অথ বিবাহের বার নিয়ম।

গুরু শুক্র বুধেন্দূনাং দিনেষু সুভগা ভবেৎ। সূর্য্যার্কি ভূমিপুত্রাণাং দিনেষু কুলটা ভবেৎ॥ ন বারদোষাঃ প্রভবন্তি রাত্রৌ বিশেষতোর্কাবনিভূশনীনাং॥

অস্যার্থঃ। শুক্র বুধ সোমবারে আর বৃহস্পতি। বিবাহ করিলে নারী হয় পুত্রবতী॥ রবি শনি মঙ্গলে কুলটা দোষ পাই। কিন্তু রাত্রি কর্ম্ম মাত্রে বার দোষ নাই॥ বিশেষত রবি শনি মঙ্গল বাসরে। রাত্রিকৃত বার দোষ কভু নাহি ধরে॥

অথ বিবাহের তিথির নিয়ম।

অমাবস্যাঞ্চ রিক্তায়াং করণে বিষ্টি সংজ্ঞকে। যঃ করোতি বিবাহংস শীঘ্রং যাতি যমালয়ং॥ শনৈশ্চর দিনেচৈব যদি রিক্তা তিথি ভবেৎ। তস্যাং বিবাহিতা কন্যা পতি সন্তান বর্দ্ধিনী॥

অস্যার্থঃ। অমাবস্যা বিষ্টিভদ্রা রিক্তা তিথি দিন। বিবাহ করিলে তার পরমায়ু হীন॥ কিন্তু শনিবারে রিক্তা বিবাহিতা হয়। পতি পুত্রবতী সেই নাহিক সংশয়॥

অথ বিবাহের বিহিত নক্ষত্রাদি।

রেবত্যুত্তরো রোহিণী মৃগশিরো মূলানুরাধা মঘা। হস্তা স্বাতিচ তৌলি ষষ্ঠ মিথুনেষু দ্যৎসুপাণিগ্রহঃ॥ কুমার্য্যাঃ পাণিং গৃহ্ণীয়াৎ ত্রিষুত্রিষুত্তরাদিষু॥ স্বাতৌ মৃগশিরসি রোহিণ্যাস্বেতি পারস্করোক্তং। চিত্রা শ্রবণা ধনিষ্ঠা অশ্বিনী

নক্ষত্রং যজুর্ব্বেদি বিষয়ং আপদ্বিষয়ম্বা ॥ আদ্যে মঘা চতুর্ভাগে নৈর্ঋতস্যাদ্য এ বচ। রেবত্যন্ত চতুর্ভাগে বিবাহঃ প্রাণনাশকঃ ॥

অস্যার্থঃ। রোহিণী উত্তরাত্রয় মূলা বা রেবতী। মৃগশিরা মঘা হস্তা অনুরাধা স্বাতী ॥ সুপ্রশস্ত বিবাহ যে এই মাত্র হয়। অতঃপর কহি যাহা পারস্কর কয় ॥ ধনিষ্ঠা শ্রবণা চিত্রা অশ্বিনী নক্ষত্র। বিবাহ মধ্যম শুভ যজুর্ব্বেদি মাত্র ॥ আপদ বিষয়ে গ্রাহ্য যা হয় নিষিদ্ধ। জ্যোতিষের মতে এই প্রমাণ প্রসিদ্ধ ॥ ইহার মধ্যেতে আছে বিশেষ কথন। মঘা মূলার আদ্যপাদ করিবে বর্জ্জন ॥ রেবতীর চতুর্থাংশ ত্যজিবেক পুনঃ। ইহাতে বিবাহ প্রাণ নাশ হয় শুন ॥

অথ যোগ বিশেষে দোষ বিশেষ কথনং।

যথা রত্নমালায়াং। কুলচ্ছেদোব্যতীপাতে পরিঘে স্বামী ঘাতিনী। বৈধৃতো বিধবা নারী বিষাদাহোতি গণ্ডকে। ব্যাঘাতে ব্যাধি সংঘাতঃ শোকার্ত্তা হর্ষণেতথা ॥ শূলেচ ব্রণশূলংস্যাৎ গণ্ডে রোগ ভয়ং তথা। বিষ্কুম্ভে প্যাহিদংশঃস্যাৎ বজ্রকে মরণং ভবেৎ। এতেবৈ দারুণাঃ সর্ব্বে দশযোগাঃ প্রকীর্ত্তিতাঃ ॥

অস্যার্থঃ। কুলচ্ছেদ ব্যতীপাতে পরিঘে স্বামী ঘাতী। বিষদাহ অতিগণ্ডে বিধবা বৈধৃতি ॥ ব্যাঘাতেতে ব্যাধি হয় শোকার্ত্ত হর্ষণে। গণ্ডে রোগ ভয় শূলে শূল কিম্বা ব্রণে ॥ বিষ্কুম্ভ বা বজ্রযোগে হইবে মরণ। এ ভিন্ন সকল ভাল জ্যোতিষে লিখন ॥

অথ বিবাহের মাস ফল।

আষাঢ়ে ধনধান্য ভোগ রহিতা নষ্ট প্রজা শ্রাবণে। বেশ্যা ভাদ্রপদেইযেচ মরণং রোগান্বিতা কার্ত্তিকে ॥ পৌষে প্রেতবতী বিয়োগ বহুলা চৈত্রে মদোন্মাদিনী। অন্যেষ্বব বিবাহিতা পতিরতা নারী সমৃদ্ধা ভবেৎ ॥ হরৌ প্রসুপ্তে নচ দক্ষিণায়নে তিথৌচ রিক্তে শশিনি ক্ষয়ং গতে। রাজগ্রস্তে তথা যুদ্ধে পিতৄণাং প্রাণসংশয়ে। অতি প্রৌঢ়াচ যা কন্যা শানুকূলং প্রতীক্ষতে ॥ অতি প্রৌঢ়াচ যা কন্যা কুলকর্ম্ম বিরোধিনী। অবিশুদ্ধাপি সা দেয়া চন্দ্র লগ্ন বলে নতু। অয়নস্যোত্তরস্যাদৌ মকরং যাতি ভাস্করঃ। রাশিং কর্কটকং প্রাপ্য কুরুতে দক্ষিণায়নং ॥

অস্যার্থঃ। আষাঢ়েতে ধন ধান্য ভোগ যে রহিত। নষ্ট প্রজা শ্রাবণে ভাদ্রে বেশ্যা সুনিশ্চিত ॥ আশ্বিনে মরণ রোগী কার্ত্তিকেতে হয়। পৌষ প্রেতপক্ষ বিভা কভু দেওয়া নয় ॥ মধুতে মদন উন্মাদিনী হয় কন্যা। স্বধন হরিবে নারী পতিরতা অন্যা ॥ হরি শয়নেতে নহে বিবাহ সুযুক্তি। দক্ষিণায়নেতে বিভা সেই নহে উক্তি ॥ রিক্তা তিথি ক্ষয় মাসে বিবাহ না হয়। তাহার মধ্যেতে কিম্বা বিশেষ ইহা কয় ॥ রাজগ্রস্তে কিম্বা যুদ্ধে পিতার নিধনে অতি প্রৌঢ়া কন্যা হৈলে কদাচ না মানে ॥ অতি প্রৌঢ়া কন্যা হয় ধর্ম্ম বিরোধিনী। শুভ চন্দ্রে শুভলগ্নে দোষ নাহি মানি ॥ মকর সংক্রান্তি হৈতে উত্তরায়ণ হয়। কর্কট সংক্রান্তি হৈতে যাম্যায়ন কয় ॥

অথ বর্ণ কথনং।

মীন কর্কট বৃশ্চিক বিপ্রাঃ সিংহ তুলা ধনু ক্ষত্রিয় উক্তাঃ। কুম্ভ মকরদ্বয় মেষ বৈশ্যাঃ সুর্যকর ?যন্ত্রী কথিতাবরজাতিঃ॥ বর্ণশ্রেষ্ঠাচ যা নারী বর্ণহীনশ্চয়ঃ পুমান। তয়োর্বিবাহে মৃত্যুঃস্যাৎ যন্মাসে নাত্র সংশয়ঃ॥ প্রণষ্টজন্মভং যস্য তস্য নামর্ক্ষতো ভবেৎ। দ্বয়োর্জ্জন্মাভয়োর্বেধেনকর্ত্তব্যঃ কদাচন॥

অস্যার্থঃ। কর্কট বৃশ্চিক মীনে বিপ্রবর্ণ হয়। সিংহ তুলা ধনু তিনে ক্ষত্রিয় নির্ণয়॥ পুরুষের শ্রেষ্ঠবর্ণ উত্তম গণন। বর্ণশ্রেষ্ঠা কন্যা হইলে হয় অমিলন। বিপ্রবর্ণ পুরুষের সকল সমান। ক্ষত্রিয় পুরুষ বিপ্র ভিন্নত বিধান॥ বৈশ্যবর্ণ পুরুষের এইরূপ ধারা। ত্যজিয়া ক্ষত্রিয় বিপ্র করিবেন দারা॥ ইহাতে যদ্যপি কন্যা বর্ণশ্রেষ্ঠা হয়। হীনবর্ণ পুরুষের উদ্বাহ যোগ্য নয়॥ বিবাহ করিলে হয় সবারি মরণ। সপ্রমাণ আছে ইথে গর্গের বচন॥

অথ গণ কথনং।

হস্তাস্বাতী মৃগাশ্বিনী হরিগুরু পৌষ্ণানুরাধাদিতি শ্চাদ্রারোহিনী চোষ্ট রাণী ভরণী পূর্ব্বাণি ভানি ত্রয়ং জ্যেষ্ঠাশ্লেষ বিশাখ মূল বরুণা বশ্বগ্নি চিত্রা-মঘাঃ কথয়ন্তে মুনিভির্যথাক্রমমমী দেবা নরারাক্ষসাঃ॥

অস্যার্থঃ। মৃগশিরা হস্তা স্বাতী, শ্রবণা পুষ্যা রেবতী, অনুরাধাশ্বিনী পুন-র্ব্বসু। হইবেক দেবগণ, শাস্ত্রে এই নিরূপণ, ইহাতে জন্মিবে যেই শিশু॥ ত্রিউতরা ত্রিপূর্ব্বাদি, রোহিণী ভরণী যদি,কিম্বা আর্দ্রানক্ষত্রেতে হয়। ইহাতে হইলে জনম, জ্যোতিষের নিরূপণ,নরগণ হইবে নিশ্চয়॥ জ্যেষ্ঠা মূলা অশ্লেষা, কৃর্ত্তিকা কি শতভিষা, চিত্রা মঘা ধনিষ্ঠা বিশাখা! আছে ইথে নিরূপণ, হইবে রাক্ষসগণ, শুন এই জ্যোতিষের লেখা॥

অথ গণ মিলন।

স্বকুলে চোত্তমা প্রীতির্মধ্যমা দেবমানুষে। দেবাসুরে কনিষ্ঠাচ মৃত্যুর্মানুষ রাক্ষসে॥

অস্যার্থঃ। স্বকুলে মিলিলে হয় মিলন উত্তম। দেবতা মানুষে হয় মিলন মধ্যম॥ দেবারি দেবতা হইলে কনিষ্ঠ মিলন। মানুষ রাক্ষসে হৈলে মৃত্যুর লক্ষণ॥

রাক্ষসী চ যদাকন্যা মানুষশ্চবরোভবেৎ। তদামৃত্যু র্ন দূরস্থো নির্ধনত্বং যথাপিবা॥

অস্যার্থঃ। যদি কন্যা রাক্ষসী মানুষ বর হয়। তবে অদূরস্থ মৃত্যু কিম্বা ধনক্ষয়॥

রাজমার্ত্তণ্ডে। যদিস্যাদ্রাক্ষসো ভর্ত্তা কন্যকা মানুষী ভবেৎ। বিবাহে সুখ মাপ্নোতি বৈপরীতং বিবর্জ্জয়েৎ॥

অস্যার্থঃ। যদিস্যাৎ বর হয় দেবতার অরি। মানুষিণী যদি তার মিলে যার নারী॥ তবেত বিবাহে সুখ বিপরীতে নয়। বিপরীতে বিপরীত জ্যোতি-ষেতে কয়॥

অথ রাজযোটকঃ।

একরাশৌচ দম্পত্যোঃ শুভংস্যাৎ সমসপ্তকে। চতুর্থদশমে চৈব তৃতীয়ে কাদশেতথা॥

অস্যার্থঃ। বর কন্যা এক রাশি যদি মিলে যায়। চতুর্থ দশম কিবা সমসপ্ত পায়॥ একাদশ তৃতীয়েতে মেলকের সার। মৈত্র মেলকের কিন্তু নাহিক বিচার॥

অথ বিসম সপ্তম।

তথাচ। ঘোটকে সপ্তকে মেষে তুলে যুগ্মহয়ৌ তথা। সিংহ ঘটৌ সদা বর্জ্জ্যৌ মৃতিং তত্রাব্রবীচ্ছিবঃ॥

অস্যার্থঃ। বর বা কন্যার রাশি যদি হয় মেষ। তুলা বা মিথুন কিম্বা পঞ্চাস্য নির্দ্দেশ॥ যদি ধনু কিম্বা কুম্ভ যে হয় নিশ্চিত। একের রাশি হৈতে অন্য সপ্তম গণিত॥ বিষম সপ্তম তবে সে মেলকে হয়। ইহাতে বিবাহে মৃত্যু জ্যোতিষেতে কয়॥

অথ দ্বিদ্বাদশ নবম পঞ্চম।

পুংসোগৃহাৎ সুতগৃহে সুতহাচ কন্যা ধর্ম্মেস্থিতা সুতবতী পতিবল্লভাচ। দ্বিদ্বাদশে ধনগৃহে ধনহাচ কন্যা বিপ্রফেস্থিতা ধনবতী পতিবল্লভাচ॥

অস্যার্থঃ। বরের স্বরাশি হৈতে করিয়া গণনা। দ্বাদশ যে রাশি হয় কর বিবেচনা॥ ইহাতে কন্যার যদি সেই রাশি হয়। ধনবতী পতিপ্রিয়া শাস্ত্রে ইহা কয়॥ তাহাতে দ্বিতীয় রাশি কন্যার হইলে। সে ধন নাশিনী হয় জ্যোতিষেতে বলে॥ বরের স্বরাশি হইতে হয় যদি নয়। সেই কন্যা পুত্রবতী পতি প্রিয়া হয়॥ পঞ্চম হইলে কন্যা মৃতপুত্র পাই। দ্বিতীয় পঞ্চমে কেহ না করিও ভাই॥

অথ অরিদ্বিদ্বাদশ।

চাপে মৃগে বা ঘটভেচ মীনে। মেষে বৃষে বা মিথুনেচকর্কৌ॥ সিংহে যুবত্যন্তু তুলালিভেবা। দ্বিদ্বাদশে মৃত্যু ধন প্রহানিঃ॥

অস্যার্থঃ। ধনুতে মকরে কিম্বা কুম্ভ মীনে ভঙ্গ। মেষ বৃষে মিথুনে কর্কটে নহে সঙ্গ॥ সিংহের সহিত কন্যা না হয় মিলন। তুলার সহিত বিছা নাহি কদাচন॥ অরি দ্বিদ্বাদশ এই জ্যোতিষেতে কয়। এ দ্বিদ্বাদশেতে মৃত্যু হয় ধনক্ষয়॥

অথ মিত্র দ্বিদ্বাদশ।

চাপে ফণীন্দ্রে ঘটভে মৃগেবা মেষে বৃষে সিংহ কুলীরগেষু। যুগ্মে বৃষে তৌলি বরেচ সাধ্বী। দ্বিদ্বাদশে চার্থকরায়ু বৃদ্ধিঃ॥

অস্যার্থঃ। ধনুর সহিত বিছা কুম্ভেতে মকরে। মেষে মীন কিম্বা মিলে সিংহ কর্কটেরে॥ মিথুন বৃষেতে তুলা কন্যায় মিলিলে। মিত্র দ্বিদ্বাদশ এই জ্যোতিষেতে বলে॥ এই দ্বিদ্বাদশ হয় যথা শাস্ত্রসিদ্ধি। অর্থকর হয় আর পরমায়ু বৃদ্ধি॥

অথ মিত্র ষড়ষ্টকং।

মকরসমেতং মিথুনং কন্যাকলসৌ মৃগেন্দ্রমীনৌচ। বৃষতুলে অলিমেষৌ কর্কট ধনুষীচ মিত্রবিধৌ॥

অস্যার্থঃ। বর কন্যা উভয়ের রাশি নিরূপণে। তুলার সহিত যদি বৃষের মিলনে॥ সিংহের সহিত মীন মকর মিথুনে। কিম্বা কুম্ভ রাশি হয় কন্যারাশি সনে॥ কর্কটকার্ম্মুকে আর বৃশ্চিকেতে মেষে। মিত্র ষড়ষ্টক হয় পরম হরিষে॥ এ মেলকে কখন না হক হয় দ্বন্দ্ব। সুসন্তান ধনবান বাড়ায় আনন্দ॥

অথ অরি ষড়ষ্টকং।

মকরঃ করিকুলরিপুণা কন্যা মেষেন সহঝষস্তুলয়া। কর্কিঘটৌ বৃষ ধনুষী-বৃশ্চিক মিথুনৌ চারি বিধৌ॥

অস্যার্থঃ। বরের স্বরাশি যদি পঞ্চানন হয়। কন্যার সে রাশি যদি করয় নিশ্চয়॥ অথবা বরের রাশি যদি হয় মেষ। কন্যারাশি যদি হয় কন্যার নির্দ্দেশ॥ নতুবা বরের রাশি মীন যদি হয়। কন্যার হইলে তুলা রাশি সুনিশ্চয়॥ অথবা বরের রাশি মিলিলে কর্কট। কন্যারসে রাশিযদি মিলে যায় ঘট॥ কিম্বা সে বরের রাশি ধনু যদি হয়। কন্যার সে রাশি বৃষ হইবে নির্ণয়॥ অথবা বরের রাশি বৃশ্চিক হইলে। কন্যার মিথুন রাশি দৈবে যদি মিলে॥ অরি ষড়ষ্টক এই জ্যোতিষেতে কয়। ইহাতে বিবাহে মৃত্যু নাহিক সংশয়॥

অথ অরিষড়াষ্টক দ্বিতীয় প্রমাণং।

যদিকন্যাষ্টমেভর্ত্তা ভর্ত্তুঃ ষষ্ঠেচ কন্যকা। ষড়কাষ্টকং বিজানীয়াৎ বর্জ্জিতং ত্রিদশৈরপি॥

অস্যার্থঃ। কন্যার অষ্টমে যদি বর মিলে যায়। বরের ষষ্ঠেতে যদি কন্যা মিলে তায়॥ অরি ষড়ষ্টক নাম জানিয়া তাহার। ত্রিদশের ত্যজ্য হয় মনুষ্য কি ছার॥

অথ বিবাহের তারা মিলন।

মিত্রাদিযোগেপি ষড়ষ্টকাদৌ তারা বিপৎ প্রত্যরি নৈধনাখ্যাঃ। বর্জ্জ্যা বিবাহে পুরুষোড়ুতোহি প্রীতিঃ পরা জন্মসুতারকাসু॥ নক্ষত্রমেকং যদি ভিন্ন রাশি নদম্পতী তত্র সুখং লভেতাং। বিভিন্নঋক্ষং যদিচৈকরাশি স্তদা বিবাহঃ সুতসৌখ্যদায়ী॥ একর্ক্ষাচ যদা কন্যা রাশ্যৈকাচ যদাভবেৎ। ধনপুত্রবতী নারী সাধ্বীভর্ত্তৃপ্রিয়াসদা॥

অস্যার্থঃ। মিত্র মেলকেতে কিম্বা ষড়ষ্টক আদি। নিধন প্রত্যরি কিম্বা বিপত্তার যদি॥ ত্যজিয়া করিবা বিভা জ্যোতিষের উক্তি। ভর্ত্তা স্বনক্ষত্রে কন্যা সে হয় সুযুক্তি॥ জন্মতারা হইলেতো দম্পতী প্রতীপরা। এজন্য মিলনে অগ্রে শুদ্ধচাই তারা॥ উভয়ের তারা এক যদি ভিন্ন রাশি। না হয় দম্পতী সুখ দুঃখ অভিলাষী॥ বিভিন্ন নক্ষত্র যদি এক রাশি মিলে। তাহে বিবাহিতা সুত সৌখ্যদায়ী বলে॥ এক তারা এক রাশি যদিচ মিলয়। ধন পুত্রবতী সাধ্বী পতিপ্রিয়া হয়॥

অথ মেলকের দোষ নাশক যোগ।

সুহৃদেকাধিপযোগে তারাবলে বশ্যরাশৌ বা। অপিপ্লাড্যাদিবিরোধে ভবতি বিবাহো হিতার্থায় ॥

অস্যার্থঃ। বর ও কন্যার রাশি কর নিরূপণ। সেরাশ্যাধিপতি গ্রহ এক যদি হন ॥ কিম্বা উভয়ের অধিপতি যেই গ্রহ। মিত্রতা থাকয়ে যদি উভয়ের সহ ॥ কিম্বা যে নক্ষত্রে জন্ম হইবে কন্যার। তাতে যেবা জাতি হয় তথা লহ তার ॥ বরের নক্ষত্র জাতি কর নিরূপণ। সে জাতির বশীভূতা কন্যা যদিহন ॥ কিম্বা উভয়ের যদি তারা শুদ্ধি হয়। বিষম সপ্তম ভিন্ন দোষ নাশ কয় ॥ অরি-ষড়ষ্টক স্থলে এরূপ হইলে। মৃত্যুদোষ নষ্ট করে জ্যোতিষেতে বলে ॥ দম্পতী বিরোধ দোষ এই মাত্র রয়। কন্যা দোষাদোষ এতে নাশে সমুদয় ॥

রাজমার্কণ্ডে। ন রাজযোগে গ্রহ বৈরিতাচ ন তারাশুদ্ধি র্নগণত্রয় স্যাৎ ন নাড়ি দোষে নচ বর্ণ ত্রুটি গর্গাদয়স্তে মুনয়োবদন্তি ॥

অস্যার্থঃ। রাজযোটকেতে গ্রহ বৈরি নাহি রয়। তারাশুদ্ধি কিম্বা গণ যদি না মিলয় ॥ নাড়ি দোষ কিম্বা বর্ণ ত্রুটি যদি হয়। রাজযোগে সব নাশে গর্গ আদি কয় ॥

অথ নক্ষত্রের জাতি নিরূপণ।

অশ্বে ভাজ ফণিদ্বয়ঞ্চ রুষভুগ্মেষোন্দুরু মূষিকশ্চাখুগোঃ ক্রমশস্ততোপি মহিষী ব্যাঘ্রঃ পুনঃ সৌরভি ব্যাঘ্রেণৌ মৃগকুক্কুরৌ কপিরথোরভ্রদ্বয়ং বানর সিংহোশ্বোমৃগরাট পশুশ্চ করোটিযোনিশ্চভানামিয়ং ॥

অস্যার্থঃ। অশ্ব জাতি হয় শতভিষা আর অশ্বিনী। হস্তি জাতি হয় জান রেবতী ভরণী ॥ কৃত্তিকা ছাগল জাতি জ্যোতিষেতে কয়। রোহিণী বা মৃগশিরা সর্প জাতি হয় ॥ ব্যাঘ্র জাতি হয় আর্দ্রা হস্তা আর স্বাতি। পুনর্ব্বসু একামাত্র হয় মেষ জাতি। ইন্দুর জাতীয় পুষ্যাশ্লেষা আর মঘা। গো পূর্ব্বফল্গুনী মাত্র জানিবা অমোঘা ॥ উত্তরফল্গুনী চিত্রা মহিষ অবাধা। হরিণ জাতিয় যে বিশাখা অনুরাধা ॥ কুক্কুর জাতীয় নিরূপণ মাত্র জ্যেষ্ঠা। মূলা বা শ্রবণা হয় বানরের শ্রেষ্ঠা ॥ পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া নেউল নিশ্চয়। সিংহ বলি ধনিষ্ঠা বা ভাদ্রপদদ্বয় ॥

অথ যে যে জাতি যে যে জাতির বশীভূত।

গো ব্যাঘ্রং গজসিংহমশ্বমহিষং শ্বৈণঞ্চ বভ্রূরগং বৈরং। বানর মুষকঞ্চ সুমহত্তদ্বদ্বিড়ালোন্দুরং কোকানাং ব্যবহারতো ন্যদপিচ জ্ঞাত্বা প্রযত্নাদিদং দম্পত্যো নৃপভৃত্যয়োরপি সদা বর্জ্জং শুভস্যার্থিভিঃ ॥

অস্যার্থঃ। গোব্যাঘ্র হস্তির সিংহ অশ্ব মহিষের। হরিণ কুক্কুরে কিম্বা নেউল সর্পের ॥ বানর মেষের আর বিড়াল ইন্দুরে। এইরূপ বশীভূতা জাতি অনুসারে ॥ ইহাতে বরের জাতি নক্ষত্র যে হয়। কন্যা নক্ষত্রের জাতি অনুগত রয় ॥ অথবা উভয় জাতি থাকয়ে মিত্রতা। উত্তম মেলক হয় নহেত অন্যথা ॥

অথ মেলকের তারা শুদ্ধি।

সৌহৃদদ্যোহৃভয়োদ্বয়োরপি তয়ো বৈরকাবিপত্ত্যোপিবা তারাষষ্ঠ সুমিত্র মিত্র জননক্ষেমাথ সম্পদ যদি। ষটকাষ্টে নবপঞ্চকে ব্যয় ধনে যোগেচ পুংযোষিতোঃ প্রীত্যায়ুঃ সুখ দ্ধি পুষ্টিজনকঃ কার্য্যো বিবাহস্তদা॥

অস্যার্থঃ। বরের নক্ষত্র হইতে করিরা গণনা। কন্যার নক্ষত্র যদি কর বিবেচনা॥ জন্ম সম্পদক্ষেম সাধক মিত্র হয় যদি। তাতে মিত্র তারা হৈলে নাশে দোষ আদি॥ দ্বিদ্বাদশে ষটকাষ্টে বা নবম পঞ্চমে। প্রিতি আয়ু সুখ পুষ্টি দ্ধি পায় ক্রমে॥

গর্গঃ। মরণং তার বিরোধে গ্রহ রিপুভাবে চিরেণ। রোগাদিনরনার্ষো ষটকাষ্টে বৈরং ভবেদাশু॥

অস্যার্থঃ। তারার বিরোধে মৃত্যু রিপুগ্রহে রোগ। জ্যোতিষ প্রমাণে অচিরাতে হয় ভোগ॥ ষড়স্টকে বৈর পায় দম্পতী নিশ্চয়। গর্গের বচন অর্থে এই রূপ কয়॥

অথ যুতবেধঃ।

পাপং সপ্তমগঃ শশী যদি ভবেৎ পাপেন যুথক্তোবা যত্নেনাশু বিবর্জ্জয়েৎ মুনিমতো দোষাপ্যয়ং কথ্যতে। যাত্রায়াং বিপদগ্রহে সুতবধঃ ক্ষৌরেষু যোগোদ্ভবো বৈধবং বিবাহে ব্রতেচ মরণং শূলঞ্চ পুংস্কর্ম্মনি॥

অস্যার্থঃ। যে রাশিতে বিবাহাদির দিনাবধারণ। পাপ গ্রহের সপ্তম যদ্যপি তিনি হন॥ অথবা পাপযুক্ত হয়ে যদ্যপি সে থাকে। যত্নকরি পরিত্যাগ করিবা তাহাকে॥ যাত্রায় বিপদ গৃহারম্ভে সুত নষ্ট। বিবাহে বিধবা ক্ষৌরে রোগে পায় কষ্ট॥ পুংসবনে শূল হয় ব্রতেতে নিধন। যুতবেধে দোষ এই মুনি গণে কন॥

অথ যামিত্র বেধঃ।

রবি মন্দ কুজাক্রান্তাৎ মৃগঙ্কাৎ সপ্তমং ত্যজেৎ। বিবাহ যাত্রা চূড়াসু গৃহকর্ম্ম প্রবেশনে॥

অস্যার্থঃ। যে নক্ষত্র ঘটিত যে রাশিতে নিয়ম। রবি শনি কুজ যদি তাহার সপ্তম॥ এইত যামিত্র বেধ বিশেষ জানহ। গৃহকর্ম্ম ক্ষৌর যাত্রা ত্যজিবে বিবাহ॥

অথ যুত যামিত্র বেধের প্রতি প্রসব।

যথা রত্নমালায়াং। বৃষা জালি ধনুঃকর্কী সিংহে মীনেচ চন্দ্রমাঃ। নদোষ পাপযোর্মধ্যে যুত যামিত্রয়োরপি॥

অস্যার্থঃ। বৃষ বা মেষের চন্দ্র কিম্বা বৃশ্চিকের। ধনুর কর্কির সিংহ অথবা মীনের॥ এই সব চন্দ্র যদি পাপ মধ্যে রয়। যুত বা যামিত্র বেধ তাহে নাহি হয়॥

অথ যামিত্র বেধের প্রতি প্রসব।

মূলত্রিকোণ নিজমন্দিরগোথ পূর্ণো মিত্রর্ক্ষ সৌম্যগৃহগোর্থ তদীক্ষিতোবা যামিত্রবেধ বিহিতান পহৃত্য দোষান দোষাকরঃ সুখং মণেক বিধুং বিধত্তে॥

অস্যার্থঃ। মূল ত্রিকোণেতে যদি থাকে শশধর। অর্থাৎ যে বৃষরাশি শশাঙ্কের ঘর॥ নিজ গৃহে স্থিতি কিম্বা পূর্ণচন্দ্র হয়। কিম্বা শুভগ্রহের দৃষ্টি অথবা আলয়॥ থাকেন যদ্যপি শশী দোষ করে দূর। কি করে যামিত্রবেধ মঙ্গল প্রচুর॥


অথ সপ্তশলাক বেধঃ।

কৃত্তিকাদি চতুঃসপ্ত রেখা রাশৌ পতিভ্রমণ। গ্রহশ্চেদেকরেখাস্থো বেধঃ সপ্তশলাকঃ॥ বৈশ্বস্য চতুর্থাংশে শ্রবণাদৌ লিপ্তিকাচ তুষ্কেচ অভিজিত্তংস্থে খচরে বিজ্ঞেয়া রোহিণীবিদ্ধা॥

অত্রৈব অভিজিন্নক্ষত্র কথনং।

অস্যভাষাঃ। অনল বৈষ্ণববেধ ব্রহ্মশূন্যগণি। বাণ একুশে রসেবিশে সাত উনিশে জানি॥ বসু শক্র ফণি মৈত্র দিকপক্ষে মেলা। শিবাচাদে দিবাকরে পৌষ্ণ্য সনে খেলা॥ কর৹ছাৰ্বিশ ভুবন পঁচিশ স্বাতি শতভিষা। বিশাখা ধনিষ্ঠা বেধ সপ্তশালাকা ভাষা॥

যস্যাঃ শশী সপ্তশলাকাভিন্ন পাপৈরপাপৈরঅথবা বিবাহে রক্তাংশুকে নৈবতু রোদমানা শ্মশানভূমিং প্রমদা প্রয়াতি॥



ঊৰ্দ্ধসপ্তরেখা মধ্যে সপ্তরেখা দিবা। কৃত্তিকা অবধি অঙ্ক তাহাতে রাখিবা॥ শ্রবণার পূর্ব্বেতে থাকিবে অভিজিৎ। পরস্পর শলাকায় বাধক নিশ্চিত॥ যে নক্ষত্রে বিবাহের দিন স্থির হবে। তার সঙ্গে যার বেধ সে নক্ষত্র লবে॥ তাতে যদি চন্দ্র বিনা থাকে অন্য গ্রহ। সপ্তশলাকাদি বেধ জানিবা সংগ্রহ॥ তাতে বিবাহিতা নারী সেই বস্ত্র পরি। স্বামির দাহের কর্ত্রী হন শীঘ্র করি॥ যার সঙ্গে যার বেধ ক্রমে বলি অত্র। কৃত্তিকা সহিত বেধ শ্রবণা নক্ষত্র॥ রোহিণী সহিত বেধ হয় অভিজিৎ। মৃগশিরা বেধ উত্তরাষাঢ়ার সহিত॥ পূর্ব্বাষাঢ়া সহ হয় আর্দ্রার মিলন। মূলার সহিত পুনর্ব্বসুর ঘটন॥

জ্যেষ্ঠায় পুষ্যার বেধ অশ্লেষানুধারা। মঘায় ভরণী বেধ জানিবেন বাধা॥ পূর্ব্বফল্গুনীর হয় অশ্বিনীতে বেধ। উত্তরফল্গুনীর আর রেবতী নিষেধ॥ হস্তার সহিত আর উত্তরভাদ্রের ঘটনা। পূর্ব্বভাদ্রপদে চিত্রা জানিবেন মানা॥ স্বাতী শতভিষায় বেধ বিশাখা ধনিষ্ঠা। এ সপ্তশলাকা বেধ জানিবা অনিষ্টা॥

অথ দশযোগ ভঙ্গ।

তিথ্যঙ্গ বেদৈক দশোন বিংশ ভৈকাদশাষ্ঠা দশবিংশ সঙ্খ্যাঃ। ইষ্টোড়ুনা সূর্য্যর্ক্ষতোড় নাচ যোগা দমুশ্চেৎ দশযোগ ভঙ্গঃ॥

অস্যার্থঃ। কর্ম্মকালে যে নক্ষত্রে থাকে দিননাথ। যে নক্ষত্রে কর্ম্ম হবে করি এক সাত॥ সাতাশের অধিক যদ্যপি তাতে হয়। সাতাশ ত্যজিয়ে অবশিষ্ট যেবা রয়॥ তাতে যদি ১। ৪। ৬। ১৯। ১০ দশ। ১৮। ১৫। ২০। ২৭।১১ একাদশ এ সব সংখ্যার মধ্যে কোন সংখ্যা হয়। বিদ্ধ নক্ষত্রের দোষ তাহাতে ঘটয়॥

অথ বিদ্ধ নক্ষত্রের প্রতি প্রসব।

আদ্যপাদে স্থিতে সূর্য্যে তুরীয়াংশং প্রদুষ্যতি। দ্বিতীয়স্থে তৃতীয়স্থ বিপরীত মতোন্যথা॥

অস্যার্থঃ। নক্ষত্র প্রথমপাদে থাকে যদি সূর্য্য। কর্ম্মকালীন নক্ষত্র চতুর্থ পাদ ত্যজ্য॥ দ্বিপাদে থাকিলে হয় ত্রিপাদ সে ত্যজ্য। ত্রিপাদে থাকিলে যে দ্বিপাদ নহে গ্রাহ্য॥ চতুর্থে থাকিলে করে আদ্যপাদ দুষ্ট। দশযোগ ভঙ্গ দোষ বড়ই অনিষ্ট॥ অন্যান্য পাদেতে বিশেষতঃ দোষ নাই। অতেব মধ্যম হয় শাস্ত্রে ইহা পাই॥

অথ বিবাহের লগ্ন কথনং।

কন্যা তুলা ভৃন্মিথুনেচ সাধ্বী শেষেষ্বসাধ্বী ধনবর্জ্জিতাচ। নির্দ্দোষেপি লগ্নে দ্বিপাদাংশ ইষ্টঃ কন্যাদিলগ্নেষ্বপি ন্যান্যভাগঃ॥ ধনুর্ষী কুলটানারীতৎ পূর্ব্বার্দ্ধে সতীতিজগুঃ। সপ্তষ্টান্ত্য গৃহিঃ শুভৈকড়ু পতাবেকাদশ দ্বিত্রিগে। সৌম্যে স্ত্র্যায় ষড়ষ্টগে নচভৃগৌ ষষ্ঠে কুজেচাষ্টমে॥

অস্যার্থঃ। কন্যা তুলা মিথুন ধনুর শেষ অর্দ্ধ। বিবাহের লগ্নমাত্র এই কয় সাধ্য॥ অপর লগ্নকে নয় ভাগ করি লবে। কন্যা তুলা মিথুনের যে যে অংশ হবে॥ মেষের তৃতীয় ষষ্ঠ অথবা সপ্তম। বৃষের লইবে অংশ ষষ্ঠ বা নবম॥ কর্কির তৃতীয় অংশ অথবা চতুর্থ। সিংহের তৃতীয় ষষ্ঠ সপ্তম অব্যর্থ॥ বৃশ্চিকের তৃতীয় চতুর্থ ভাগ লবে। ধনুর সপ্তম আর ষষ্ঠভাগ হবে॥ মকরের লবে ষষ্ঠ অথবা নবম॥ কুম্ভের নবম অংশ অথবা প্রথম॥ মীনের চতুর্থ অংশ অথবা তৃতীয়া। জ্যোতিষ প্রমাণ সিদ্ধ নিতান্ত জানিয়া॥ এ সব লগ্নের সপ্তম অষ্ট বা দ্বাদশে। কদাচিত শুভগ্রহ যদি নাহি বসে॥ একাদশ দ্বিতীয় তৃতীয় যেই স্থান। তথা যদি শশধর করে অবস্থান॥ একাদশ তৃতীয় অথবা ষষ্ঠাষ্টমে। পাপ গ্রহ অবস্থান করে যদি ক্রমে॥ ষষ্ঠ ভবনেতে শুক্র হয়েন বর্জ্জিত। অষ্টম ভবনে কুজ নহে কদাচিত॥ তবে সে বিবাহ লগ্ন সুপ্রশস্ত হয়। বিবাহে মঙ্গল

তবে জ্যোতিষেতে ‑য ॥ অথবা বিবাহ দিবা গোধূলির দণ্ডে। লগ্নাদির দোষা দোষ ইহাতেই খণ্ডে ॥ ‑র মধ্যে কিঞ্চিৎ বিশেষ এই কয়। যে যে মাসে গোধুলি বিবাহ দেওয়া নয় ॥ ... ‑সে কিম্বা আর অগ্রহায়ণক। গোধূলি বৈধব্য দোষ আছয়ে বাধক ॥

অথ লগ্নের দোষ নাশক সু‑.

লগ্নেতৎ পঞ্চমে তূর্য্যে নবমে দশমে তথা। গুরু‑যোগঃ। ‑দোষঘ্নো বিবাহে বর্দ্ধতেসুখং ॥

অস্যার্থঃ। যে লগ্নে বিবাহ দিবে যদি সে রাশিতে। কিম্বা ‑ অথবা পঞ্চমেতে ॥ নবম দশম দৃষ্টি করে যে যে স্থান। গুরু কিম্বা শুক্র ‑ করে অবস্থান ॥ তবেত লগ্নের সব দোষ করে ক্ষয়। শুভের আধিক্য হয় জ্যোতিষেতে কয় ॥

অথ সুতহিবুক যোগ।

সুতহিবুক বিয়দ্বিলগ্নধর্ম্মেষ্ম মরগুরু র্দ্দানবার্চিতোবা। যদি শুভমুপয়াতি তচ্ছুভত্বং শুভমপি বৃদ্ধি মুপৈতি তৎপ্রভাবাৎ ॥

অস্যার্থঃ। যে লগ্নে বিবাহ দিবে তাহার পঞ্চম। চতুর্থ দশম কিম্বা অথবা নবম ॥ সেই সেই লগ্নে গুরু কিম্বা শুক্রাচার্য্য। এ সুতহিবুক যোগ জানিবে নির্দ্ধার্য্য ॥ ইহাতে বিবাহ দিলে সর্ব্বদোষ খণ্ডে। অভাবে বিবাহ দিবে গোধূলির দণ্ডে ॥

অথ গোধূলির লক্ষণ।

গোধূলিং ত্রিবিধং বদন্তিমুনয়ো নারী বিবাহাদিকে হেমন্তে শিশিরে প্রয়াতি মৃদুতাং পিণ্ডীকৃতে ভাস্করে। গ্রীষ্মেদ্ধাস্তমিতে বসন্তসময়ে ভানৌগতে দৃশ্যতাং সূর্য্যেচাস্ত মুপাগতেচ নিয়তং প্রাবৃট শরৎকালয়োঃ।। লগ্নং যদা‑ নাস্তি বিশুদ্ধ মন্যদ্গোধূলিকাং তত্র শুভাং বদন্তি। লগ্নে বিশুদ্ধে সতীবীর্য্য যুক্তে গোধূলিকা নৈবফলং বিধত্তে। নাস্মিন গ্রহা ন তিথয়ো নচ বিষ্টিবারা ঋক্ষাণি নৈব নয়ন্তি কদাপিবিঘ্নং। অব্যাহতঃ সততমেব বিবাহকালে যাত্রা সুচায় মুদিতো ভৃগুজেন যোগঃ ॥ মার্গেগোধূলিযোগে প্রভবন্তি বিধবা মাঘ মাসে তথৈব পুত্রায়ুর্দ্ধন যৌবনেন সহিতা কুম্ভেস্থিতে ভাস্করে। বৈশাখে সুখদা প্রজা ধনবতী জ্যৈষ্ঠে পতের্মানদা। আষাঢ়ে ধনধান্য পুত্রবহুলা পাণি গ্রহে কন্যকা ॥

অস্যার্থঃ। জ্যোতিষ প্রমাণে বলি, ত্রিবিধ যে সে গোধূলি, নারী বিবাহাদি সে যখন। হেমন্ত শিশিরে প্রায়, সূর্য্য অস্তাচলে যায়, পিণ্ডীকৃত হইলে তপন ॥ গ্রীষ্ম অর্দ্ধ অস্ত হলে, অথবা বসন্তকালে, ছায়াপতি অদৃশ্য হইলে। প্রাবৃট শরৎকালে, দিবাকর অস্ত গেলে, গোধূলি যে ঋষিগণে বলে ॥ শুভলগ্ন নাহি পায়, গোধূলি শুভত্ত তায়, শাস্ত্র সিদ্ধ জানিবা নিশ্চয়। যদি হয় গ্রহ রিষ্টি, তিথিবার কিবা বিষ্টি, নক্ষত্রাদি দোষ নাহি রয়। যাত্রা কিম্বা পরিণয়, গোধূলি শুভদ হয়, সর্ব্বদা এ শুক্রাচার্য্য কয় ॥ অগ্রহায়ণক মাঘে, বিবাহ

গোধূলি যোগে, বৈধব্যতা হইবে নিশ্চয়। পুত্র আয়ু আর ...দ্ধি, যৌবন সহিত বৃদ্ধি, ফাল্গুনে উদ্বাহ যদি হয়॥ বৈশাখে সুখদা কয় ...ধা ধনবতী হয়, জ্যৈষ্ঠ-মাসে পতিমান দাত্রী। আষাঢ়ের এই সূত্র, ...বান্য বহু পুত্র, পাণি গ্রহণের সেই কত্রী॥

...বিবাহ নিষেধ।

বিবাহেতু দিবাভা... অথ ...স্যাৎ পুত্রবর্জ্জিতা। বিবাহানলদগ্ধাসা নির্য্যিতং স্বাবিঘাতিনী...

অস্যার্থঃ। দিবাতে বিবাহ দিলে অপুত্রা কামিনী। দগ্ধা বিবাহিতা কন্যা ...ঘাতিনী॥

অথ রাত্রিতে দান নিষেধ প্রতি প্রসব।

রাত্রৌদানং নশংসন্তি বিনাচাভয় দক্ষিণাং। বিদ্যাং কন্যাং দ্বিজশ্রেষ্ঠা দীপমন্নং প্রতিশ্রয়ং॥

অস্যার্থঃ। রাত্রিকালে দান নাই শাস্ত্রে ইহা কয়। দক্ষিণা অভয়দানে সুযুক্তি সে নয়॥ বিদ্যাদান কন্যাদান দীপ অন্নদানে। প্রতিশ্রয় আদি দানে কদাচ না মানে॥

অথ দ্বিরাগমনং।

শ্বশ্রূং হন্ত্যষ্টমে বর্ষে শ্বশুরঞ্চ দশাব্দিকে। সংপ্রাপ্তে দ্বাদশবর্ষে পতিং হন্তি দ্বিরাগমে॥ বিবাহমাসী প্রথমং বধ্বানাগমনং যদি তদা সর্ব্ব মিদং চিন্ত্যং যুগ্মাদ্যব্দং বিচক্ষণৈঃ॥

অস্যার্থঃ। বিবাহ প্রথম মাসে না হয় গমন। যুগ্মবর্ষ ত্যজিবেক তাহে বিচক্ষণ॥ অষ্ট বর্ষে দ্বিরাগমে শাশুড়ি বিনাশে। শ্বশুর বিনাশ হয় দশমবরষে॥ হইলে দ্বাদশ বর্ষ পতি করে নাশ। অতঃপর দ্বিরাগমে উক্ত যেই মাস॥

অথ দ্বিরাগমে মাস নক্ষত্রাদি।

পুষ্যাদিত্য সমীরণাদিতিবসুস্বপ্ন্যাত্তরা রেবতী তারা নায়ক রোহিণীষু শুভদে মেষালি কুম্ভে রবৌ। বারেস্বিজ্যসিতেন্দবিৎসু শুভদেব তারে প্রশস্তে বিধৌ কন্যা মন্মথ মীন তৌলি মৃগভে স্যাদঙ্গনা দ্ব্যাগমঃ॥ ভর্ত্তু গোচর শোভনে দিন করে নাস্তং গতে ভার্গবে। কুম্ভা জালি রবৌ শুভে শুভ দিনে বারাদি যাত্রোদিতে॥ পতিনানীয় মানায়া পুরঃশুক্রো নদোষ ভাক।

অস্যার্থঃ। পুষ্যা হস্তা পুনর্ব্বসু উত্তরফল্গুনী। উত্তরভাদ্রপদ স্বাতী ধনিষ্ঠা রোহিণী॥ উত্তরাষাঢ়া মৃগশিরা রেবতী নক্ষত্র। অতঃপর মাসের বিশেষ কহি অত্র॥ বৈশাখ ফাল্গুন মাস অগ্রহায়ণক। বুধ বৃহস্পতি শুক্র রজনী নায়ক॥ যাত্রোদিত তিথি এই বারে দ্বিরাগম। চন্দ্র তারা শুদ্ধি শুদ্ধ কালের নিয়ম॥ ভর্ত্তার গোচর শুদ্ধ রবি যদি হয়। কিন্তু শুক্র অস্ত হৈলে কদাচিৎ নয়॥ কন্যা তুলা মিথুন মকর এই লগ্ন। অগ্রেতে থাকিলে শুক্র তাহে যাত্রা ভগ্ন॥ এক গ্রামে থাকে কিম্বা থাকে এক ঘরে। দুর্ভিক্ষে অবনীপাল অত্যাচার করে॥ এ-রূপে স্বয়ং পতি নারী যদি আনে। সম্মুখে থাকিলে শুক্র দোষ নাহি মানে॥

অথ কন্যা যাত্রায় ভোজন নিষেধ।

মৎস্য সুক্তে ভুক্তা। স্বগৃহে কন্যা ভুংক্তে স্বামি গৃহে যদি। দৌর্ভাগ্যং জায়তে তস্যাঃ সপত্নি কুলনাশি।

অস্যার্থঃ। পিতার ভবনে হৈতে পতির ভবন ॥ পতির ভবনে আসি ভোজন। যাত্রা করে যদি কন্যা জ্যোতিষেতে বলে ॥ অভিশাপ করে তারে কুলের সকলে। হইবে দুর্ভাগ্যবতী অত্যন্ত গর্হিত কর্ম্ম অরিষ্ট দায়িকা ॥

অথ প্রথম রজোদর্শনে শুভাশুভং।

আদিত্য বিধবা নারী সোমে চৈব প্রতিব্রতা। বেশ্যা মঙ্গল বারেচ সৌভাগ্য মেবচ ॥ বৃহস্পতৌ পতিঃ শ্রীমান শুক্রে পুত্রবতী ভবেৎ। শনৌ বন্ধ্যাং বিজানীয়াৎ প্রথমে স্ত্রী রজস্বলা ॥

অস্যার্থঃ। রবিতে বিধবা হয় সোমে পতিব্রতা। মঙ্গলেতে বেশ্যা বুধে সৌভাগ্য সংযুতা ॥ বৃহস্পতি বারে পতি লক্ষ্মীযুক্ত হয়। শুক্রবারে বহু পুত্র চিরজীবী রয় ॥ শনিবারে বন্ধ্যা হয় জ্যোতিষের মতে। অতএব লিখি যাহা প্রায়শ্চিত্ত তাতে ॥ গো কাঞ্চন ভূমি কিম্বা ধান্য দিবে দান। দোষ শান্তি হয় তবে এইত বিধান ॥

অথ নন্দাদি পঞ্চ তিথিতে আদ্যঋতুর ফল।

নন্দা ভদ্রা তিথি হৈলে সতী পতিব্রতা। পূর্ণা তিথি পাইলে অবশ্য হয় সুতা ॥ জয়া জগতের মধ্যে বাড়ায় সম্মান। রিক্তা পেলে তার পতি যমালয়ে যান ॥ অখণ্ড নক্ষত্র যদি ঋতু কালে পায়। কুশলে থাকিবে রামা সুখে সর্ব্বদায় ॥ দুই পাদ ভগ্ন আছে যে যে ঋক্ষগণ। তাহাতে হইলে কিছু দুঃখের কারণ ॥ পাদ ভগ্ন ঋক্ষে ঋতু হয় যদিস্যাৎ। চিরকাল তাহার হইবে গর্ব্ভপাৎ ॥ রাত্রে ঋতুমতী হইলে স্বামীর কুশল। দিবসেতে কামিনীর অতি সুমঙ্গল ॥ দিবা রাত্রি অবসানে যেবা দুই সন্ধ্যা। তাহাতে হইলে নারী অবশ্যই বন্ধ্যা ॥

পূর্ব্বাত্রয়ে যাম্য ভুজঙ্গরৌদ্রে বৈধব্য মস্যা বিদধাতি নূনং মঘেসশোকা-প্যথতে দিতীশে সাবন্ধকীন্দ্রোনলতে দরিদ্রা ॥

অস্যার্থঃ। ত্রিপূর্ব্বা ভরণী আর্দ্রা ফণিতে বিধবা। মঘে শোক পুনর্ব্বসু বন্ধকী জানিবা ॥ কৃত্তিকা অথবা জ্যেষ্ঠা নক্ষত্রে হইলে। দরিদ্রতা নিশ্চয় ইহা জ্যোতিষেতে বলে ॥

আদ্য ঋতুর মাস ফল।

জৈষ্ঠে স্যাদ্বিধবা নারী আষাঢ়ে ধনসংযুতা। শ্রাবণেচ মৃতাপত্যা ভাদ্রেচ বহু রোগিণী ॥ আশ্বিনেচ মৃতাপত্যা কার্ত্তিকে কুলনাশিনী। মার্গশীর্ষে ধর্ম্ম-শীলা পৌষেচ রতি বহুলা ॥ মাঘে পতিব্রতা নারী ফাল্গুনে বহু পুত্রিণী। চৈত্রেচ মদমোন্মত্তা বৈশাখে প্রিয়বাদিনী ॥

অস্যার্থঃ। জৈষ্ঠেতে বিধবা হয় আষাঢ়েতে ধনী। মৃতাপত্যা বা শ্রাবণে ভাদ্রেতে রোগিণী ॥ আশ্বিনেতে মৃতপত্যা হইবে কামিনী। কার্ত্তিকেতে

ঋতুমতী স্বকুল নাশিনী ॥ মার্গশীর্ষে ঋতুমতী হয় ধর্ম্মশীলা পৌষেতে হইলে ঋতু রতিতে বিহ্বলা ॥ মাঘে পতিব্রতা নারী হইলে ঋতুমতী । ফাল্গুনে হইলে ঋতু বহু পুত্রবতী ॥ মদনোন্মাদিনী হয় চৈত্রে কামিনী । বৈশাখে হইলে হয় সুপ্রিয়বাদিনী ॥

পঞ্চপর্ব্ব ।

চতুর্দ্দশ্যষ্টমী চৈব ...স্যার্থ পূর্ণিমা । পর্ব্বাণ্যেত নি রাজেন্দ্র রবি সংক্রান্তিরেবচ

...তুর্দ্দশী অমাবস্যা অষ্টমী পূর্ণিমা । সংক্রান্তি এ পঞ্চদিন পর্ব্ব অস...া ॥ স্ত্রীগমন অধ্যয়ন তৈল ম্রক্ষণ দেহে নরের নিষেধ এই জ্যোতি-ষেতে কহে ॥

অথ গর্ব্ভাধান ।

পাপসংযুত মধ্যগেষু দিনকৃতলগ্নক্ষপাস্বামির্ষু তদ্দনেষু শুভোজিবাতেষু বিকুজে ছিদ্রে বিপাপেস্মুখে । সুগ্রক্তেষু ত্রিকোণকন্টকাবিধুষ্বায়্যষষ্ঠাম্বিতে পাপে যুগ্মেনিশাসু গণ্ডসময়ে পুংশুদ্ধিতঃ সঙ্গমঃ । মূলা মঘা অশ্বিনীনামাদ্যং জ্যেষ্ঠান্ত্যা সর্পাণাং । অন্ত্যং গণ্ড পদং তক্তা ষোড়শাহে ইতোব্রজেৎ অশ-ক্তোতু ভুজবলে ভীমে ॥ অন্ত্যং পৌষ্ণেন্দ্রসর্পাণাং আদ্যং পিত্রশ্বি মূলগং গণ্ডং দণ্ডত্রয়ং খ্যাতঃং সর্ব্ব কার্য্যেষু কল্পিতং ॥

অস্যার্থঃ । যেই দিন আদ্য ঋতু হবে দরশন । তদবধি ষোলদিন পর্য্যন্ত গণন ॥ তার মধ্যে প্রথম চতুর্থ দিন ত্যজ্য । একাদশ ত্রয়োদশ দিন নহে গ্রাহ্য ॥ অপর যে দশ দিন তার যুগ্ম দিনে । সুপ্রশস্ত গর্ব্ভাধান জ্যোতিষ প্র-মাণে ॥ সুপ্রশস্ত রবি কুজ কিম্বা গুরুবার । সোম শুক্রে মধ্যম জানিবা মাত্র সার নন্দা ভদ্রা সুপ্রশস্ত পুংতিথি জানিয়া । পূর্ণাজয়া মধ্যম যে স্ত্রীতিথি মানিয়া ॥ নপুংসক বলি রিক্তা নাহি করে গ্রাহ্য । এজন্য সে রিক্তা তিথি সব কর্ম্মে ত্যজ্য ॥ আর্দ্রা পুনর্ব্বসু পুষ্যা হস্তা বা শ্রবণা । পূর্ব্বভাদ্রপদ পূর্ব্বাষাঢ়া নহে মানা ॥ মৃগশিরা লইয়া যে এ নক্ষত্র কয় । সুপ্রশস্ত গর্ব্ভাধানে পুংসজ্ঞার্থে কয় ॥ রোহিণী ভরণী পূর্ব্বফল্গুনী বা চিত্রা । স্বাতি কি বিশাখা শতভিষা ধনি মিত্রা ॥ এ কয় নক্ষত্র সে মধ্যম করি গ্রাহ্য । এ ভিন্ন অপর যে সে সব ত্যজ্য ॥ জ্যেষ্ঠা মূলা মঘাশ্লেষা রেবতী অশ্বিনী । ত্রিউত্রা কৃত্তিকা সে নিষেধ মধ্যে গণি ॥

অথ পঞ্চামৃত ।

রেবত্যশ্বিনী পুনর্ব্বসুদ্বয় মরুনমূলানুরাধা মঘা হস্তানুত্তরভাদ্রয়েচ ভৃগুজে জীবার্কবারে তথা । লগ্নক্ষোডুপ শোভনেষু নিংয়তং সংত্যজ্য রিক্তাং তিথি মেষং মাসিতু পঞ্চমে সুকরণে পঞ্চামৃতং যোষিতাং । দুগ্ধং সশর্করঞ্চৈব ঘৃতং দধি তথা মধু । পঞ্চামৃত মিদং প্রাহুর্ব্বিধেয় সর্ব্ব কর্ম্মসু ॥

অস্যার্থঃ । শুক্লপক্ষে পঞ্চামৃত পঞ্চম মাসেতে । রবি বৃহস্পতি শুক্র এ তিন বারেতে ॥ চন্দ্রতারা শুদ্ধি শুভলগ্ন শুভযোগ । রিক্তা তিথি ভিন্নত করণ বিষ্টি ভোগ ॥ পুনর্ব্বসু পুষ্যা মঘা উত্তরফল্গুনী । হস্তা স্বাতি উত্তরাষাঢ়া মূলা বা

অশ্বিনী॥ অনুরাধারেবতী ও উত্তরভাদ্রপদ। একয় নক্ষত্রশুভ নাহিক আপদ॥ দধি দুগ্ধ ঘৃত চিনি মধু এই কয়। একত্র করিয়া পঞ্চ ভক্ষণ নির্ণয়॥ কহিলাম উক্ত বার নক্ষত্রাদি যত। দিবে পঞ্চামৃত নিজ কুলাচার মত॥

অথ জাতভদ্রাদি—তত্র দণ্ড জন্মচিন্তা।

জাতঃ সদন্তঃ মিতৃমাতৃ হন্তা তাতং বিহন্যাৎ প্রথমেতু মাসি। অম্বাং দ্বিতীয়ে সহজং তৃতীয়ে মাসে চতুর্থে শুভকারকঃস্যাৎ॥ মিষ্টান্নভোজী সুভগঃ সুতাখ্যে। ষষ্ঠে সুখী পণ্ডিত কল্পবুদ্ধিঃ ততোঽকস্মাদ্বলবান্ তুনাথেমাসেঽষ্টমে বিত্তসুখৈর্ব্বিহীনঃ॥ সুর প্রতাপী নবমে মৃত্যুশ্চ দশমে তথা। একাদশে দ্বাদশে চ সুখীচ সুভগোভবেৎ॥ অষ্টৌ পুত্তলিকানকৃত্বাসুগন্ধে গন্ধকৈস্তথা। স্রোতঃসুসংক্রমেচাপি স্নাপয়েৎ শুক্লপুষ্পকৈঃ। স্নানংসংক্রমণস্যাধঃ শম্ভো দর্শন মন্ততঃ। হোমং বিপ্রার্চ্চনঞ্চৈব মশুভে দন্ত দর্শনে॥

অস্যার্থঃ। দৈবে যদি কোন নারী প্রসবে সদন্তা। তবে সে সন্তান হয় পিতৃ মাতৃ হন্তা॥ প্রথম মাসেতে দন্ত যদিস্যাৎ হয়। পিতার বিনাশ তার জ্যোতিষেত কয়॥ দ্বিতীয় মাসেতে যদি শিশুর হয় দত্র। অবশ্য হইবে তার জননীর অন্ত॥ সহোদর হানি হয় তৃতীয় মাসেতে। শুভকর হয় দন্ত হৈলে চতুর্থেতে॥ সুভোগমিষ্টান্ন ভোগী পঞ্চম মাসেতে। সুখী সুপণ্ডিত কল্পবুদ্ধি সে ষষ্ঠেতে॥ তদধিক বলবান সপ্তমেতে কয়। অষ্টম মাসেতে বিত্ত সুখহীন হয়॥ সুরতুল্য প্রতাপী দন্ত হইলে নবমে। মৃত্যুকয় যদি হয় দন্ত সে দশমে॥ একাদশে দ্বাদশেতে সুভোগী সে সুখী। জ্যোতিষ প্রমাণে মাত্র এই ফল দেখি॥ সুগন্ধ গন্ধকে অষ্ট পুত্তলি করিয়া। সংক্রমে স্রোতের জল শুক্ল পুষ্পদিয়া॥ সংক্রমের অধোভাগে স্নান করাইবে। শম্ভুর দর্শন অন্তে হোম সমর্পিবে॥ অশুভ হইবে নাশ বিপ্রের অর্চ্চনে। এইত প্রমাণ কহে জ্যোতিষ বচনে॥

অথ সুপ্রসব মন্ত্র।

অস্তি গোদাবরী তীরে জম্ভলা নাম রাক্ষসী।
তস্যাঃ স্মরণমাত্রেণ বিশল্যা গর্ব্বিণী ভবেৎ॥

অথ সুপ্রসব কারণ বত্রিশের ঘর পূরণ।


পঞ্চরেখাঃ সমুল্লিখ্য তীর্য্যগূর্দ্ধক্রমেণতি। পদানি ষড়দশাপাদো ষ্টৈকমাদো মুনৌত্রয়ং। নবমে সপ্তদদ্যাত্তু বাণং পঞ্চদশে তথা॥ দ্বিতীয়েষ্টা ষষ্টমেষট্ দ্বিশি দ্বৌ ষোড়শেশ্রুতিং। একাদিনাসমং দেয়ং ইষ্টার্দ্ধাঙ্কং ত্রিকোণকে। তদা দ্বাত্রিংশদাদিঃ স্যাৎচতুঃকোষ্ঠেষুসর্ব্বতঃ। দর্শনাদ্ধারণাভ্যাসাং শুভং স্যাদেষু কর্ম্মসু। দ্বাত্রিশৎ প্রসবেনার্য্যাশ্চত্ত্রিংশোদ্ধামেনৃণাং। ভূতারিষ্টেষু পঞ্চাশৎ মৃতাপত্যাসুবৈশতং। দ্বাসপ্ততিস্তু বন্ধ্যায়াং চতুঃষষ্টি রণাধ্বনি। বিষে-বিংশো ধান্যকীটেষ্বষ্টা বিংশতিরেবচ। চতুরষ্টৌচ বালানাং রোদনে পরিকীর্ত্তিতা॥

চন্দ্র নেত্র সমুদ্র বাণ, পৃষ্ঠে নব করি বুঝহ সন্ধান। যাহা কর অঙ্ক তাহা কর আধা, কুম্ভ পদে পদে ভাগ সমাধা॥

অথ বত্রিশের ঘর।

যথা।

৩২ ৩২ ৩২ ৩২ ৩২ ৩২



৩২ ৩২ ৩২ ৩২ ৩২ ৩২

অথ লগ্ন পরীক্ষা।

উদয়াস্ত গতানাড্যস্তেষা মার্দ্ধক সঙ্গকা। রবিভুক্ত সমাযুক্তো জাতস্থলগ্ন নির্ণয়ঃ ॥

অস্যার্থঃ। উদয় অবধি দণ্ড হইবে যতেক। গণনা করিয়া লহ তাহার অর্দ্ধেক ॥ রবি ভুক্ত তাহে যুক্ত লগ্ন হবে যেই। লগ্ন আনয়ন কহে বুধ-গণে এই ॥

অথ দ্বিতীয় প্রমাণ।

চন্দ্ররাশ্যধিপো যত্র তৎত্রিকোণ যথাপিবা। তৎসপ্তমং ত্রিকোণস্থা তল্লগ্নং পরিকীর্ত্তিতং ॥

অস্যার্থঃ। চন্দ্র কিম্বা রাশ্যধিপ থাকিবে যথায়। লগ্নের নিশ্চয় দেখ হইবে তথায় ॥ অথবা দেখহ তার নবম পঞ্চমে। নতুবা পাইবে লগ্ন তাহার সপ্তমে ॥ কিম্বা তার ত্রিকোণেতে হইবে নিশ্চয়। লগ্ন আনয়ন এই জ্যোতি-ষেতে কয় ॥

তৃতীয় প্রমাণ।

চন্দ্র যথালগ্ন তথা তত্রিকোণে হয়। ক্ষেত্রাধিপের বিযোড় ঘরে ষষ্ঠী দাসে কয় ॥

অস্যার্থঃ। যথা চন্দ্র যথা লগ্ন অথবা ত্রিকোণে। ক্ষেত্রাধিপের বিযোড় ঘরে ষষ্ঠীদাসে ভণে ॥

অথ প্রসবদ্বারমাহ।

পূর্ব্বস্যাঞ্চ গৃহংবাচ্যং মেষ কুম্ভালি কর্কটে। তুলালগ্নেচ কৌবের্য্যাং মিথুনে মীন কার্ম্মুকে ॥ কন্যারাঞ্চ বৃষেলগ্নে পশ্চিমেচ গৃহংসদা। মকরে সিংহ লগ্নেতু দক্ষিণেস্যু দিশিক্রমাৎ ॥

অস্যার্থঃ। কর্কট বৃশ্চিক মেষ কুম্ভলগ্ন যার। জন্মিলে সূতিকাগৃহের পূর্ব্ব দিকে দ্বার ॥ তুলা ধনু মীন আর মিথুনলগ্ন যোগে। জন্মিলে সূতিকা দ্বার হয় উত্তরদিকে ॥ কন্যা এবং সিংহলগ্নে যদি জন্ম হয়। পশ্চিমে সূতিকা দ্বার জানিবে নিশ্চয় ॥ মকর এবং সিংহলগ্নে যদি জন্মে নর। দক্ষিণে সূতিকা দ্বার জানিবা সত্বর ॥

অথ জাতক বালকের শিরোজ্ঞান।

মেষেচাপমৃগেন্দ্রয়োঃ কিলশিশুঃ প্রাচীশীরা জায়তে কন্যাগো মকরেষু দক্ষিণশিরা জাতো ভবেন্নিশ্চিতং। মীনে বৃশ্চিক কর্কিনোযদি তদা কৌবের মূর্দ্ধা শিশুঃ কুম্ভর্ক্ষেঘটযুগ্ময়োর্যদিতদা পাশ্চাত্যমূর্দ্ধভবেৎ ॥

অস্যার্থঃ। ধনুঃ সিংহ মেষলগ্নে জন্মিলে সন্তান। পূর্ব্ব শির হয় তার জ্যোতিষ প্রমাণ ॥ কন্যা বৃষ মকরেতে সন্তান জন্মিলে। দক্ষিণ শিরসি হয় জ্যোতিষেতে বলে ॥ বৃশ্চিক কর্কট মীনলগ্নে জন্ম যার। উত্তর শিরসি হয় জেনো সারোদ্ধার ॥ তুলা কুম্ভ মিথুনলগ্নেতে হলে জন্ম। পশ্চিম শিরসি হয় জ্যোতিষের মর্ম্ম ॥

অথ জাতক প্রকরণ পতাকী গণনা।

বারেশার্দ্ধযামেষু রাত্র্যহ্নোঃপঞ্চষটক্রমাৎ। অধিপাঃস্যু গ্রহাস্তত্র যথা কাহে ভবন্তিতে ॥ রবীজ্যেন্দু ভৃগুক্ষ্মাজ শনিজ্ঞরবয়োনিশি। রবি শুক্রজ্ঞ রাত্রীশাঃ শনীজ্য কুজভাস্করাঃ ॥ দিনে তুহ্যঃ পরেষ্বেবং তত্রাধ্যক্ষাশ্চতু- গ্রহাঃ। তীর্য্যগূর্দ্ধগতা রেখা ত্রিস্রোদেয়াঃ পতাকয়া ॥ যুতাঃ কার্য্যা বেধ বিদা সর্ব্বসঙ্গতরেখয়া। দক্ষস্থোদ্ধাতরেখাতোবামং মেষাদারাশয়ঃ ॥ পঞ্চা- ষ্টযুগ্মবিংশাশ্চ ষড়দশেন্দ্রাগ্নিসাগরাঃ। কর্কটান্মীনপর্য্যন্তমঙ্কাদেয়া যথা ক্রমং। বালস্য জন্মকালীন গ্রহলগ্ন মজাদিষু। বিন্যস্য চিন্তয়েৎ প্রাজ্ঞঃ শুভাশুভ মতোগ্রহাৎ ॥ শুভদণ্ড যোগবেধৈর্লগ্নাদ্বালস্য শোভনং। পাপদণ্ড যোগবেধে রাশ্যঙ্কদ্রিষ্টি কালবিৎ ॥ বলেবিকে দিনং মধ্যে মাসো হীনেচ হায়নং। কর্কী মীন ধনুর্ভ্যাঞ্চ হরেঃকীট ঘটেনচ ॥ স্ত্রিয়া স্তৌলি মৃগাভ্যাঞ্চ ঘটে মীনেচ কন্যয়া। ধনুবো মৃগকর্কিভ্যাং মকরে ধনুষা স্ত্রিয়াঃ ॥ মীনে কর্কি তুলাভ্যাং মীন স্ত্রী ধনুযাত্মজে। তুলা কর্কিমৃগেন্দ্রন্দ্বে কীট কুম্ভ বৃষেষুচ ॥ সিংহবদ্বেধ এতেষু বাম দক্ষিণ সংমুখে। রাহু কেত্বর্কসৌরারৈঃ পাপৈঃ সিদ্ধোযুতৌহশুভঃ ॥ তদন্যৈযত বিদ্ধস্তু লগ্ন রাশি শুভ প্রদঃ। একোনবিংশতিঃ কর্কে সিংহে সপ্তদশৈবতুঃ ॥ ষটত্রিংশদবলায়াঞ্চ ষড় বিংশতি স্তুলাধরে। বৃশ্চিকে সিংহবজ্জ্ঞেয় মুণীত্রিংশচ্ছরাসনে ॥ ষডিশং মকরে জ্ঞেয়ং কুম্ভে সপ্তদশস্মৃতাঃ। নবযুগ্মে তথা মীনে মেষে ষড়দশভিস্তথা ॥ বৃষভেচ যথা সিংহে যুগ্মে হুঙ্কহরলোচনে। ত্রিতয়াঙ্কা দিয়ং সংখ্যা দিন মা- সাব্দ নির্ণয়। একাঙ্কাৎ দ্বিগ্রহাঙ্কাদ্বা ক্বচি দ্রিষ্টৈশ্চ সম্ভবঃ ॥

অস্যার্থঃ। দিবামানকে আটভাগ করিলে তাহার প্রথম ভাগে অর্থাৎ দিবসের প্রথম যামার্দ্ধে সেই দিনে বারাধিপতি গ্রহ যামার্দ্ধপতি হইবেন, আর তাহা হইতে ছয় ছয় দিন অন্তরে যে যে বারাধিপতি গ্রহ হয়েন তাঁ-হারা ক্রমে দ্বিতীয়াদি যামার্দ্ধের পতি হইবেন। যেমন রবিবারে প্রথম যামার্দ্ধের পতি রবি দ্বিতীয়ের পতি শুক্র তৃতীয়ের পতি বুধ ইত্যাদি এই রূপে প্রত্যহ দিবসের প্রতি যামার্দ্ধের অধিপতি নিশ্চয় হইবেক। আর এই প্রকারে রাত্রি মানকে আটভাগ করিলে তাহার প্রথমভাগে সেই দিনের বারাধিপতি গ্রহ রাত্রি যামার্দ্ধের পতি হইবেন এবং তাহা হইতে পঞ্চম গণনাক্রমে যে যে গ্রহ প্রাপ্ত হইবেন, তাঁহারা ক্রমে রাত্রির দ্বিতীয়াদি যামা-র্দ্ধের পতি হইবেন। যেমন রবিবারের রাত্রির প্রথম যামার্দ্ধের পতি রবি হয়েন দ্বিতীয় যামার্দ্ধের পতি বৃহস্পতি, তৃতীয়ের সোম, ইত্যাদি। এই যামার্দ্ধের পতি গ্রহ গণনায় রাহু কেতুকে ত্যাগ করিবে। পরে ঐ ঐ যামার্দ্ধের দণ্ডপতি নিশ্চয় করিতে হইলে পূর্ব্বোক্ত ক্রমে চারি গ্রহের প্র-ত্যেক গ্রহসঙ্খ্যাঙ্কে যে যে গ্রহ প্রাপ্ত হওয়া যাইবেক তাহারা ক্রমে দ্বিতীয়াদি দণ্ডের পতি হইবেন অঙ্কের অভাবে রাহু তাহার অঙ্ক আট তাহার অর্দ্ধ চারি ইত্যাদি ক্রমে ইহাতে ভগ্নাঙ্ক ত্যাগ করিবেন যেমন দিবাতে রবির যামার্দ্ধে রবি, রাহু বুধ, বুধ সোম সোমের যামার্দ্ধে, সোম রবি রাহু বুধ, মঙ্গলের যামার্দ্ধে মঙ্গল রবি রাহু বুধ, বুধের যামার্দ্ধে, বুধ সোম রবি রাহু, বৃহস্পতির যামার্দ্ধে বৃহস্পতি সোম রবি রাহু, শুক্রের যামার্দ্ধে, শুক্র মঙ্গল রবি রাহু, শনির যামার্দ্ধে, শনি মঙ্গল রবি রাহু, ইহারা ক্রমে এক এক দিবাদণ্ডের অধি-পতি হয়েন। রাত্রিতে দণ্ডপতি স্থলে ঐ রূপ না হইয়া ছয় ছয় ক্রমে চারিটি গ্রহ রাত্রি দণ্ডের পতি হইবেন। যেমন রবির যামার্দ্ধে, রবি শুক্র বুধ সোম, সোমের যামার্দ্ধে, সোম শনি বৃহস্পতি মঙ্গল, মঙ্গলের যামার্দ্ধে, মঙ্গল রবি শুক্র বুধ, বুধের যামার্দ্ধে, শুক্র বুধ সোম শনি বৃহস্পতি, বৃহস্পতির যামার্দ্ধে বৃহস্পতি মঙ্গল রবি শুক্র, শুক্রের যামার্দ্ধে, শুক্র, বুধ সোম শনি, শনির যা-মার্দ্ধে শনি বৃহস্পতি মঙ্গল রবি, ইহারা ক্রমে এক এক রাত্রি দণ্ডের পতি হইবেন। এই দণ্ডের অর্থ যামার্দ্ধকে চতুর্থাংশ করিলে তাহার একাংশের নাম দণ্ড হয়। বালকের জন্ম সময়ের লগ্ন ও দণ্ডপতি নিশ্চয় করিলে যদি ঐ লগ্নে বা লগ্নের বেধস্থানে দণ্ডপতি গ্রহ থাকেন তবে পতাকী বেধ হয়। জন্মকালীন দণ্ডাধিপতি গ্রহ যদি শুভ হয়েন এবং তাহার সহিত শুভগ্রহের যোগ থাকে এবং লগ্ন ও লগ্নের বেধ স্থানে শুভগ্রহ থাকেন আর পাপগ্রহ না থাকেন, তবে বালকের শুভ হয় ইহার বিপরীত হইলে বালকের মৃত্যু হয়। শুভাশুভ মিলন হইয়া শুভের আধিক্য হইলে ক্লেশে প্রাণ ধারণ, শুভা-শুভ সমান হইলে জীবন সংশয় হয়। অশুভের আধিক্য হইলে মৃত্যু হয়, কিন্তু বুধের দণ্ড পতাকী বেধ হইলে অবশ্য মরণ হয়, লগ্নের বেধস্থান এই চক্রের রেখা দৃষ্টি করিলে নিশ্চয় হইবেক।

পতাকীচক্র।


মিথুন বৃষ মেষ

৩৯ ১৭ ১৬

কর্কট ৫ ৪ মীন

সিংহ ৮ ৩ কুম্ভ

কন্যা ২ ১৪ মকর



২০ ৬ ১০

তুলা বিছা ধনুঃ

অথ পতাকী বিষ্টির কাল।

অস্যার্থঃ। পতাকী চক্রের লগ্নে যেই অঙ্ক আছে। তার বেধস্থানে এই অঙ্ক মিলিয়াছে॥ উভয়াঙ্ক একত্রেতে যতেক পাইবে। ততদিন পতাকীর ফলপ্রদ হবে॥ তত মাসে কিম্বা তত বৎসর হইলে। রিষ্টিকাল ফলপ্রদ জ্যোতিষেতে বলে॥ যেমন কর্কট লগ্নে অঙ্ক পাঁচ আছে! তার বেধ স্থান ধনু মীন হইয়াছে॥ তাদের অঙ্ক দশ চারি সকলে উনিশ। সেই রিষ্টিকাল হয় কহিল জ্যোতিষ॥ অর্থাৎ উনিশ দিনে উনিশ বা মাসে। রিষ্টিকাল হয় কিম্বা উনিশ বরশে॥ এই রূপে অন্যান্য লগ্নের অঙ্ক পাবে। সেই অঙ্ক কালে ফল অবশ্য পাইবে॥ বলাধিকে দিন মধ্যে কিম্বা হবে মাসে। হীন বলে ফল প্রদ হইবে বরষে॥

অথ গণ্ড নিরূপণ।

অশ্বিনী মঘমূলানাং গণ্ডা আদ্যা স্ত্রিনাড়িকাঃ অন্ত্যাঃ পৌষ্ণো রগেন্দ্রাণাং পঞ্চৈবষবনাজগুঃ। মূলেন্দ্রয়ো র্দিবাগণ্ডো নিশাচ পিতৃসর্পয়োঃ সন্ধ্যা-দ্বয়ে তদাজ্ঞেয়া রেবতী তুরগর্ক্ষয়োঃ॥ সন্ধ্যারাত্রি দিবাভাগে গণ্ডযোগো স্তুবঃ শিশুঃ। আত্মানং মাতরং তাতং বিনিহন্তি যথাক্রমং॥ সর্ব্বেষাং গণ্ডজাতানাং পরিত্যাগো বিধিয়তে। তাতেনাদর্শনং বাপি যাবৎ যাম্মাষিকে। ভবেৎ॥ কুঙ্কুমং চন্দনং কুষ্ঠং গোরচন মথাপিবা। ঘৃতেনৈবাম্বিতং কৃত্বা চতুর্ভিঃ কলসৈর্বুধঃ॥ সহস্রাক্ষেণ মন্ত্রেণ বালকং স্নাপয়েত্ততঃ। পিতৃ যুক্তং দিবাজাতং মাতৃযুক্তঞ্চ রাত্রিজং॥ স্নাপয়েৎ মাতৃপিতৃভ্যাং সন্ধ্যয়োরু ভয়োরপি। কাংস্যপাত্রং ঘৃতৈঃপূর্ণং গণ্ডদোষোপ শান্তয়ে॥ দদ্যাদ্ধেনুং হির-ণ্যঞ্চ গ্রহাংশ্চাপি প্রপূজয়েৎ। মূলায়াঃ প্রথমেপাদে পিতুর্বপুঃ প্রণশ্যতি॥ দ্বিতীয়ে নিয়তাঃ পিড়াঃ মাতুঃকুর্য্যাৎ পিতুস্তথা। তৃতীয়ে ধননাশায়

চতুর্থে সর্ব্ব সম্পদঃ॥ ব্যত্যয়েন ফলং জ্ঞেয় মশ্লেষাস্বপি পূর্ব্ববৎ। বল্মীক মৃত্তিকাংনদ্যাৎ নদ্যাশ্চ তটমৃত্তিকাং। গোরষাণ মৃদশ্চৈব দন্তিদন্ত মৃদং ক্ষিপেৎ॥ তীর্থাম্ভঃ পঞ্চগব্যেন স্নানংমাতুঃ পিতুঃ শিশোঃ। দিবাজাতাতু যাকন্যা নিশিজাতস্তুযঃপুমান্॥ নোভয়োর্গণ্ডদোযোস্তি নাচলোহস্তি পর্ব্বতং। দিবাগণ্ডে নিশাজাতো নিশাগণ্ডে হ্যথবাদিবা। নোভয়োর্গণ্ডদোষঃ স্যান্না চলোহস্তি পূর্ব্বতং॥

অস্যার্থঃ। গণ্ড বলি মূলার প্রথম তিন দণ্ড। জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পাঁচ দণ্ড গণ্ড॥ এদুয়ের নাম ব্যক্ত দিবা গণ্ড হয়। ইহাতে জন্মিলে শিশু গণ্ড দোষ কয়॥ মঘার প্রথম তিন দণ্ড বলি গণ্ড। অশ্লেষার গণ্ড হয় শেষ পাঁচ দণ্ড॥ এ দুয়ের নাম মাত্র নিশা গণ্ড হয়। জ্যোতিষ বচন অর্থে এইরূপ কয়॥ প্রথম তৃতীয় দণ্ড গণ্ড অশ্বিনীর। শেষ পাঁচ দণ্ড গণ্ড হয় রেবতীর॥ এ দুয়ের নাম গণ্য সন্ধ্যা গণ্ড হয়। এইত প্রমাণ মাত্র জ্যোতিষেতে কয়॥ দিবাগণ্ড জাত বালকের মরে পিতা। নিশাগণ্ডে জন্মিলে অবশ্য মরে মাতা॥ সন্ধ্যা গণ্ডে জন্মিলে সে আপনি মরিবে। জ্যোতিষ বচনে এই প্রমাণ জানিবে॥ কন্যা কিম্বা পুত্র গণ্ড জন্ম হয় যদি। অবশ্য করিবে পরিত্যাগ এই বিধি॥ কিম্বা যে পর্য্যন্ত ছয় মাস নাহি হয়। পিতাকে দর্শন দেওয়া কদাচিৎ নয়॥ কুঙ্কুম চন্দন কুষ্ঠ আর গোরোচনা। ঘৃত যুক্ত চারি ঘট করিয়া স্থাপনা॥ সহস্রাক্ষ মন্ত্রে শিশু করাইবে স্নান। সন্ধ্যা গণ্ডে মাতা পিতা রক্ষিত সন্তান॥ ঘৃত পূর্ণ কাংস্য-পাত্র করিবেক দান। স্বর্ণ সহিত ধেনু দানে নাহি আন॥ মূলার প্রথম পাদে পিতৃ বপু নষ্ট। দ্বিতীয়ে নিয়ত পীড়া পিতৃ মাতৃ কষ্ট॥ তৃতীয় পা-দেতে হৈলে নাশ করে ঋদ্ধি। চতুর্থ পাদেতে সর্ব্ব সম্পদের বৃদ্ধি॥ অশ্লেষার পূর্ব্ববৎ ব্যত্যয়ের ফল। অতঃপর কহি প্রায়শ্চিত্ত যে সকল॥ বল্মীক মৃত্তিকা নদী তটের মৃত্তিকা। গোশৃঙ্গ মৃত্তিকা দন্তি দন্তের মৃত্তিকা॥ তীর্থের জলেতে সব নিক্ষেপ করিবা। বিশেষতঃ তাহে পঞ্চ গব্য মিশাইবা॥ শিশু সহ মাতা পিতা করাইবে স্নান। অরিষ্ট ঘুচিবে তবে জ্যোতিষ প্রমাণ॥ দিবা গণ্ডে জাত কন্যা রাত্রি গণ্ডে পুত্র। তাদের না হয় গণ্ড দোষ এই সূত্র॥ নিশা গণ্ড জাত যদি জন্ময়ে দিবাতে। কিম্বা দিবা গণ্ড জাত জন্ময়ে নিশাতে॥ কদাচিৎ গণ্ডদোষ তাহাতে না হয়। জ্যোতিষ প্রমাণে এই বুধগণে কয়॥

অথ মাতৃ রিষ্টি।

লগ্নাচ্চতুর্থগঃপাপো যদিস্যাদ্বলবত্তরঃ। তদামাতৃ বধংকুর্য্যাত্তৎ কেন্দ্রে চাপরোযদি॥ কেন্দ্রত্রিকোণগঃ পাপো মাতৃহা সপ্তবাসরাৎ। সপাপাৎ ভার্গবাৎ পাপো হিবুকে মাতৃনাশকৃৎ॥ চন্দ্রমা যদি পাপেন ত্রয়েণৈযহি বীক্ষিতঃ। মাতৃনাশো ভবেত্তস্য ষষ্ঠে পাপো ভবেদযদা॥

অস্যার্থঃ। বালকের জন্মলগ্ন কর নিরূপণ। লগ্নের চতুর্থে যদি পাপগ্রহ রন্॥ সেই পাপ গ্রহ যদি হয় বলবান। তাহার চতুর্থে সপ্ত দশম যে স্থান॥ তাতে যদি কদাচিৎ পাপ গ্রহ রয়। মাতৃরিষ্টি হয়ে তার জ্যোতিষেতে কয়॥

কেন্দ্রের নবম পঞ্চে পাপ করে বাস। সপ্তাহের মধ্যে তার মাতার বিনাশ॥ অথবা ভার্গব যদি পাপযুক্ত হয়। তাহার চতুর্থে যদি পাপগ্রহ রয়॥ তথাপি সে মাতৃরিষ্টি অবশ্য হইবে। জ্যোতিষ প্রমাণে ইহা নিতান্ত জানিবে॥ অথবা চন্দ্রমা ত্রিপাপের দৃষ্ট হয়। আর যদি ষষ্ঠ স্থানে পাপগ্রহ রয়॥ তথাপি সে মাতৃরিষ্টি অবশ্য হইবে। জ্যোতিষ প্রমাণে এই নিতান্ত জানিবে॥

অথ পিতৃরিষ্টি।

কর্ম্মস্থানে স্থিতঃসৌরি রিপুস্থানেচ চন্দ্রমা। কুজেচ সপ্তম স্থানে ম্রিয়তে পিতৃসংজ্ঞকঃ। তযোহাঃ যদি পাপেন ত্রয়েণৈবহি বীক্ষীতঃ। শুভৈরযুত দৃষ্টশ্চ পিতুরপ্যন্ত মাদিশেৎ॥

অস্যার্থঃ। লগ্নের দশম স্থান করি নিরীক্ষণ। কদাচিৎ সেই স্থানে শনি যদি রন॥ ষষ্ঠ স্থানে থাকে যদি রজনী নায়ক। সপ্তম স্থানেতে যদি থাকে অঙ্গারক॥ অবশ্য হইবে তার পিতার বিনাশ। জ্যোতিষ প্রমাণে ইহা আছয়ে প্রকাশ॥ চন্দ্রমা যদ্যপি ত্রিপাপের দৃষ্ট হন। যদি শুভগ্রহ যুক্ত নাহি তিনি রন॥ যদি কোন শুভগ্রহ নাহি তারে দেখে। তবে পিতৃ রিষ্টি হয় জ্যোতিষেতে লেখে॥

অথ জন্ম নক্ষত্র দ্বারা দশা নিরূপণ।

কৃত্তিকাদি ত্রয়ে সূর্য্যঃ সোমে রৌদ্রচতুষ্টয়ে মঘাদি ত্রিতয়ে ভৌমঃ। বুধো হস্তা চতুষ্টয়ে॥ অনুরাধাত্রয়ে সৌরি গুরুঃ পূর্ব্বা চতুষ্টয়ে। ধনিষ্ঠাত্রিতয়ে রাহুঃ শেষে শুক্রঃ প্রকীর্ত্তিতঃ॥

অস্যার্থঃ। কৃত্তিকা অবধি তিন ঋক্ষেতে জন্মিলে। হইবে রবির দশা জ্যোতিষেতে বলে॥ আর্দ্রা আদি চতুর্ঋক্ষে জন্মিলে সন্তান। হইবে চন্দ্রের দশা ইথে নাহি আন॥ মঘা আদি তিন ঋক্ষে সন্তান জন্মিলে। মঙ্গলের দশা হবে শাস্ত্রে ইহা বলে॥ হস্তা আদি চতুর্ঋক্ষে যে কহে জন্মিবে। বুধের দশায় সেই নিতান্ত হইবে॥ অনুরাধা আদি তিনে যদি জন্মে প্রাণী। শনির দশায় হবে জ্যোতিষের বাণী॥ পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া অভিজিৎ শ্রবণা। সুরা-চার্য্য দশা হবে নাহি কিছু মানা॥ ধনিষ্ঠাদি ত্রিনক্ষত্রে রাহুদশা হবে। শেষ চতুর্ঋক্ষে শুক্র দশায় পাইবে॥

অথ দশভোগের কাল।

ষটসূর্য্যস্য দশা জ্ঞেয়াঃ শশিনো দশপঞ্চ চ। অষ্টাবঙ্গারকস্যাপি বুধস্য দশসপ্তচ॥ দশ বর্ষাণি মন্দস্য গুরোরেকোনবিংশতিঃ। রাহোর্দ্বাদশবর্ষাণি ভৃগোশ্চাপ্যেকবিংশতি॥

অস্যার্থঃ। রবি ছয় শশি পোনের মঙ্গলের অষ্ট। বুধ সপ্তদশবর্ষাদশার নির্দ্দিষ্ট॥ শনির দশম বর্ষ গুরুর ঊনিশ। রাহুর দ্বাদশ বর্ষ কহিল জ্যোতিষ॥ শুক্রের একবিংশ দশার নির্ণয়। স্থুল দশা এই রূপ জ্যোতিষেতে কয়॥

যে গ্রহের দশা যত নক্ষত্রে হয় তাঁহার দশার কালকে তত ভাগ করিলে এক এক ভাগে প্রত্যেক নক্ষত্রের কাল পাওয়া যাইবেক, এবং জন্ম নক্ষত্রের

পরিমাণ যত দণ্ড হইবেক ঐ নক্ষত্রের কালকে তত অংশ করিলে প্রতি অংশ এক এক দণ্ডের ভাগ হইবেক, জন্ম নক্ষত্রের যত দণ্ড গত হইলে জন্ম হয় তত দণ্ডের ভাগ ত্যাগ করিয়া ঐ নক্ষত্রের অবশিষ্ট দণ্ডের ভাগ এবং তাহার পর নক্ষত্রের ভাগ গ্রহণ করিয়া তাহার সহিত পর পর দশার যোগ করিয়া পরমায়ু পর্য্যন্ত দশা নিশ্চয় করিবে॥

প্রমাণ।

যেমন কোন বালকের চিত্রা নক্ষত্রের ১৪ দণ্ড ৩০ গতে জন্ম হইলে হস্তা নক্ষত্রাবধি ৪ নক্ষত্রের বুধের দশা হয়, ঐদশার পরিমাণ ১৭ বৎসর, প্রতি নক্ষত্রের ভাগ ৪ বৎসর ৩ মাস চিত্রা নক্ষত্রের মান ৫৯ দণ্ড হইলে প্রতি দণ্ডের ভাগ ২৫ দিন ৫৫ দণ্ড (শেষ ৫৫ দণ্ড থাকে) চিত্রা নক্ষত্রের গত ১৪ দণ্ড ৩০ পলে ১ বৎসর ১৫ দিন ৪৭ দণ্ড ৩০ পল অবশিষ্ট ৪৪ দণ্ড ৩০ পলে ৩ বৎসর ২ মাস ১৩ দিন ১৭ দণ্ড ৩০ পল হইবেক হস্তা নক্ষত্রের ভাগ ৪ বৎসর ৩ মাস তৎসহিত দশার গত ৫ বৎসর ৩ মাস ১৫ দিন ৪৭ দণ্ড ৩০ পল হয়,দশার অবশিষ্ট ১১ বৎসর ৮ মাস ১৪ দিন ১২ দণ্ড ৩০ পল, পরে শনির দশা, তৎপরে বৃহস্পতির দশা, তৎপরে রাহুর তদনন্তর শুক্র রবি সোম মঙ্গলের ক্রমে দশা হয়। এই প্রকারে সকল গ্রহের দশা বিভাগ হয়, পরন্তু বৃহস্পতির দশায় জন্ম হইলে ঐ দশার পরিমাণ ১৯ বৎসর, তাহাকে ৪ ভাগ করিলে পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের এক ভাগ ৪ বৎসর ৯ মাস, অপর তিনভাগকে অর্দ্ধার্দ্ধ করিলে ৭ বৎসর ১ মাস ১৫ দিন করিয়া এক এক ভাগ হইবেক তাহার এক ভাগ উত্তরাষাঢ়ার অন্য ভাগ শ্রবণার হইবেক, এই ভাগ গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত ক্রমে দশা ভাগ কর্ত্তব্য হয়॥

অথ জন্ম রাশি অনুসারে নামের আদ্যাক্ষর নির্ণয়।

জন্ম রাশি অ ল মেষ। ই ঈ উ ব বৃষ। ক ছ মিথুন। ড হ কর্কট। ম ঠ সিংহ। ট ণ প থ কন্যা। র ত তুলা। ন জ বিছা। ফ ঢ ধ ভ ধনু। খ য মকর। গ শ কুম্ভ। স এ ক্ষ দ চ মীন। এই সকল আদ্যাক্ষর যুক্ত নাম কর্ত্তব্য হয়, এই নাম দ্বারা সকল কর্ম্মে রাশির নির্ণয়।

অথ জারজ যোগ।

ন লগ্ন মিন্দুঞ্চ গুরু র্নিরীক্ষতে নবা শশাঙ্কো রবিণা সমাযুতঃ। সপাপ কোর্কেণ যুতোথবা শশী পরেণ জাতং প্রবদন্তি নিশ্চয়াৎ॥

অস্যার্থঃ। লগ্নেন্দু গুরু না দেখে, শশী রবিযুত না থাকে, পাপ যুক্ত করি তাকে, যদিস্যাৎ রাখে। অপরের জাত সেই, জ্যোতিষেতে কহে এই, জারজ নিশ্চিত তেঁই, বুধে কহে তাকে॥

দ্বিতীয় প্রমাণ।

লগ্নের পশ্চাতে থাকে যদি ইন্দু। অবশ্য আছয়ে তায় পরের বিন্দু॥

অস্যার্থঃ। লগ্নের পূর্ব্ব ঘরে চন্দ্র যদি থাকে। অপরের জাতক সেই সবে কহে তাকে॥

অথ অন্ন প্রাশন।

ষষ্ঠে মাসি নিশাকরে শুভকরে রিক্তেতরে বাতিথৌ সৌম্যাদিত্য সিতেন্দু জীবদিবসে পক্ষেচ কৃষ্ণে তরে। প্রাজেশাদিতি পৌষ্ণ বৈষ্ণব মৃগৈর্হস্তাদি ষট্কোত্তরৈ রাগ্নেয়াপ্পাতি পিতৃভৈশ্চ নিতরামন্নাদি ভক্ষ্যং শুভং ॥ দ্বাদশী সপ্তমী নিন্দা রিক্তাসু পঞ্চ পর্ব্বসু। বলমায়ুর্যশোহন্যাৎ শিশুনা মন্ন ভক্ষণং ॥

অস্যার্থঃ। ষষ্ঠ মাসে শিশুর করাবে অন্নাশন। অনুকূল চন্দ্র তারা জানিয়া শোভন॥ রিক্তা নন্দা পঞ্চ পর্ব্ব সপ্তমী দ্বাদশী। ইহা ভিন্ন তিথি আর শুক্ল-পক্ষে শশী॥ রবি সোম বুধ শুক্র বৃহস্পতি বার। অশ্বিনী রোহিণী চিত্রা ধনিষ্ঠাতে আর॥ শ্রবণা রেবতী হস্তা মৃগশিরা স্বাতি। উত্তরফল্গুনী অনুরাধা পুষ্যা খ্যাতি॥ কৃত্তিকা বিশাখামঘা জ্যেষ্ঠা পুনর্ব্বসু। শতভিষায় অন্নাশন করাইবে শিশু॥ উত্তরভাদ্রপদ উত্তরাষাঢ়া নক্ষত্র। বৃষ মীন কন্যা মিথুন বর্জ্জিবেন অত্র॥ দগ্ধা দগ্ধযোগ ভঙ্গ আদি যাহা বেধ। পূর্ব্বমত অন্নাশনে জানিবা নিষেধ॥

অথ কর্ণবেধ।

নোজন্মেন্দুভমাস সূর্য্য রবিজক্ষ্মাজাহ সুপ্তেচ্যুতে শস্তেকৈলঘু বিষ্ণু যুগ্ম মৃদুভে স্বাত্যুত্তরাদিত্যভৈঃ। সৌম্যাস্ত্র্যায়ত্রিকোণ কন্টকগতৈঃ পাপৈ স্ত্রিলাভারিগৈ রোজোব্দে শ্রুতিবেধ ইজ্য সিতভে লগ্নেতু কালে শুভে॥ যদ্যপত্যদ্বয়ং তিষ্ঠেৎ সম্ভবোহপ্যপরস্যচ। ষটকর্ণং তংবিজানীয়াৎ বর্জ্জিতং ত্রিদশৈরপি॥ ইত্যাশঙ্ক্য দ্বয়োর্মধ্যে শুদ্ধি র্যস্যাথ বৎসরে। কর্ণবেধো হিত-স্তস্য নাত্র জ্যেষ্ঠবিচারণা॥ রাজমার্ত্তণ্ডে ন জন্মমাসে নচ চৈত্রপৌষে ন যুগ্ম বর্ষে ন হরৌপ্রসুপ্তে। রবৌচতুর্থে নচ কৃষ্ণপক্ষে নজন্মভে কর্ণ বিধিঃ প্রশস্ত॥

অস্যার্থঃ। কর্ণবেধ কহি শুন ভাষায় নির্ণয়। অযুগ্ম বৎসরে উত্তরায়ণ ভিন্ন নয়॥ চৈত্র ভিন্ন মাস হয় সিতপক্ষ সার। সোম বুধ গুরু কিম্বা শুক্রাচার্য্য বার॥ রিক্তা ভিন্ন তিথি পুষ্যা শ্রবণা ধনিষ্ঠা। রেবতী অশ্বিনী হস্তা নহেত অনিষ্টা॥ পুনর্ব্বসু মৃগশিরা কিম্বা অনুরাধা। চিত্রাথবা স্বাতি হৈলে নাহি হয় বাধা॥ রবি শশী যদি তারা হয় অনুকূলা। লগ্নেতে কর্কট মীন ধনু কিম্বা তুলা॥ মেষ বা মকর কর্ণবেধে শুভকর। যে কিছু নিষেধ আছে কহি অতঃপর॥ দক্ষিণায়-ণেতে কিম্বা শ্রীহরি শয়নে। জ্যোতিষ প্রমাণে আর পৌষাগ্রহায়ণে॥ মধ্যম অপর কাল এ কয় বর্জ্জিত। জন্ম তারা জন্ম চন্দ্রে নহে কদাচিৎ॥ কিন্তু যদি দুই পুত্র থাকে বর্ত্তমান। অপর সম্ভব আছে হইবে সন্তান॥ ষটকর্ণ জানিয়া ত্যজ্য হয় দেবতার। অন্য পরে কাকথা মনুষ্য কোন ছার॥ জ্যেষ্ঠ বা কনিষ্ঠ তায় না কবি বিচার। অপত্যদ্বয়ের মধ্যে শুদ্ধ হয় যার॥ তাহার উচিত কর্ণ-বেধ এই যুক্তি। অন্যথা না হয় এই জ্যোতিষের উক্তি॥

অথ বিদ্যারম্ভঃ।

লঘুচর শিব মূলাধোমুখত্র্যষ্ট্ পৌষ্ণ শশিযুচক্ষুরিবোধে শুক্র জীবার্কবারে উদিত বতিচ জীবে কেন্দ্রকোণেষু সৌম্যেরপঠন দিনবর্জ্জং পাঠয়েৎ পঞ্চ

মেহব্দে। আরম্ভানন্তরং যত্র প্রত্যারম্ভো নিষধ্যতি। গর্গাদি মুনয়ঃসর্ব্বে তমে বাহু গলগ্রহং॥

অস্যার্থঃ। পঞ্চম বৎসরে হয় বিদ্যারম্ভ যুক্ত। শ্রীহরি শয়ন ভিন্ন উত্তরায়ণে উক্ত॥ শুক্লপক্ষে হয় আর শ্রেষ্ঠ শুকবার। ষষ্ঠী রিক্তা অনধ্যায় ভিন্নতিথি আর॥ অনধ্যায় ভিন্ন দিনে পুষ্যা হস্তা স্বাতি। পুনর্ব্বসু অশ্বিনী ভরণী বা রেবতী॥ শতভিষা মৃগশিরা শ্রবণা ধনিষ্ঠা। পূর্ব্বভাদ্রপদ মঘা নহেত অনিষ্টা॥ পূর্ব্বাষাঢ়া চিত্রা পূর্ব্বফল্গুনী কৃত্তিকা। বিদ্যারম্ভে উক্ত বটে অশ্লেষা বিশাখা॥ এ কয় নক্ষত্র বিদ্যারম্ভেতে উত্তম। রবি শুক্রবারে মাত্র গণ্য সে মধ্যম॥ এইরূপ বিদ্যারম্ভে যে দিন করিবা। পর দিন প্রত্যারম্ভ অবশ্য দেখিবা॥ কদাচিৎ তাহে যদি উক্ত নাহি হয়। গলগ্রহ দিন তবে গর্গ আদি কয়॥

অথ অনধ্যায় তিথি।

অনধ্যায় তিথি যাহা কহে সব ঋষি। অমাবস্যা পূর্ণিমা অষ্টমী চতুর্দ্দশী॥ আশ্বিনের দ্বিতীয়া যে উভয় পক্ষীয়া। চৈত্র কার্ত্তিকের হয় অসিত দ্বিতীয়া॥ হরি শয়নের তথা উত্থানেরে তিথি। প্রতিপদ মন্বন্তরা যুগাদ্যা প্রভৃতি॥ এই সব অনধ্যায় তিথি হয় গণ্য। উপনয়নাধ্যয়নে অবশ্যই মান্য॥

অথ অনধ্যায় দিন।

দক্ষিণায়ণের কিম্বা উত্তরায়ণের। মহাবিষুবের কিম্বা জলবিষুবের॥ অনধ্যায় বলি ইহা অবশ্য বর্জ্জন॥ অথবা যে দিন হয় সন্ধ্যায় গর্জ্জন॥ গ্রহণের দিনাবধি সপ্ত কিম্বা তিন। বুধগণে কহে এই অনধ্যায় দিন॥

অথ চূড়াকরণ।

চূড়াকার্য্যে প্রতিষ্ঠায়াং ভানুশুদ্ধি র্বিধীয়তে। অয়ুগ্মাব্দে তথা চূড়া রবি ভৌমশনীতরে॥ রিক্তা দর্শাষ্টমী ষষ্ঠী প্রতিপদ্বর্জ্জিতেসিতে। রোহিণ্যগ্নি বিশাখ মূল ভরণী রুদ্রাহি পূর্ব্বাত্রয়ে॥ জন্মর্ক্ষেপিচ জন্মমাসি হিমগৌ যাম্যোনবৈচোত্তরে। যঃকুর্য্যাৎ ক্ষুরকর্ম্ম মাস দিবসে সিংহে নিরংশেরবৌ তেনূনং পুরুষাঃ পতন্তি নিয়তং বহ্নৌ পতঙ্গাইব॥ নজন্মমাসে নচ চৈত্র পৌষে নমাং সংজ্ঞে নহরৌ প্রসুপ্তে সূর্য্যানুকূলে শশিনি প্রশস্তে তারা কুলে চন্দ্র বিবৃদ্ধ পক্ষে॥

অস্যার্থঃ। প্রথম বৎসরে কিম্বা তৃতীয় বৎসরে। অথবা বয়স কুলাচার অনুসারে॥ উত্তরায়ণে উক্ত কিন্তু চৈত্র মাসে হয়। শুক্লপক্ষে রবি চন্দ্র তারা শুদ্ধ কয়॥ রবি কুজ শনি ভিন্ন আর যত বার। চূড়াকার্য্যে প্রতিষ্ঠায় হইবে সুসার॥ রিক্তা প্রতিপদ ষষ্ঠী অষ্টমী পূর্ণিমা। এ ভিন্ন সকল ভাল যত তিথি সীমা॥ রেবতী রোহিণী অশ্ব পুষ্যা বা ধনিষ্ঠা। শ্রবণা বা স্বাতী হস্তা মৃগশিরা জ্যেষ্ঠা॥ শতভিষা পুনর্ব্বসু চিত্রাদি নক্ষত্রে। নিষিদ্ধ না হয় জানি চূড়াকার্য্য মাত্রে॥ কিন্তু দশযোগ ভঙ্গ দোষ যুতবেধ। যামিত্রাদি এ সকলে আছয়ে নিষেধ॥ কন্যা ধনু মীন বৃষ কর্কট মিথুন। এই কয় লগ্ন চূড়াকার্য্যেতে নিপুণ॥

জন্মচন্দ্র জন্মতারা আর জন্মমাস। শাস্ত্রেতে নিষেধ ইথে আছয়ে প্রকাশ॥ দক্ষিণায়নের মধ্যে বিধি আছে কয়। কিন্তু পৌষমাসে কদাচিৎ উক্ত নয়॥ চূড়ার বিষয়ে যদি হয় জ্যেষ্ঠ পুত্র। জ্যৈষ্ঠের দশম দিন ত্যজ্য হয় মাত্র॥ অগ্রহায়ণের ত্যজ্য হয় সমুদয়। চূড়াকরণের বিধি জ্যোতিষেতে কয়॥

অথ উপনয়ন।

জীবার্কেন্দুড় শুদ্ধৌ হরিশয়নবহির্ভাস্করে চৌত্তরস্থে স্বাধ্যায়ে বেদবর্ণাধিপ ইহ শুভদে ক্ষৌরিভে নাদিতৌচ। শুক্রার্কে জ্যক্ষলগ্নে রবিমদনতিথিং প্রোজঝ্য ষষ্ঠাষ্টমেন্দুং নো জীবাস্তাতিচারে২র্কসিত গুরুদিনে কাল শুদ্ধৌব্রতং স্যাৎ॥ দ্বিতীয়ৈকাদশী গ্রাহ্যা পঞ্চমী দশমী তথা। তৃতীয়া চৈব মেধাবী ভবেদত্র বলান্বিতঃ। পক্ষয়োর্মাঘমাসস্য দ্বিতীয়াং পরিবর্জ্জয়েৎ॥

অস্যার্থঃ। উপনয়নের বিধি, আছে বহু প্রতিবাদী, হরিশয়নেতে নাহি হয়। উত্তরায়ণেতে বিধি, শুদ্ধকাল হয় যদি, রবি গুরু চন্দ্রশুদ্ধ কয়॥ আর তারা শুদ্ধ হয়, বেদাধিপ শুদ্ধ রয়, কিম্বা জাত্যধিপ শুদ্ধ হবে॥ রবি গুরু শুক্রাচার্য্য, এই তিন বার গ্রাহ্য, তিথির নিষেধ আছে তবে॥ অনধ্যায় নাহি হয়, অন্যথা দিনেতে নয়, প্রতিপদ সপ্তমীতে ত্যজ্য। বিবেচনা কর তবে, যেবা তিথি উক্ত হবে, রিক্তা ত্রয়োদশী নহে গ্রাহ্য॥ অশ্বিনী পুষ্যা রেবতী, শ্রবণা ধনিষ্ঠা স্বাতী, মৃগশিরা শতভিষা জ্যেষ্ঠা॥ হস্তা চিত্রা নক্ষত্রেতে, আর চিন্তামণি মতে, রোহিণী নক্ষত্র হয় শ্রেষ্ঠা॥ মতান্তরে রোহিণী, আর যে পূর্ব্বফল্গুনী, ভাদ্রপদদ্বয়তো মধ্যম॥ উপনয়নের দিবা, অনুক্ত বা উক্ত যেবা, শাস্ত্রসিদ্ধ জ্যোতিষ নিয়ম॥

অথ মন্বন্তরা।

অশ্বযুক্ শুক্ল নবমী দ্বাদশী কার্ত্তিকীতথা। তৃতীয়া চৈত্রমাসস্য তথা ভাদ্রপদস্যচ। ফাল্গুনস্যাপ্যমাবস্যা পৌষস্যৈকাদশীতথা। আষাঢ়স্যাপি দশমী তথা মাঘস্য সপ্তমী। শ্রাবণস্যাষ্টমী কৃষ্ণা তথাষাঢ়স্য পূর্ণিমা॥ কার্ত্তিকী ফাল্গুনী চৈত্রী জ্যৈষ্ঠী পঞ্চদশী স্মৃতা। মন্বন্তরাদয়স্তে তা দত্তস্যাক্ষয়কারিকাঃ॥ (তৃতীয়াচৈব মাঘস্যেতি কল্পতরৌতু তৃতীয়া চৈত্রমাসস্যেতি পাঠ দ্বৈধে॥)

অস্যার্থঃ। অশ্বযুক্ শুক্লপক্ষ নবমীর দিন। কার্ত্তিকী দ্বাদশী সিত বুঝিবে প্রবীণ॥ তৃতীয়া চৈত্রের শুক্লা অথবা ভাদ্রের। পৌষস্যৈকাদশী শুক্ল অমা ফাল্গুনের॥ আষাঢ় মাসের হয় শুক্ল সে দশমী। মাঘের জানিবা সিতপক্ষীয়া সপ্তমী॥ শ্রাবণী অষ্টমী কৃষ্ণা আষাঢ় পূর্ণিমা। ফাল্গুনী চৈত্রের জ্যৈষ্ঠী পঞ্চদশী সীমা॥ মন্বন্তরা বলি ইহা কল্পতরু কয়। তৃতীয়া চৈত্রের ইহা পাই দ্বৈধে হয়॥

অথ অক্ষয়া।

সোমবারেপ্যমাবস্যা আদিত্যাতুহেসপ্তমী। চতুর্থ্যাঙ্গারবারেতু অষ্টমীচ বৃহস্পতৌ॥ অত্র যৎ ক্রিয়তেপাপ মথবা ধর্ম্মসঞ্চয়ঃ। ষষ্ঠীজন্ম সহস্রাণি প্রাপ্নোত্যেবতদক্ষয়ং॥

অস্যার্থঃ। সোমবারে অমা রবিবারেতে সপ্তমী। চতুর্দ্দশী মঙ্গল গুরুবারেতে অষ্টমী॥ হইলে অক্ষয়া নাম হইবে তাহার। স্মৃতি শাস্ত্রে ঋষিগণে এই কহে সার॥ যদি করে পাপ কিম্বা ধর্ম্মের সঞ্চয়। ষষ্টিজন্ম সহস্রেতে হইবে অক্ষয়॥

অথ পুণ্যতরা।

শনৈশ্চরস্য বারেণ বারেণাঙ্গারকস্যচ। কৃষ্ণাষ্টমী চতুর্দ্দশ্যো পুণ্যাৎ পুণ্যতরেস্মৃতে॥

অস্যার্থঃ। শনি কুজবারে যদি কৃষ্ণাষ্টমী পায়। কিম্বা চতুর্দ্দশী কৃষ্ণা পুণ্যতরা তায়॥

অথ গ্রহযাগ।

ভবিষ্যে। প্রতিপচ্চ দ্বিতীয়াচ তৃতীয়া পঞ্চমী তথা। দশমী ত্রয়োদশীচৈব পৌর্ণমাসীচ কীর্ত্তিতা। সোমো বৃহস্পতিশ্চৈব শুক্রশ্চৈব তথাবুধঃ। এতে সৌম্য গ্রহাঃ প্রোক্তা প্রতিষ্ঠা যাগ কর্ম্মণি॥

অস্যার্থঃ। প্রতিপদ দ্বিতীয়া তৃতীয়া পঞ্চমীতে। পৌর্ণমাসী ত্রয়োদশী কিম্বা দশমীতে॥ সোম বুধ গুরু আর দনুজের পূজ্য। প্রতিষ্ঠা কি যাগকর্ম্মে এই সব গ্রাহ্য॥

অথ শান্তিক গ্রহপূজা।

শুভগ্রহার্কবারেষু মৃদুক্ষিপ্র ধ্রুবেষুচ। শুভরাশি বিলগ্নেষু শুভংশান্তিক পৌষ্টিকং॥

অস্যার্থঃ। রবি সোম বুধ গুরু শুক্রাচার্য্যবারে। শুক্লপক্ষে শুভ তিথি সুলগ্নানুসারে॥ পুষ্যা মৃগশিরা অনুরাধা বা অশ্বিনী। রেবতী বা চিত্রা হস্তা উত্তরফল্গুনী॥ উত্তর ভাদ্রপদ উত্তরাষাঢ়াদি কয়। শুভ শান্তি গ্রহপূজা সুপ্রশস্ত হয়॥

অথ গৃহারম্ভ।

কর্কিকুম্ভ হরিনক্র গতেহংকে পূর্ব্ব পশ্চিম মুখানি গৃহানি॥ তৌলি মেষ বৃশ্চিক্যাতে দক্ষিণোত্তর মুখানি কুর্য্যাৎ॥ অন্যথা যদি করোতি দুর্ম্মতির্ব্যাধি শোকধনহানি মাপ্নুতে। মীনচাপ মিথুনাঙ্গনাগতে কারয়েন্নগৃহমেব ভাস্করে॥ ন প্রধান গৃহারম্ভং কুর্য্যাৎ পৌষে শুচাবপি। যদি কুর্য্যাৎ সোচিরেণ মহতী মাপদং ব্রজেৎ—মহাভারতে। নিষিদ্ধেপিহি কালেতু স্বানুকূলে শুভেদিনে। তৃণবস্ত্রগৃহারম্ভে মাসদোষো নবিদ্যতে। ছেদনং সংগ্রহশ্চৈব কাষ্ঠাদীনাং নকারয়েৎ শ্রবণাদৌ বুধঃষট্‌কে নগচ্ছেদ্দক্ষিণাং দিশং। অগ্নিপীড়া ভয়ং শোকো রাজপীড়া ধনক্ষয়ঃ। সংগ্রহে তৃণকাষ্ঠানাং কৃতেবস্বাদি পঞ্চকে॥

আদিত্যেজ্যভরোহিণী মৃগশিরশ্চিত্রা ধনিষ্ঠোত্তরা পোষ্ণী বিষ্ণুশতানুরাধ পবনৈঃ শুদ্ধৈঃ সুতরাম্বিতৈঃ। সৌম্যানাং দিবসেহথ পাপ রহিতে যোগে বিরিক্তেতিথৌ বিষ্টিত্যক্ত দিনেবদন্তি মুনয়ো বেশ্মাদি কার্য্যং শুভং॥

মাৎস্যে। চন্দ্রাদিত্য বলংলব্ধা লগ্নং শুভং নিরীক্ষিতং। স্তম্ভোচ্ছ্রায়াদি

কর্ত্তব্য মন্যত্র পরিবর্জ্জয়েৎ ॥ অশ্বিনী রোহিণী মূল মুত্তরত্রয় মৈন্দবং। স্বাতি হস্তানুরাধাচ গৃহারম্ভে প্রশস্যতে ॥ বজ্রব্যাঘাত শূলেচ ব্যতীপাতেত্তি গণ্ডকে বিষ্কুম্ভ গণ্ড পরিঘ বর্জ্জং যোগেষু কারয়েৎ ॥ আদিত্য ভৌমবর্জ্জ্যাস্ত সর্ব্বে-বারাঃ শুভাবহাঃ। প্রাসাদেপ্যেব মেবস্যাৎ কূপবাপিষু চৈবহি ॥

অস্যার্থঃ। গৃহারম্ভ উক্ত হয় সকল মাসেতে। কিঞ্চিৎ বিশেষ মাত্র আছয়ে তাহাতে ॥ ভাদ্র বা আশ্বিন আর কার্ত্তিক মাসেতে। উত্তরদ্বারি গৃহারম্ভ প্রশস্ত ইহাতে ॥ পৌষাগ্রহায়ণ মাঘে পূর্ব্বদ্বারি যুক্তি। বৈশাখ ফাল্গুন চৈত্রে যাম্যদ্বারি উক্তি ॥ জ্যৈষ্ঠাষাঢ় শ্রাবণে পশ্চিমদ্বারি হয়। মাসের বিশেষ এই জ্যোতিষেতে কয় ॥ পূর্ণিমা অবধি কৃষ্ণ অষ্টমী পর্য্যন্ত। পূর্ব্বদ্বারি গৃহারম্ভ না করো একান্ত ॥ কৃষ্ণপক্ষে নবম অবধি চতুর্দ্দশী। পশ্চিমের দ্বার গৃহারম্ভে হয় দোষী ॥ শুদ্ধকালে সোম বুধ বৃহস্পতিবারে। রিক্তা ভিন্ন তিথি হস্তা পুষ্যা অনুসারে ॥ রোহিণী মৃগশিরা চিত্রা বা ধনিষ্ঠা। উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া হয় শ্রেষ্ঠা ॥ উত্তরভাদ্রপদ শতভিষা অনুরাধা। রেবতী শ্রবণা স্বাতী ইথে নাহি বাধা ॥ অতিগণ্ড শূল বজ্র আর ব্যতীপাত। বৈধৃতি পরিঘ কি বিষ্কুম্ভ বা ব্যাঘাত ॥ এই কয় যোগ বিনা সব যোগ উক্ত। করণেতে বিষ্টি ভিন্ন গৃহারম্ভে যুক্ত ॥ শনিবার মূলাশ্বিনী মধ্যম জানিবে। শ্রবণাদি ছয় বুধ যাম্যে না যা-ইবে ॥ শ্রবণাদি ছয় ঋক্ষে গৃহাদি বন্ধন। অথবা তাহার তৃণ আদি আহরণ ॥ কদাচ কর্ত্তব্য নহে জ্যোতিষেতে মানা। করিলে যে দোষ আছে কর বিবেচনা ॥ ধনিষ্ঠা প্রভৃতি করি যে পঞ্চ নক্ষত্র। গৃহাদি বন্ধনে দোষ প্রকাশিত অত্র ॥ অগ্নিপীড়া ভয় শোক নৃপতি পীড়ন। ধনক্ষয় আদি হয় এ পঞ্চ দূষণ ॥

অথ গৃহ প্রবেশ।

স্থাপ্যং সমাপ্যংক্রতুযূপকাষ্ঠং গৃহ প্রবেশো গজবাজি বন্ধঃগ্রামে প্রবেশো নগরে পুরে বা দিনে প্রশস্তানি শনৈশ্চরস্য ॥ জ্যেষ্ঠাদিতিভ্যাং সংযুক্তং গৃহা-রম্ভোদিতঞ্চয়ৎ। তৎ সর্ব্বং যোজয়েদ্ধেম্ম প্রবেশে দৈবচিন্তকঃ ॥

অস্যার্থঃ। যখন হইবে গৃহারম্ভা সমর্পণ। গজবাজি বন্ধ যূপ করিয়া স্থা-পন ॥ গ্রামেতে প্রবেশে কিম্বা নগরে বা পুরে। অন্যবারাপেক্ষা শুভকর শনৈশ্চরে ॥ ব্যক্ত হইয়াছে গৃহারম্ভে যে সকল। প্রবেশেতে উক্ত সেই সব অবিকল ॥ জ্যেষ্ঠা পুনর্ব্বসু বার বেশী মাত্র শনি। গৃহেপ্রবেশন এই জ্যোতিষ বাখানি ॥ কিম্বা সোম বুধ গুরু শনি শুক্রাচার্য্য। রিক্তা ভিন্ন তিথি গৃহ প্রবে-শেতে গ্রাহ্য ॥ পুষ্যা হস্তা মৃগশিরা অথবা রোহিণী। শ্রবণা ধনিষ্ঠা চিত্রা কিম্বা ত্রিউত্রাণী ॥ শতভিষা অনুরাধা অথবা রেবতী। জ্যেষ্ঠা পুনর্ব্বসু কিম্বা যদি পায় স্বাতি ॥ চন্দ্র তারা শুদ্ধ হৈলে গৃহপ্রবেশন। এইত যথার্থ কহে জ্যো-তিষ বচন ॥

অথ দীক্ষা।

ধ্রুবমৃদু নক্ষত্রগণে রবি শুভবারেষু সুতিথৌ. দীক্ষা। স্থিরলগ্নে শুভেচন্দ্রে কেন্দ্র ত্রিকোণ শুভেগুরৌ ধর্ম্মে ॥

ভুজবলে যথা। যুগাদাবয়নে পুণ্যে কর্ত্তব্যং বিষুবদ্বয়ে চন্দ্র সূর্য্য গৃহেত্বাপি দিনে পুণ্যেথ পর্ব্বসু। যাতিথির্যস্য দেবস্যতস্যাং বা তস্য দীক্ষণে। গৃহ্যাগম বিশেষেণ প্রতিষ্ঠা মুক্তিদায়িনী॥

অথ যে যে দেবের যে যে তিথি।

পদ্মপুরাণে। প্রতিপদ্ধনদস্যোক্তা পবিত্রা রোহণে তিথিঃ। শ্রিয়াদেব্যা দ্বিতীয়াচ তিথিনামুত্তমাস্মৃতা। তৃতীয়াত্বথর্বান্যাচ চতুর্থী তৎসুতস্যচ। পঞ্চমী সোমরাজস্য ষষ্ঠী প্রোক্তা গুহস্যচ। সপ্তমী ভাস্করস্যোক্তা দুর্গায়াশ্চাষ্টমী তিথিঃ। মাতৃণাং নবমী প্রোক্তা দশমী বাসুকে স্তথা। একাদশী ঋষিণাঞ্চ দ্বাদশী চক্রপাণিনঃ। ত্রয়োদশী ত্বনঙ্গস্য শিবস্যচ চতুর্দ্দশী। মমচাপি মুনি-শ্রেষ্ঠ পৌর্ণমাসী তিথিঃস্মৃতা॥

অস্যার্থঃ। হয় যদি চৈত্র মাসেতে সুদীক্ষিতা। শাস্ত্রমতে তাহাতে কেবল দুঃখযুতা॥ বৈশাখ মাসেতে হয় ধনের সঞ্চয়। জ্যৈষ্ঠেতে মরণাষাঢ়ে বন্ধু নাশ হয়॥ শ্রাবণে সম্পত্তি ভাদ্রে সন্তানের ক্ষয়। আশ্বিনেতে সকল প্রকার সুখোদয়॥ জ্যোতিষ প্রমাণে কয় কার্ত্তিকেতে জ্ঞান। সুখোদয় হয় অগ্র-হায়ণে বিধান॥ পৌষে জ্ঞান ক্ষয় মাঘে মেধাবৃদ্ধি ধার্য্য। ফাল্গুনেও ঐ কিন্তু মলমাস ত্যাজ্য॥ শনি কুজ ভিন্ন আর যত উক্ত বার। জ্যোতিষ প্রমাণে কিন্তু শুদ্ধকাল সার॥ প্রশস্ত পূর্ণিমা কিম্বা উভয় পক্ষীয়া। সপ্তমী দশমী ত্রয়োদশী বা দ্বিতীয়া॥ উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া বা রোহিণী। উত্তরভাদ্রপদ চিত্রা অনু-রাধাশ্বিনী॥ হস্তা মৃগশিরা স্বাতী বিশাখা ধনিষ্ঠা। শতভিষা রেবতী ভরণী হয় শ্রেষ্ঠা॥ উক্ত কয় আর্দ্রাপুষ্যা অথবা শ্রবণা। একয় নক্ষত্রে দীক্ষা কভু নহে মানা॥ যোগ বলি সৌভাগ্য শোভন আর প্রীতি। আয়ুষ্মান বরীয়ান শুক্র সাধ্য ধৃতি॥ ধ্রুব বৃদ্ধি শিব বৃদ্ধি সুকর্ম্মা হর্ষণ। ব্রহ্ম ইন্দ্র এই মাত্র যোগ নিরূপণ॥ কিন্তুঘ্ন শকুনি নাগ আর চতুষ্পাদ। বিষ্টি ভিন্ন করণেতে নাহি করে বাদ॥ চন্দ্র তারা শুদ্ধ হৈলে দীক্ষায় প্রশস্ত। অকালে কর্ত্তব্য নয় বিচার অত্রস্থ॥ জন্মস্থ তারাতে কিম্বা বিষুবে অয়নে। উত্তম তীর্থেতে রবি শশির গ্রহণে॥ শ্রাবণী পূর্ণিমা চৈত্র শুক্ল চতুর্দ্দশী। ইহাতে বিচার নাই বার তিথি রাশি॥ কিম্বা গুরু প্রসন্ন হইয়া দেন মন্ত্র। দিন ক্ষণ নাহি চায় ব্যবস্থা এ তন্ত্র॥ যে দেবের যে তিথি সেই তিথি পাইলে। দীক্ষায় মুক্তি-দায়িনী জ্যোতিষেতে বলে॥

অথ দেবতাদি প্রতিষ্ঠা ও অভিষেক।

শস্তেন্দৌ মাঘষটকে শুভদিবস তিথৌ জোগুরুজ্ঞর্ক্ষলগ্নে মূলাধোবক্তু, সৌম্যত্রয়বিহিত উড়ৌনাস্তনীচাপ গৃহে। ক্ষীণং ষষ্ঠাষ্টমেন্দুং হরি শয়ন মসৎ যুক্তলগ্নঞ্চ হিত্বা কেন্দ্রে জীবে সীতেচ ত্রিভবরিপুগৃহে সৎসুদেব প্রতিষ্ঠা॥

ব্যবহার সমুচ্চয়ে। প্রতিষ্ঠা সর্ব্বদেবনাং কেশবস্য বিশেষতঃ। উত্তরায়ণ আপন্নে শুক্লপক্ষে শুভেদিনে। কৃষ্ণেপক্ষেচ পঞ্চম্যা মষ্টম্যাঞ্চৈবশস্যাতে। দ্বাদ-শ্যোকাদশী রাকা শুক্লেকৃষ্ণেচ পঞ্চমী। অষ্টমীচ বিশেষণ প্রতিষ্ঠায়াং হরেঃ

শুভা। ধ্রুবলঘু মৃদুবর্গে বারুণে বিষ্ণু দৈবে মকদদিতিধনিষ্ঠে শোভনে বাসরেচ ত্রিদশমদন জন্মৈকাদশেশীতরশ্মৌ বিবুধকৃতিরভীষ্টা নাড়িনক্ষত্রহীনে॥

অস্যার্থঃ। দেবাদি প্রতিষ্ঠা কয় উত্তরায়ণেতে। শুক্লপক্ষে উক্ত হয় সুশুদ্ধ ক লেতে॥ সোম বুধ গুরু কিম্বা শুক্রাচার্য্য বারে। প্রতিপদ দ্বিতীয়া তৃতীয়া অনুসারে॥ ত্রয়োদশী পূর্ণিমা পঞ্চমী বা দশমী। অসিতপক্ষের মাত্র পঞ্চমী অষ্টমী॥ পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া উত্তরফল্গুনা। পূর্ব্বভাদ্রপদ উত্তরভাদ্রপদাশ্বিনী॥ জ্যেষ্ঠা মূলা শ্রবণা রোহিণা রেবতা। পুষ্যা মৃগশিরা অনুরাধা কিম্বা স্বাতি॥ সামান্যত পুষ্করণ্যাদি দেবতা প্রতিষ্ঠা। জ্যোতিষ প্রমাণে হয় এই সব শ্রেষ্ঠা॥ জ্যেষ্ঠা হস্তা পুনর্ব্বসু রেবতী রোহিণী। উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া বা অশ্বিনী॥ পুষ্যা মৃগশিরা কিন্তু এ নক্ষত্র কয়। সুপ্রশস্ত বিষ্ণু প্রতিষ্ঠায় মাত্র হয়॥ পুনির্ব্বসু অনুরাধা রেবতী শ্রবণা। শিব প্রতিষ্ঠায় কিন্তু নাহি করে মানা॥ পুষ্যাশ্বিনী জ্যেষ্ঠা পূর্ব্বফল্গুনী নক্ষত্রে। সুপ্রশস্ত হয় ইহা অভিষেক মাত্রে॥

অথ দেবতা গঠন।

সোম বুধ কিম্বা হবে বৃহস্পতিবার। রিক্তা ভিন্ন তিথি কিন্তু শুক্লপক্ষে সার॥ উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া বা রোহিণী। উত্তরভাদ্রপদ পুষ্যা হস্তা বা অশ্বিনী॥ চিত্রা অনুরাধা মৃগশিরা বা রেবতী। শতভিষা পুনর্ব্বসু শ্রবণা কি স্বাতি॥ ধনিষ্ঠা নক্ষত্র চন্দ্র তৃতীয় দশম। একাদশ চন্দ্র কিম্বা জন্মস্থ সপ্তম॥ দেবতা গঠনে উক্ত এই মাত্র হয়। জন্ম তারা ষোড়শ দশম কিন্তু নয়॥ ত্রয়োবিংশ অষ্টাদশ অথবা পঞ্চম। বিংশতিভ ত্যজ্য দেবগঠনে নিয়ম॥

অথ পুষ্করণ্যারম্ভ।

পুষ্যামৈত্র করোত্তর স্ববরুণ ব্রহ্মাম্বু পিত্রেন্দুভৈঃ। শস্তেহর্কে শুভযোগ বার তিথিষু ক্রুরেস্ববীর্য্যেষুচ পুষ্টেন্দৌ জলরাশিগে দশমগে শুক্রে শুভাং শোদয়ে প্রারম্ভঃ সলিলাশয়স্য শুভদে জীবেন্দু পুত্রোদয়ে॥

অস্যার্থঃ। শ্রীহরি শয়ন ভিন্ন, রবি শশি শুদ্ধ গণ্য, কিন্তু তার হবে শুক্লপক্ষ। সোমবুধামরাচার্য্য, কিম্বা ত্রিদশারি পূজ্য, রিক্তা ভিন্ন তিথি করি লক্ষ্য॥ উত্তরফল্গুনী পুষ্যা, অনুরাধা শতভিষা, উত্তরাষাঢ়া হস্তা বা ধনিষ্ঠা॥ উত্তরভাদ্রপদ উক্তি, মৃগশিরা মঘা যুক্তি, পুষ্করণী আরম্ভে হয় শ্রেষ্ঠা॥

অথ হলপ্রবাহ বীজবপনাদি।

হলপ্রবাহবদ্বীজবাপনস্য বিধিঃ স্মৃতঃ। চিত্রায়াঞ্চ শুভে কেন্দ্রে স্থিরস্ব মনুজোদয়ে। ধান্যরোপণনক্ষত্রাণি॥ পূর্ব্বভাদ্রপদা মূলং রোহিণ্যুত্তরফল্গুনী॥ বিশাখা শতভিষানুরাধা ধান্যানাং রোপণে বরাঃ॥

অস্যার্থঃ। ত্যজ্য করি শনি কুজ রিক্তা বা দ্বাদশী। অমাবস্যা অষ্টমী অথবা পৌর্ণমাসী॥ পূর্ব্বভাদ্রপদ মঘা কৃত্তিকা, ভরণী। আর্দ্রাশ্লেষা আর ত্যজ্য সে পূর্ব্বফল্গুনী॥ এই সব ভিন্ন অবশিষ্ট যে সকল। বুঝিয়ে নিষেধ

বিধি করিবেক হল ॥ বীজাদি বপন কিম্বা ধান্যাদি রোপণ। অবশ্য হইবে ইথে জ্যোতিষ বচন ॥

অথ নবান্ন।

যথা দীপিকায়াং। ত্রয়োদশীং জন্ম দিনঞ্চ নন্দাং জন্মর্ক্ষ তারাং সিত বাসরঞ্চ ! ত্যক্তা হরিজ্যেন্দুকরান্ত্যমৈত্র ধ্রুবেষু চ শ্রাদ্ধ বিধান মিষ্টং ॥ ভেষু গ্রাহি শিবান্যেষু বিভৌম শনিবাসরে। অন্নপ্রাশনবৎকুর্য্যান্নবান্ন ফল ভোজনং ॥

সূর্য্যেচৈব বিশাখগে স্মরতিথৌ পাপে ত্রিজন্মান্বিতে নন্দামন্দ মহীজ কাব্য দিবসে পৌষে মধৌ কার্ত্তিকে। ভেষু গ্রাহিশিবেষু বিষ্ণু শয়নেকৃষ্ণে শশিন্যষ্টমে শ্রাদ্ধং ভোজনকং নবান্ন বহিতং পুত্রার্থ নাশ প্রদং ॥ জ্যেষ্ঠাশেষার্দ্ধগে সূর্য্য মৃগনেত্রা নিশাত্মকে। নবান্নৈর্ভোজনং শ্রাদ্ধং জন্ম চন্দ্রতিথৌনচ ॥ ব্রহ্মপুরাণে প্রাশ্নীয়াদ্দধিসংযুক্তং নবং বিপ্রাভিমন্ত্রিতং ॥

অস্যার্থঃ। হরিশয়নের মধ্যে কেবল আশ্বিনে। হরিশয়নের পূর্ব্ব আষাঢ় ফাল্গুনে ॥ বৈশাখ জ্যৈষ্ঠেতে আর মাঘেতে নিশ্চয়। অগ্রহায়ণের উক্ত নহে সমুদয় ॥ বৃশ্চিকের আদ্য তিন দিন দণ্ড বিংশ। উহার দ্বিগুণ ত্যজ্য হয় শেষ অংশ ॥ শনি কুজ শুক্রবার নাহি করি গ্রাহ্য। রিক্তা নন্দা ত্রয়োদশী জন্মতিথি ত্যজ্য ॥ নবান্ন নহেতো করা পূর্ব্বফল্গুনীতে। পূর্ব্বভাদ্রপদ মঘা আর ভরণীতে ॥ পূর্ব্বাষাঢ়া অশ্লেষার্দ্রা এ সকল ভিন্ন। চন্দ্র তারা অনুকুলে কর্ত্তব্য নবান্ন ॥ নবান্ন ভোজন শ্রাদ্ধ অষ্টম চন্দ্রেতে। পুত্র অর্থ ক্ষয় হয় কহে জ্যোতিষেতে ॥

অথ বাণিজ্য।

সোম বুধ বৃহস্পতি কিম্বা শুক্রাচার্য্য। রিক্তা ভিন্ন তিথি হয় বাণিজ্যেতে গ্রাহ্য ॥ পুষ্যাশ্বিনী হস্তা চিত্রা অনুরাধা স্বাতি। শতভিষা পুনর্ব্বসু শ্রবণা রেবতী ॥ ধনিষ্ঠা নক্ষত্রআর চন্দ্রতারা শুদ্ধ। বণিজকরণ পাইলে না হয় বিরুদ্ধ ॥

অথ ঋণদান প্রদান।

যথা দীপিকায়াং। আজং যমদ্বন্দ্ব মহিত্রয়ঞ্চ শক্রত্রয়ং বায়ুযুগং মহেশঃ কার্য্যোনচৈতেষু ধন প্রয়োগো মৃদৌগণে গ্রাহ্য মৃণং নদেয়ং।

অস্যার্থঃ। পূর্ব্বভাদ্রপদ কিম্বা কৃত্তিকা ভরণী। অশ্লেষা অথবা মঘা কি পূর্ব্বফল্গুনী ॥ জ্যেষ্ঠা কিম্বা মূলাথবা আর পূর্ব্বাষাঢ়া। স্বাতি বা বিশাখা আর্দ্রা এই নয় ছাড়া ॥ অপর নক্ষত্র ঋণ দানে সুপ্রশস্ত। মৃদুগণে দেওয়া নয় বিচার অত্রস্থ ॥ অর্থাদনুরাধা চিত্রা মৃগ বা রেবতী। গ্রহণেতে শুভ নহে প্রদানের প্রতি ॥

অথ নববস্ত্র পরিধান।

ব্রহ্মানুরাধ বসুতিষ্য বিশাখ হস্তা চিত্রোত্তরাশ্বি পবনাদিতি রেবতীষু জন্মর্ক্ষ জীব বুধ শুক্রদিনোৎসবাদৌ ধার্য্য নবং বসনমীশ্বরবিপ্রতুষ্টৌ ॥

অস্যার্থঃ। বুধ গুরুবারে, বিশাখা রোহিণী তারে, অনুরাধা অথবা ধনিষ্ঠা। হস্তা চিত্রা পুষ্যা স্বাতি, উত্তরাষাঢ়া রেবতী, উত্তরফল্গুনী হয়

শ্রেষ্ঠা ॥ উত্তরভাদ্রপদাশ্বিনী, পুনর্ব্বসু উৎসবানি, জন্মতিথি অথবা নক্ষত্র। দেবদ্বিজে তুষ্ট করি, রিক্তা ভিন্ন তিথি ধরি, তবে নববস্ত্র পরিমাত্র ॥

অথ শঙ্খরত্নাদি ধারণ।

পুষ্যার্কাদিতি পিত্র মিত্র শশভৃদ্বিত্তধ্রুব ত্বষ্টৃষু মুক্তা দন্ত সুবর্ণ বিদ্রুম মণীন দধ্যাদ্বিরুদ্ধে হরৌ। পুঞ্জিজ্যে সময়ে শুভে ধ্রুবসুরাচার্য্যেঽদিতীশেঽঙ্গনা নো রত্নং বিভৃয়াৎ প্রবালকমণীন শঙ্খং হিতা স্বামিনে ॥

অস্যার্থঃ। শঙ্খরত্ন পরিবার আবশ্যক যার। রিক্তা ভিন্ন তিথি বুধ বৃহস্পতিবার ॥ শ্রীহরি শয়ন ভিন্ন অন্যকালে ইষ্টা। পুনর্ব্বসু পুষ্যা মঘা হস্তা বা ধনিষ্ঠা ॥ অনুরাধা মৃগশিরা কিম্বা ত্রিউত্রাণি। কিম্বা তায় যদি পায় চিত্রা বা রোহিণী ॥ অবশ্য দেখিবা তায় চন্দ্র তারা শুদ্ধ। রত্নাদি ধারণে তবে না হবে বিরুদ্ধ ॥

অথ সীমন্তোন্নয়ন।

ষষ্ঠে মাসেঽষ্টমেহ্নীজ্যকুজদিনকৃতাং নন্দভদ্রেতিথৌচ মৈত্রে মূলে মৃগাঙ্কে করাপত্ পবনৈঃ পৌষ্ণ বিষ্ণু ত্রিযুগ্মে। তিষ্যাশ্যাদিত্য রৌদ্রেষ্বতি হরিঝষে বৃশ্চিকে বাপিলগ্নে চন্দ্রে তারেঽনুকূলে শুভ মপিনিয়তং স্যাচ্চ সীমন্ত কর্ম্ম ॥

অস্যার্থঃ। গর্ব্বাবধি ষষ্ঠমাসে অথবা অষ্টম। রবি কুজ সুরাচার্য্য বারেতে উত্তম ॥ রিক্তা ভিন্ন তিথি অনুরাধা মঘা স্বাতি। মৃগশিরা মূলা হস্তা শ্রবণা রেবতী ॥ পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া উত্তরফল্গুনী। পুনর্ব্বসু পুষ্যা পূর্ব্বফল্গুনী অশ্বিনী ॥ ভাদ্রপদদ্বয় আর্দ্রা এ কয় নক্ষত্র। কন্যা তুলা মীন বিছা সিংহ লগ্ন মাত্র ॥ সীমন্তোন্নয়ন উক্ত এই মাত্র হয়। জ্যোতিষ প্রমাণে ইহা ভিন্ন কিছু নয় ॥

অথ পুংসবন।

কুর্য্যাৎ পুংসবনং সুযোগকরণে নন্দে সভদ্রে তিথৌ ভাদ্রাষাঢ় নৃভেশ্বরেষু নৃদিনে বেধং বিনেন্দৌশুভে। অক্ষীণে নব পঞ্চ কন্টক গতে সৌম্যে শুভে বৃদ্ধিষু স্ত্রীশুদ্ধ্যা ঘটযুগ্ম সূর্য্য গুরুভেষ্ দ্যৎসু মাসত্রয়ে ॥

অস্যার্থঃ। গর্ব্ব সঞ্চারের পরে তৃতীয় মাসেতে। বৃহস্পতি রবিবার কিম্বা ভূমিসুতে ॥ নন্দা তিথি উক্ত আর যদি হয় ভদ্রা। পুষ্যা মৃগশিরা হস্তা শ্রবণা বা আর্দ্রা ॥ পুনর্ব্বসু মূলা পূর্ব্বফল্গুনী রেবতী। পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ কিম্বা স্বাতি ॥ চন্দ্র তারা শুদ্ধ যুতবেধ নাহি রবে। দশযোগ ভঙ্গ দোষ যদি না থাকিবে ॥ অথবা যামিত্রবেধ দোষ নাহি রয়। কর্ত্তব্য সে পুংসবন জ্যোতিষেতে কয় ॥

অথ নামকরণ।

সোম বুধ বৃহস্পতি কিম্বা শুক্রাচার্য্য। রিক্তা ভিন্ন যত তিথি সব করি গ্রাহ্য ॥ উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া চিত্রা স্বাতি। উত্তরভাদ্রপদ শতভিষা বা রেবতী ॥ পুষ্যা হস্তা মৃগশিরা অনুরাধাশ্বিনী। ধনিষ্ঠা শ্রবণা পুনর্ব্বসু বা রোহিণী ॥ আর বালকের জন্মরাশি অনুসারে। নামকরণেতে এই কয় মাত্র ধরে ॥

অথ নিষ্ক্রামণ।

বালকের জন্মাবধি চতুর্থ মাসেতে। বাহির করিবে শিশু সুতিকা হইতে॥ তাতে যেবা উক্ত বার তিথ্যাদি নক্ষত্র। জ্যোতিষ প্রমাণে নিষ্ক্রামণ উক্ত মাত্র॥ শনি কুজ ভিন্ন বার রিক্তা তিথি ভিন্ন। অপর সে তিথি নিষ্ক্রামণে করি গণ্য॥ পূর্ব্বভাদ্রপদ মঘা সে পূর্ব্বফল্গুনী। শতভিষা পূর্ব্বাষাঢ়া বিশাখা ভরণী॥ অশ্লেষা কৃত্তিকা আর্দ্রা এই কয় ভিন্ন। অপর নক্ষত্র নিষ্ক্রামণে হয় গণ্য॥

অথ যাত্রিক তিথ্যাদি।

শুক্লাদ্যাস্যাচ্ছুভে চন্দ্রে কুজার্কেভৃগুরাশিগে। তৎপক্ষে শুভদাযাত্রা কৃষ্ণপক্ষে ততোঽন্যথা॥

ষষ্ঠাষ্টমী দ্বাদশীষু নগচ্ছেৎ ত্রিদিনস্পৃশি। পূর্ণিমা প্রতিপদ্দর্শ রিক্তাবম দিনেষুচ॥ তথা যমদ্বিতীয়ায়াং যাত্রায়াং মরণং ভবেৎ। অজাতচন্দ্র প্রতি পত্তিথির্যা সাসর্ব্বদা সিদ্ধিকরী নপুংসাং॥ কলোণচন্দ্র প্রতিপত্তিথির্যা সা সর্ব্বদা সিদ্ধিকরীনির্যুক্তা। প্রতিপৎসু প্রযাতানাং সিদ্ধিরেব নসংশয়ঃ॥ দ্বিতীয়ায়াং শুভপন্থা স্তৃতীয়ায়াং জয়ী ভবেৎ। বধবন্ধন সংক্লেশাশ্চতুর্থ্যাং নাত্রসংশয়ঃ॥ পঞ্চম্যামীপ্সিতার্থঃস্যাৎ ষষ্ঠ্যাং ব্যাধিযুতোভবেৎ। সপ্তম্যা মর্থলাভঃস্যাদষ্টম্যামস্ত্রপীড়নং। নবম্যাং মৃত্যুসংযোগন্ন গন্তব্যং কদাচন॥ দশম্যাং ভূমিলাভঃস্যাদেকাদশ্যানরোগিতা। দ্বাদশ্যাঞ্চ নগন্তব্যং সর্ব্ব সিদ্ধ ত্রয়োদশী॥ চতুর্দ্দশ্যাং পঞ্চদশ্যাং গমনঞ্চ নিষেধয়েৎ। সংত্যজেদ্দি বসে যাত্রাং সূর্য্যারাকীন্দু বক্রিণা॥

অস্যার্থঃ। শুক্লপ্রতিপদ হয় যাত্রায় নিষিদ্ধ। কৃষ্ণ প্রতিপদ হয় যাত্রায় সুসিদ্ধ॥ সুখেতে গমন হয় উভয় দ্বিতীয়া। ইহার মধ্যেতে ভ্রাতৃদ্বিতীয়া ত্যজিয়া॥ তৃতীয়ায় জয় হয় শুন সবিশেষ। চতুর্থী যাত্রায় হয় বধ বন্ধ ক্লেশ॥ পঞ্চমী অভীষ্ট লাভ ষষ্ঠীতে নিধন। সপ্তমীতে ভূমি লাভ জ্যোতিষেতে কন॥ অষ্টমীতে অস্ত্রাঘাত মৃত্যু নবমীতে। অর্থলাভ হয় যাত্রা কৈলে দশমীতে॥ রোগ নাশ হয় একাদশী যাত্রা ফলে। নিষ্ফলা কেবল যাত্রা দ্বাদশীতে বলে॥ সর্ব্বকার্য্য সিদ্ধ যাত্রা হয় ত্রয়োদশী। অযাত্রিক উভয় পক্ষীয় চতুর্দ্দশী॥ নিষ্ফলা পূর্ণিমা যাত্রা কদাচিৎ নয়। অমায় করিলে যাত্রা যায় যমালয়॥ শুভাশুভ তিথি যেবা কর বিবেচনা। মাসদগ্ধা ত্র্যহস্পর্শ করিয়ে গণনা॥ সিদ্ধিযোগামৃত-যোগ তাতে কর দৃষ্ট। হইবে যাত্রায় শুভ ঘুচিবে অরিষ্ট॥ রবি কুজ শনিবারে যাত্রা না করিবে। পাপচন্দ্রকালে সোমবারে না যাইবে॥

অথ যাত্রিক উত্তম নক্ষত্র।

অশ্বিনী মৈত্ররেবত্যোমৃগমূল পুনর্ব্বসুঃ পুষ্যা হস্তা তথা জ্যেষ্ঠা প্রস্থানে চোত্তমা স্মৃতা॥

অস্যার্থঃ। অশ্বিনী বা অনুরাধা অথবা রেবতী। মৃগশিরা মূলা পুনর্ব্বসু

পুষ্যা খ্যাতি ॥ হস্তা জ্যেষ্ঠা লইয়া যে এ নক্ষত্র নয়। প্রস্থানে উত্তম হয় জ্যোতিষেতে কয় ॥

অথ যাত্রিক মধ্যম নক্ষত্র।

রোহিণী ত্রিণী পূর্ব্বাণি চিত্রা স্বাতিচ বারুণং। শ্রবণাচ ধনিষ্ঠাচ প্রস্থানে মধ্যমা স্মৃতা ॥

অস্যার্থঃ। রোহিণী পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়াথবা। পূর্ব্বভাদ্রপদ চিত্রা স্বাতি হয় কিবা ॥ শতভিষা শ্রবণা ধনিষ্ঠা লয়ে নয়। যাত্রায় মধ্যম হয় জ্যোতিষেতে কয় ॥

অথ যাত্রিক অধম নক্ষত্র।

উত্তরাসু বিশাখাসু মঘাদ্রা ভরণীসুচ। কৃত্তিকাশ্লেষয়োশ্চৈব প্রস্থানে মরণং ধ্রুবং ॥

অস্যার্থঃ। উত্তরফল্গুনী মঘা ভরণী বিশাখা। উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ বা কৃত্তিকা ॥ আর্দ্রাশ্লেষা লইয়া যে নক্ষত্র নয়। প্রস্থানে মরণ হয় খণ্ডিবার নয় ॥

অথ বার নক্ষত্র যোগে অমৃত যোগ।

ধ্রুবগুরু কর মূলা পৌষ্ণ ভান্যর্কবারে হরিযুগবিধি যুগ্মে ফল্গুনী ভাদ্র যুগ্মে দিবস করতুরঙ্গৌ সর্ব্বরী নাথবারে গুরুযুগনলবাতোপান্ত্য পৌষ্ণানি কৌজে দহন বিধি শতাখ্যে মৈত্রভং সৌম্যবারে মরুদদিতিভ পুষ্যা মৈত্রভং জীব বারে। ভগযুগজযুগশ্বো বিষ্ণু মৈত্রে সিতাহে শ্বসন কমলযোনী সৌরী বারেহ মৃতানি। যদি বিষ্টি ব্যতীপাতৌ দিনং বাপ্য শুভংভবেৎ। হন্যংতেমৃতযোগেন ভাস্করেণ তমোযথা ॥

অস্যার্থঃ। রবিবারে উত্তরফল্গুনী হৈলে যোগ। কিম্বা উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদে ভোগ ॥ অথবা রোহিণী পুষ্যা হস্তা মূলা পায়। রেবতী হইলে যোগামৃতযোগ তায় ॥ সোমবারে যদি পায় ধনিষ্ঠা রোহিণী। মৃগশিরা শ্রবণা বা উত্তরফল্গুনী ॥ কিম্বা পূর্ব্বফল্গুনী বা পূর্ব্বভাদ্রপদ। অথবা অশ্বিনী হস্তা উত্তরভাদ্রপদ ॥ মঙ্গলেতে পুষ্যাশ্লেষা কৃত্তিকা বা স্বাতি। উত্তরভাদ্রপদ কিম্বা মিলয়ে রেবতী ॥ বুধবারে শতভিষা রোহিণী কৃত্তিকা। স্বাতি কিম্বা অনুরাধা অরিষ্টখণ্ডিকা ॥ পুনর্ব্বসু পুষ্যা অনুরাধা গুরুবার। শুক্রবারে অশ্বিনী শ্রবণাতে সুসার ॥ ফল্গুনী দ্বয় কিম্বা ভাদ্রপদদ্বয়। অনুরাধা যোগেতে অমৃত যোগ হয় ॥ শনিবারে রোহিণী অথবা পায় স্বাতি। এনক্ষত্রামৃতযোগ বলি তারে খ্যাতি ॥ বিষ্টি ব্যতীপাত দিনদগ্ধা সমুদয়। তিথি বা নক্ষত্রামৃতে দোষ করে ক্ষয় ॥ সূর্য্যের উদয়ে যথা তমঃ করে দূর। তেমতি অমৃতযোগে মঙ্গল প্রচুর ॥

অথ যাত্রিক করণ।

সকল করণে যাত্রা প্রকাশিত অত্র। বিষ্টি গর বণিজ বিহীন এই মাত্র ॥ বাণিজ্য করিলে যাত্রা বণিজ প্রশস্ত। করণে নিষিদ্ধ নাই বিচার অত্রস্থ ॥

অথ দিক বিশেষে যাত্রিক লগ্ন।

পূর্ব্ব দিক গমনেতে ধনু সিংহ মেষ। দক্ষিণ গমনে ভাল মকর কন্যা বৃষ॥ পশ্চিম গমনে ভাল মিথুন কুম্ভ তুলা। কর্কট বৃশ্চিক মীন উত্তরানুকুলা॥

অথ যাত্রায় শুভক্ষণ নির্ণয়।

খনাদ্বাদশ অঙ্গুলি করিয়া কাটী। সূর্য্যমণ্ডলে দিয়া দিটি॥ রবির চৌদ্দ সোমের ষোল। পঞ্চদশ মঙ্গলের ভাল॥ বুধ সতেরো গুরু আঠারো। শুক্র শনি বারো তেরো॥ এ যাত্রায় যে জন যায়। সম্বৎসরের ফল এক দিনে পায়॥ হাঁচি জেঠি পড়ে যার। শতগুণে লভ্য তার॥

অথ যাত্রার বাহন নির্ণয়।

তিথিবারশ্চ নক্ষত্রং নর ঋক্ষেণ পূরয়েৎ। নবভির্হরতে ভাগং শেষে বাহন মুচ্যতে॥ গর্দ্দভো বাজিহস্তীচ মেষঃ সিংহশ্চ জম্বুকঃ। কাকো ময়ূরো হংসশ্চ নরস্য নব বাহনাঃ। ফলং। গর্দ্দভো মান হানিঃস্যাত্রতুলাভঞ্চঃ বাজিনঃ॥ হস্তীচ রাজসম্মানং মেষে কার্য্য বিনাশনং। জম্বুকে প্রাণ হানিঃস্যাৎ সিংহঃ সর্ব্বত্র শোভনং। কাকঃ কার্য্য বিনাশায় হংসশ্চ শুভদায়কঃ। ময়ূরে সর্ব্ব সিদ্ধিশ্চ এতেচ নব বাহনাঃ॥

বামে শব শিবা কুম্ভা দক্ষিণে গো মৃগ দ্বিজাঃ। নকুলং সর্ব্বতো ভদ্রো ন সর্পশ্চ কদাচন॥

অথ অশুভ যাত্রা।

শূন্য কলসী শুকনা না। শুকনা ডালে ডাকে কা। যদি দেখ মাকুন্দ চোপা। এক পা না বেরও বাপা॥ ডাক বলে এরেও ঠেলি। চদি না দেখি সন্মুখে তেলী

অথ নক্ষত্রাশ্রিত দিক্‌শূল।

খনা। উত্তরে হস্তা দক্ষিণে শ্রবণা। পূর্ব্বে অশ্বিনী না কর গমনা॥ পশ্চিমে যাইতে রোহিণী রোষে। হরি হর ব্রহ্মা বাহুড়ে না আইসে॥

অথ শুভ যাত্রার শুভ দৃষ্টি।

খনা। ভরা হইতে শূন্য ভাল যদি ভরিতে যায়। আগে হইতে পাছে ভাল যদি ডাকে মায়॥ মরা হইতে তাজা ভাল যদি মরিতে যায়। বামে হইতে ডাইনে ভাল যদি ফিরে চায়।। বাঁধা হইতে খালি ভাল মাথা তুলে চায়॥ হাসা হইতে কান্দা ভাল যদি কাঁদে বাঁয়॥

অথ গ্রহ প্রকরণ।

সাত গ্রহ বারাধিপ নবগ্রহ মধ্য। রবি আদি সাত বার আছয়ে প্রসিদ্ধ॥ কোন গ্রহে রাহু কেতু পাত নামে ভুক্ত। মতান্তরে কোন নহে উপগ্রহ উক্ত॥ কার্য্য কালে গ্রহ মধ্যে গণিত যে হয়। যামার্দ্ধাধিপতি স্থলে গ্রহ মধ্যে নয়॥

অথ শুভ ও পাপগ্রহ ভেদ কথন।

রবি কুজ শনি, রাহু কেতু গণি, পাপগ্রহ মধ্যে তায়। শশিসুত যবে, পাপ সঙ্গে রবে, সেই পাপ গণনায়॥ রজনীর স্বামি, সেহ নয় কমি, কৃষ্ণাষ্টমী অবধি করি। শুক্লাষ্টমী অন্ত, একাল পর্য্যন্ত, শশি পাপ মধ্যে ধরি॥ আর

সুরাচার্য্য, ত্রিদশারি পূজ্য, শুভগ্রহ হয় জানি। ঐ কাল ব্যতীত, শশী শশিসুত, শুভগ্রহ মধ্যে গণি॥

অথ গ্রহদিগের স্ত্রী পুরুষাদি কথন।

রবি কুজ বৃহস্পতি পুরুষ নিশ্চয়। শশধর শুক্রাচার্য্য স্ত্রীজাতির হয়॥ ক্লীব হন বুধ আর রবির নন্দন। শাস্ত্রমতে এইত পণ্ডিতগণে কন॥

অথ গ্রহদিগের মিত্র কথন।

মিত্রাণি সূর্য্যাচ্ছশি ভৌমজীবাঃ সূর্য্যেন্দুজৌ সূর্য্য শশাঙ্ক জীবাঃ। আদিত্য শুক্রৌ রবি চন্দ্র ভৌমা বুধার্কজৌ চন্দ্রজ ভার্গবৌচ॥

রবির মিত্র সোম কুজ আর বৃহস্পতি। শশাঙ্কের মিত্র বুধ আর ছায়াপতি॥ মঙ্গলের রবি সোম আর সুরাচার্য্য। বুধের মিত্র দিবাকর ত্রিদশারি পূজ্য॥ গুরুর মিত্র রবি সোম আর ক্ষৌণী সুত। অসুরাচার্য্যের মিত্র বুধ ছায়াসুত॥ ভাস্করাত্মজের মিত্র শশাঙ্ক তনয়। ভৃগুর নন্দন মিত্র জ্যোতিষেতে কয়॥

অথ গ্রহদিগের শত্রু কথন।

সিতাসিতৌ চন্দ্র মসোনকশ্চিদ্বুধঃ শশী সৌম্য সিতৌ রবীন্দু। রবীন্দু ভৌমা রবিস্তস্তু মিত্রা মিত্রারিশেষাশ্চ সমঃ প্রদিষ্টঃ॥

রবি শত্রু শনি সোমের শত্রু নাই। মঙ্গলের শত্রু বুধ প্রমাণেতে পাই॥ বুধের শত্রু শশধর শাস্ত্রে ইহা কয়। অমরাচার্য্যের শত্রু বুধ শত্রু হয়॥ অসুরাচার্য্যের শত্রু রবি শশধর। শনির শত্রু রবি কুজ আর নিশাকর॥

সম কথন।

বুধঃ কুজেজ্যাস্ফুজিদর্ক পুত্রাঃ শুক্রার্কজৌ ভৌম সুরেজ্যমন্দাঃ। শনিঃ কুজেজ্যৌ সুররাজ মন্ত্রী রব্যাদিতোমী সম সঞ্জিতাঃস্যুঃ॥

রবির সোম বুধ হয়, সোমের সম কুজ কয়, আর গুরু শুক্র রবিসুত। বুধের শনি ইজ্য কুজ, গুরুর সম মার্ত্তণ্ডজ, ভার্গবের গুরু ক্ষৌণী সুত॥ পিতা যার হয় সূর্য্য, তার সম সুর পূজ্য, জ্যোতিষ প্রমাণে সুনিশ্চয়। শত্রু মিত্র সম সেই, শাস্ত্রমতে কহে এই, কদাচ অন্যথা নাহি হয়॥

অথ গ্রহদিগের জাতির অধিপতি নিরূপণ।

গুরু শুক্র দ্বিজ রবি মঙ্গল ক্ষত্রিয়। শশধর বৈশ্যজাতি বুধ শূদ্র হয়॥ অন্ত্যজ জাতীয় হন শনি মহাশয়। জাত্যধিপ এইরূপ জ্যোতিষেতে কয়॥

অথ বেদাধিপতি নিরূপণ।

বৃহস্পতি ঋগ্বেদের অধিপতি হন। যজুর্ব্বেদাধিপতি হয় ভৃগুর নন্দন॥ সাম বেদাধিপ হয় ভুমির নন্দন। অথর্ব্ববেদের বুধ এই নিরূপণ॥

অথ রাশিদিগের অধিপতি কথন।

মঙ্গল মেষের, ভার্গব বৃষের, মিথুনের শশিসুত। কর্কটের চন্দ্র, সিংহের রবীন্দ্র, কন্যার বুধ নিশ্চিত॥ তুলার অধিপতি, হয় দৈত্যপতি, ক্ষিতিসুত বৃশ্চিকের। ধনুর অধিপতি, হন বৃহস্পতি, শনি হন মকরের॥ কুম্ভপতি হয়,

দিনের তনয়, শাহি অন্যমত লিখি। মীনের অধিপতি, জীব মহামতি, জ্যোতিষ প্রমাণে দেখি॥

অথ গ্রহদিগের উচ্চ এবং নীচ কথন।

শুনহ সকলে উচ্চ গৃহ নিরূপণ। মেষরাশি ভাস্করের উচ্চ গৃহ হন॥ সোমে রুচ্চ গৃহ বৃষ মকর কুজের। বুধেরুচ্চ কন্যারাশি কর্কট জীবের॥ শুক্রেরুচ্চ গৃহ মীন শনির যে তুলা। রাহুর মিথুন কেতুর ধনু অনুকূলা॥ এই সব গ্রহ যদি থাকে উক্ত ঘরে। জ্যোতিষ প্রমাণ মতে তুঙ্গী বলি তারে॥ এই সব রাশির সপ্তম হবে সেই। ঐ গ্রহগণের যে নীচ গৃহ সেই॥

অথ গ্রহদিগের মূল ত্রিকোণ।

রবির ত্রিকোণ, সিংহরাশি হন, শশির ত্রিকোণ বৃষ। আছে নিরূপণ, সে মূল ত্রিকোণ, মঙ্গলের হয় মেষ॥ জ্যোতিষেতে কন, শশির নন্দন, তার যে ত্রিকোণ কন্যা। জীবের ত্রিকোণ, ধনু নিরূপণ, ভার্গবের তুলা মান্যা॥ রাহুর শশির, ত্রিকোণ সুস্থির, উভয়েরি কুম্ভ হয়। কেতুর ত্রিকোণ, হন পঞ্চানন, জ্যোতিষেতে এই কয়॥

অথ রাহু কেতু ভিন্ন গ্রহদিগের দৃষ্টি।

রাহু কেতু ভিন্ন অন্য, যত গ্রহ আছে গণ্য, পাদদৃষ্টি তৃতীয় দশমে। নবম পঞ্চে অর্দ্ধ দৃষ্ট, ত্রিপাদে চতুর্থ অষ্ট, পূর্ণদৃষ্টি জানিবা সপ্তমে॥ কিন্তু শনি মহাশয়, তৃতীয় দশমে রয়, নবম পঞ্চমে গুরু কয়। ক্ষিতিসুত চতুর্থেতে, কিম্বা থাকে অষ্টমেতে, সম্পূর্ণ দৃষ্টির ফল হয়॥ আর গ্রহ রহে যথা, দৃষ্টি নাহি হয় তথা, দ্বিতীয় বা ষষ্ঠ একাদশে। জ্যোতিষেতে এই কয়, গ্রহ দৃষ্টি সুনির্ণয়, কিম্বা থাকে যদি বা দ্বাদশে॥

অথ দৃষ্টি নির্ণয়।

পঞ্চম সপ্তম কিম্বা দ্বাদশ নবম। এই স্থলে রাহু পূর্ণদৃষ্টির নিয়ম॥ দ্বিতীয় দশম স্থলে ত্রিপাদ নির্ণয়। ত্রিষষ্ঠ চতুর্থ অষ্টমার্দ্ধ দৃষ্ট হয়॥ অন্যত্র থাকিলে রাহু দৃষ্টি এক পাদ। মস্তক বিহীন কেতু তার দৃষ্টি বাদ॥

অথ গ্রহদিগের বলাবল নির্ণয়।

উচ্চৈঃস্থিতাঃ শ্রেষ্ঠবলা ভবন্তি মূলত্রিকোণেস্বগৃহেচমধ্যাঃ। ইষ্টেক্ষিতা মিত্রগৃহা স্থিতা বা বীর্য্যং কনীয়ঃ সপুপাবহন্তি॥

অস্যার্থঃ। শুভগ্রহ যদি রন নিজ নিকেতনে। অথবা থাকেন যদি মিত্রের ভবনে॥ কিম্বা অন্য শুভগ্রহ সেই ঘর দেখে। আর যদি মিত্রগ্রহ তাহে দৃষ্টি রাখে॥ কিম্বা শুভগ্রহ সহ থাকে এক ঘরে। তবে শুভগ্রহ বলবান বলি তারে॥ ১॥ শুভগ্রহ যদি পাপ গ্রহের ভবনে। অথবা থাকেন যদি শত্রু নিকেতনে॥ যদি শত্রুগ্রহ সে ভবন দেখা পায়। কিম্বা পাপীগ্রহ দৃষ্টি যদি রাখে তায়॥ পাপগ্রহ কিম্বা শুভগ্রহের সহিত। একত্রে করিলে বাস দুর্ব্বল নিশ্চিত॥ ২॥ পাপের ভবনে থাকে পাপগ্রহগণে। অথবা থাকয়ে যদি শত্রু নিকেতনে॥ কিম্বা যদি থাকে সেই মিত্রের আলয়। শত্রুর অথবা সে পাপের দৃষ্ট হয়॥

তবে হন বলবান সেই পাপগ্রহ। জ্যোতিষ বচন অর্থে প্রমাণ সংগ্রহ॥ ৩॥ শুভের ভবনে যদি পাপগ্রহ রন। শুভ ভবনের দৃষ্টি যদি তিনি হন॥ ৪॥ কিম্বা শুভগ্রহের সহিত এক ঘরে। থাকিলে দুর্ব্বল পাপগ্রহ বলি তারে॥

অথ গ্রহদিগের সঞ্চার গত ফল।

কেতূপ্লব ভৌমমন্দ গতয়ঃ ষষ্ঠত্রিসংস্থাঃশুভা শ্চন্দ্রার্কা বপিতেচ তৌচ দশামৌচন্দ্রঃ পুনঃসপ্তমঃ। জীবঃ সপ্তনব দ্বিপঞ্চমগতো যুগ্মেষু সোমাত্মজঃ শুক্রঃ ষড়দশসপ্তবর্জমিতরে সর্ব্বে প্যপান্তে শুভাঃ॥

অথ রবি গ্রহের গোচর ফল।

জন্মস্থ হইলে রবি শত্রু বৃদ্ধি কর। দ্বিতীয় হইলে বন্ধু বিচ্ছেদ তৎপর॥ চতুর্থে ক্রমিক দুঃখ তৃতীয়ে আশ্রয়। পঞ্চম থাকিলে রবি মিত্রহানি কয়॥ ষষ্ঠে ধনলাভ করে অনিষ্ট সপ্তমে। অষ্টমেতে অপমান শোকতো নবমে॥ দশমে প্রাধান্য আর হয় কার্য্য সিদ্ধি। একাদশ রবি করে সৌভাগ্যের বৃদ্ধি॥ দ্বাদশেতে বধ আর বন্ধনের ভয়। রবি সঞ্চারের ফল জ্যোতিষেতে কয়॥

অথ চন্দ্র গ্রহের গোচর ফল।

মিষ্টান্ন ভোজন চন্দ্র জন্মস্থ থাকিলে। ক্লেশ দেন শশধর দ্বিতীয় হইলে॥ তৃতীয়েতে শত্রুনাশ করে শশধর। চতুর্থ চন্দ্রের ফলে পীড়য়ে উদর॥ পঞ্চমে দৌর্ভাগ্য ষষ্ঠে লাভ ধন ধান্য। সপ্তমেতে ধন আর স্ত্রীলাভের জন্য॥ অষ্টমে চক্ষুর পীড়া নবমেতে ত্রাস। দশমেতে কার্য্য সিদ্ধ না করে নৈরাশ॥ একাদশে মান কিম্বা হয় সুখোদয়। দ্বাদশস্থ শশধর সদা করে ভয়॥

অথ মঙ্গল গ্রহের গোচর ফল।

শুনহ সকল, ক্ষমাপুত্র ফল, জ্যোতিষে যেরূপ কয়। জন্মস্থ রাশিতে যদি ক্ষিতিসুতে, থাকিলে শত্রুর ভয়॥ দ্বিতীয়ে থাকিলে, ধনক্ষয় বলে, তৃতীয় কার্য্যের সিদ্ধি। ক্ষিতিভূ চতুর্থে, জ্যোতিষের মতে, থাকিলে শত্রুর বৃদ্ধি॥ পঞ্চমে মরণ, ষষ্ঠে বৃদ্ধি ধন, সপ্তমেতে শোকাকর। থাকে অষ্টমেতে, অস্ত্রাঘাত তাতে, ব্যক্ত আছে চরাচর। নবম মঙ্গলে, কার্য্যহানি বলে, ইহাতে নাহিক আন। মহীজ দশেতে, থাকিলে ইহাতে, মাত্র সে সুখ্যাতি পান॥ একাদশে রয়, ধরণী তনয়, নানা সুখ তাতে জানি। দ্বাদশে মরণ, এই বিবরণ, জ্যোতিষ প্রমাণে মানি॥

অথ বুধ গ্রহের গোচর ফল।

জন্মস্থ হইলে বুধ করায় বন্ধন। শাস্ত্রে বলে দ্বিতীয়ে থাকিলে দেন ধন॥ অপমান তৃতীয়ে চতুর্থে কার্য্য সিদ্ধি। পঞ্চমেতে দুঃখ হয় বুঝহ সুবুদ্ধি॥ ষষ্ঠে স্থানালাভ যে সপ্তমে পীড়া দেহে। ধনলাভ করে বুধাষ্টমে যদি রহে॥ নবমে মহৎ পীড়া সুখ হয় দশে। একাদশে ধন আর ধৈর্য্য যে দ্বাদশে॥

অথ বৃহস্পতির গোচর ফল।

বৃহস্পতি জন্মস্থ হইলে হয় ভয়। দ্বিতীয়ে অতুলৈশ্বর্য্য তিনে ক্লেশ হয়॥ বৃদ্ধিনাশ করে গুরু চতুর্থে থাকিলে। পঞ্চমে পরম সুখ জ্যোতিষেতে বলে॥

অশুভ দায়ক ষষ্ঠে যদি রহে গুরু । সপ্তমেতে রাজপূজা এ ফল সুচারু ॥ সুরাচার্য্য অষ্টমে অশেষ ধননাশ । নবমেতে ধন বৃদ্ধি আছয়ে নির্য্যাস ॥ বৃহস্পতি দশমে প্রভুর ভঙ্গ কয় । একাদশে স্থান মান ধনলাভ হয় ॥ পীড়া করে দ্বাদশ গুরুতে সুনিশ্চয় । গুরু ফলাফল এই জ্যোতিষেতে কয় ॥

অথ শুক্র গ্রহের গোচর ফল ।

জন্মস্থ হইলে শুক্র শত্রু করে ক্ষয় । ধনলাভ দ্বিতীয়ে তৃতীয়ে সুখ হয় ॥ ধনভোগ চতুর্থে পঞ্চম লাভ পুত্র । ভৃগুর নন্দন ষষ্ঠে শত্রু বৃদ্ধি মাত্র ॥ সপ্তমেতে শোক কার্য্যসিদ্ধি যে অষ্টমে । নানা বস্ত্র লাভ কর থাকিলে নবমে ॥ অশুভ ভার্গব হয় দশমে থাকিলে । একাদশে অধিকন্তু ধনলাভ বলে ॥ দ্বাদশেতে ভৃগু করে পরমায়ু বৃদ্ধি । ভার্গবের ফলাফল এই শাস্ত্র সিদ্ধি ॥

অথ শনি গ্রহের গোচর ফল ।

স্বজন্ম রাশিতে বাস, শনি করে বিত্ত নাশ, মানসের কষ্ট যে দ্বিতীয়ে । তৃতীয় শনির ভাব, শত্রুনাশে ধনলাভ, ফলাফল দেখহ বুঝিয়ে ॥ চতুর্থে শত্রুর বৃদ্ধি, পাঁচে ক্ষয় পুত্র ঋদ্ধি, ষষ্ঠে সর্ব্ব কার্য্য সিদ্ধ কয় ॥ বন্ধু দোষ সাতে কহে, অষ্টমেতে পীড়া দেহে, নবমেতে করে অর্থ ক্ষয় ॥ সুখ্যাতি দশম শনি, প্রমাণেতে অনুমানি, নিগূঢ়ার্থ জ্যোতিষ বচন । একাদশেধিক ধন, লাভ হয় শাস্ত্রে কন, দ্বাদশেতে অনর্থ ঘটন ॥

অথ রাহু কেতুর সঞ্চার গত ফল ।

রাহু কেতু জন্মস্থ হইলে ধন ক্ষয় । দ্বিতীয়ে প্রবাস বৃদ্ধি প্রমাণেতে কয় ॥ রাহু কেতু তৃতীয় থাকিলে নানা লাভ । চতুর্থেতে পীড়া দেন প্রমাণের ভাব ॥ মনঃপীড়া দাতা হন থাকিলে পঞ্চমে । ষষ্ঠে মহাসুখ অগ্নিভয়তো সপ্তমে ॥ অষ্টমে মরণ ভয় লজ্জা যে নবমে । সুখ্যাতির হয় বৃদ্ধি থাকিলে দশমে ॥ একাদশে থাকিলে অশেষ সুখোদয় । দ্বাদশেতে অতি কষ্ট জ্যোতিষেতে কয় ॥

অথ গ্রহগণের সঞ্চারগত ফলের কাল ।

প্রমাণং যথা । দিনকর রুধিরৌ প্রবেশকালে গুরুভৃগুজৌ ভবনস্য মধ্যযাতৌ । রবিসুত শশিনৌ বিনির্গমস্থৌ শশিতনয়ঃ ফলদস্তু সর্ব্বকালং ॥

অস্যার্থঃ । রবি কুজ ফল দেন প্রবেশ কালেতে । মধ্যে ফলদাতা হন গুরু ভৃগুসুতে ॥ শনি শশীফল দেন ত্যাগের সময় । সর্ব্বকাল ফল দেন শশির-তনয় ॥

অথ গ্রহদিগের সঞ্চারগত ফলের তারতম্য ।

যদি চন্দ্র শুভ থাকে সঞ্চারের কালে । শুভের আধিক্য হয় জ্যোতিষেতে বলে ॥ বিরুদ্ধ থাকিলে তবু মিশ্রফল ফলে । মধ্য ফল হয় চন্দ্র মধ্যম থাকিলে ॥

অথ জন্ম নক্ষত্র ফল কথন ।

জন্মসম্পৎ বিপৎক্ষেম প্রত্যরিঃ সাধকোবধঃ । মিত্রং পরম মিত্রঞ্চ নব তারাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ সর্ব্ব মঙ্গল কার্য্যাণি ত্রিষু জন্মসু কারয়েৎ । বিবাহশ্রাদ্ধ ভৈষজ্য যাত্রা ক্ষৌরাণি বর্জ্জয়েৎ ॥

অথ তারাশুদ্ধি কথন।

অস্যার্থঃ। তারাশুদ্ধি বিবরণ, জন্ম আদি তারাগণ, সমুদয় গণনায় সব। বিশেষ বিশেষ করি, তথাচ সন্দেহ ধরি, বেধপক্ষে বিধি অনুভব॥ জন্ম তারা প্রথমত, সম্পদ সে দ্বিতীয়ত, বিপদ তৃতীয় অঙ্ক পায়। চতুর্থেতে ক্ষেম জানি, প্রত্যরি পঞ্চম মানি, ষষ্ঠ অঙ্কে সাধক জানায়॥ সপ্তমেতে বধ কহে, অষ্টমেতে মিত্র রহে, নবমে পরম মিত্র সারা। ইতোমধ্যে ত্যজ্য করি, জন্মবিপৎ প্রত্যরি, বধ এই মন্দচারি তারা॥ গণনার কহি এই, তারা পরিচ্ছেদ যেই, ক্রিয়া করিবেন যেই জন। তার জন্মতারা যেই, জন্মতারা হবে সেই, ক্রমে জবে নরের গণন॥ ক্রিয়ার দিনের তারা, পর্য্যন্ত করিবে ধারা, যে তারায় হইবে সমান। সে যদি সুতারা জান, তবে তারা শুদ্ধি মান, পরে কহি অন্য প্রকরণ॥ এই গণনার দ্বারা, যদি হয় মন্দ তারা, অথচ কর্ত্তব্য কর্ম্ম হবে। প্রতিকার হেতু তথা, প্রায়শ্চিত্ত বিধি যথা, মন্দ তারা শুভ হয় তবে॥ জন্ম তারায় শাকদান, গুড় বিপদে বিধান, প্রত্যরিতে দিবেক লবণ। বধেতে ঠেকিলে পরে, প্রায়শ্চিত্ত বিধি ধরে, দিবে তিল কাঞ্চন তখন॥

অথ রবি শুদ্ধিঃ।

রবি শুদ্ধ কহি শুন জ্যোতিষ প্রমাণ। জন্ম রাশি হৈতে ষষ্ঠ তৃতীয় যে স্থান॥ দশম অথবা একাদশে যদি রয়। জ্যোতিষ প্রমাণে তবে রবি শুদ্ধ হয়॥ অথবা মাসের ত্রয়োদশ দিন পরে। দ্বি পঞ্চ নবম রবি শুদ্ধি বলি তারে॥

অথ দক্ষিণ বেধে রবি শুদ্ধিঃ।

শনি ভিন্ন কোন গ্রহ পঞ্চমে না থাকে। একাদশ রবি তবে শুদ্ধি বলি তাকে॥ তৃতীয়স্থ রবি ভাল না থাকে নবমে। চতুর্থেতে না থাকিলে শুদ্ধি সে দশমে॥ শনি ভিন্ন দ্বাদশেতে নাহি থাকে কেহ। যষ্ঠেতে থাকিলে রবি শুভ দেয় সেহ॥

অথ বাম বেধে রবি শুদ্ধিঃ।

শনি ভিন্ন গ্রহ একাদশেতে থাকিলে। পঞ্চমস্থ রবি ভাল বামবেধে বলে॥ তৃতীয়ে থাকিলে তবে শুভদ নবম। দশমে থাকিলে হয় চতুর্থ উত্তম॥ ষষ্ঠেতে থাকিলে হয় দ্বাদশ শুভদ। বামবেধে রবি শুদ্ধি শাস্ত্রেতে প্রবোধ॥

অথ ঘাতচন্দ্রঃ।

মেষ রাশির আদ্যচন্দ্র বৃষের পঞ্চম। কর্কির দ্বিতীয় মিথুন রাশির নবম॥ সিংহের ষষ্ঠস্থ কন্যা রাশির দশম। তুলার তৃতীয় বিছা রাশির সপ্তম॥ ধনুর চতুর্থ মকর রাশির অষ্টম। কুম্ভ রাশির একাদশ মীনের বার্যম॥ এসব চন্দ্রের নাম ঘাতচন্দ্র হয়। বামবেধে শুদ্ধ হইলেও ভাল নয়॥ অতএব ইহাতে কোন কর্ম্ম করা নয়। রোগোৎপত্তি হৈলে ক্লেশ দেয় শাস্ত্রে কয়॥

অথ চন্দ্র শুদ্ধিঃ।

সপ্তাদ্য চন্দ্রে ধ্রুবমর্থলাভঃ ষষ্ঠে তৃতীয়ে ধনভোগমায়ুঃ। সর্ব্বার্থ সিদ্ধং

দশমে বদন্তি একাদশে সর্ব্ব সুখানি চৈব ॥ সপ্তমোপচয়াদ্যস্থঃ শশী সর্ব্বত্র শোভনঃ। শুক্লপক্ষে দ্বিতীয়স্তু পঞ্চমো নবমস্তথা ॥

অস্যার্থঃ। কর্ম্মকর্ত্তার জন্মরাশি অবধি করিয়া। ক্রিয়ার দিনের রাশি পর্য্যন্ত গণিয়া ॥ অর্থাৎ ক্রিয়ার কালে হবে যে নক্ষত্র। তাহাতে যে রাশি ঘটে করিয়া একত্র ॥ যত অঙ্কে হবে তার এক তিন ছয়। সাত দশ একাদশে চন্দ্র শুদ্ধি হয় ॥ ইহাতে করিলে কর্ম্ম হয় যেই ফল। বিশেষ করিয়া তাহা লিখিব সকল ॥ একে সাতে অর্থলাভ জানিবে নিশ্চয়। তিনে ছয় ধন ভোগ আয়ুবৃদ্ধি হয় ॥ সিদ্ধি হয় সর্ব্বার্থ করিলে ক্রিয়া দশে। পরে সর্ব্ব সুখে সুখী হয় একাদশে ॥ বিশেষত শুক্লপক্ষে আছয়ে নির্ণয়। দুই পাঁচ নয় হৈলে শুভ চন্দ্র হয় ॥

অথ চন্দ্র গ্রহণ কথন।

খনা। যে যে মাসের সে যে রাশি। তাহার সপ্তমে থাকে শশী ॥ সেই দিন যদি হয় পৌর্ণমাসী। অবশ্য রাহু গ্রাসে শশী ॥ দুই তিন পাঁচ ছয়। একাদশে দেখিতে হয় ॥

অথ প্রশ্নের আভাষ গণনা।

খনা। সাত পাঁচ তিন কুশল বাত। নয়ে একে হাতে হাত ॥ কি করিবে ছুটে চটে। কার্য্য নষ্ট দুয়ে আটে ॥

অথ গর্ব্ভের সন্তান পরীক্ষা।

খনা। বাণের পৃষ্ঠে দিয়ে বাণ। পেটের ছেলে গণে আন ॥ নামে মাসে করে এক। সাতে হরে সন্তান দেখ ॥ এক তিন থাকে বাণ। তবে নারীর পুত্র জান ॥ দুই চারি থাকে ছয়। অবশ্য তার কন্যা হয় ॥ যদি থাকে শূন্য সাত। তবে নারীর গর্ব্ভপাত ॥

খনা। গ্রাম গর্ব্ভিণী ফলে যুতা। তিন দিয়া হর পূতা ॥ একে সুত দুয়ে সুতা। তিন হৈলে গর্ব্ভ মিথ্যা ॥ এ কথা যদি মিথ্যা হয়। সে ছেলে তার বাপের নয় ॥

অথ সন্তান পরীক্ষা।

খনা। নামে মাসে করে এক। তাহার দ্বিগুণ করিয়া দেখ ॥ সাতে পুরি আটে হরি। সমে পুত্র বিষয়ে নারী ॥

অথ বরাহ মতে ঐ।

যয় মাসের গর্ব্ভ নারীর নাম য অক্ষর। যয় জন শুনে পক্ষ দিয়া এক কর ॥ সাতে হরি চন্দ্র নেত্র বাণ যদি রয়। এতে পুত্র পরে কন্যা জানিহ নিশ্চয় ॥ হরিতে সকল অঙ্ক যদি রহে সাত। বরাহ মিহিরে বলে হয় গর্ব্ভপাত ॥

অথ দম্পতীর মধ্যে অগ্র পশ্চাৎ মৃত্যু পরীক্ষা।

খনা। অক্ষর দ্বিগুণ চৌগুণ মাত্রা। নামে নামে করি সমতা ॥ তিন দিয়ে হরে আন। তাতে মরা বাঁচা জান ॥ এক শূন্যে মরে পতি। দুই থাকিলে মরে যুবতী ॥

অথ পীড়িতের নিদান সংবাদে শুভাশুভ গণনা।

খনা। অশুভ বার্ত্তা যে জন ভণে। তার মুখে যে জন শুনে॥ তিথি বার করে এক। সাতে হরে পরমায়ু দেখ॥ এক তিন থাকে বাণ। যম ঘর হৈতে টেনে আন॥ দুই চারি থাকে ছয়। অবশ্য তার মৃত্যু হয়॥

অথ জন্ম নক্ষত্র দ্বারা শুভাশুভ গণনা।

খনা। আপনার জন্ম নক্ষত্র মাসের তত দিন। তিথি বার ঐক্য করে সাতে কর হীন॥ একে শুভ দুয়ে ভাল তিনে শত্রু ক্ষয়। চতুর্থে কার্য্যসিদ্ধি পঞ্চমে সংশয়॥ ষষ্ঠে মৃত্যু শূন্য হলে পায় বহু সুখ। খনা বলে এ যাত্রায় কভু নাহি দুঃখ॥

অথ যোগিনী চক্র।

খনা। পুরা দুই পোয়া উনি। চারি চারি দণ্ডে ফিরে যোগিনী॥ ঘোড়ার পৃষ্ঠে দেবী যায়। সন্মুখে দক্ষিণে ধরে খায়॥

অথ জাতক গণনা।

খনা। মীন কুম্ভ মকর মেষা। আদ্য অন্তে হয় পুরুষা॥ বিছা সিংহ তুলে। ইহাতে ঐ খনা বলে॥

অথ জাত বালকের শিয়োর নির্ণয়।

খনা। অজ সিংহ ধনুঃ পূর্ব্বা। বৃষ কন্যা মকর দক্ষিণা॥ কর্কট বৃষ মীন উত্তরা। মিথুন তুলা ঘট পশ্চিমা॥

অথ জন্ম লগ্নের শুভাশুভ গণনা।

খনা। বরাহ বলে কোন লগ্ন লেখ। লগ্নের সপ্তম ঘরে কোন গ্রহ দেখ॥ আছে শনি সপ্তম ঘরে। অবশ্য তারে খোড়া করে॥ রবি থাকিলে ভ্রমায় ভূখণ্ড। চন্দ্র থাকে ধরে নবদণ্ড॥ মঙ্গল থাকে করে খণ্ড খণ্ড। অস্ত্রাঘাতে যায় তার মুণ্ড॥ বুধ থাকে বিষয় করায়। গুরু শুক্র থাকে বহু ধন পায়॥ লগ্নে আকা লগ্নে বাঁকা। লগ্নে থাকে ভানু তনুজা॥ লগ্নের সপ্তম অষ্টম থাকে পাপ। মারে জননী পীড়ে বাপ॥

অথ আয়ুর্গণনা।

খনা। কিসের তিথি কিসের বার। জন্ম নক্ষত্র কর সার॥ কি কর শ্বশুর মতিহীন। পলকে জীবন বারোদিন॥

অথ ঊষার লক্ষণ।

খনা। ডাকয়ে পক্ষী না ছাড়ে বাসা। উড়িয়ে বৈসে খাবে করি আশা॥ যবে যায় নিজালয় না পায় দিশা। খনা ডেকে বলে সেই সে ঊষা॥

অথ জ্বরোৎপত্তি দোষ।

অশ্বিনীতে রোগ হৈলে এক দিন ভোগ। ভরণী মরণ শঙ্কা যদি হয় রোগ॥ কৃত্তিকায় নয় দিন রোহিণীতে তিন। মৃগশিরা ভোগ মাত্র হয় পঞ্চ দিন॥ আর্দ্রায় মরণ ভয় জ্যোতিষেতে কয়। পুনর্ব্বসু পুষ্যা সপ্তদিন ভোগ হয়॥ অশ্লেষা নবম দিন মঘা এক মাস। পূর্ব্বফল্গুনীতে দুই মাস এ নির্য্যাস॥ উত্তর-

ফল্গুনী এক পক্ষ শাস্ত্রে কয়। হস্তায় সপ্তাহ চিত্রা এক পক্ষ হয়॥ স্বাতী দুই মাস বিশাখায় কুড়ি দিন। অনুরাধায় দশ দিন বুঝহ প্রবীণ॥ জ্যেষ্ঠায় ভুগিবে পক্ষ মূলা মরণান্ত। পূর্ব্বাষাঢ়ে তিনপক্ষ দিন যে একান্ত॥ উত্তরাষাঢ়ায় ভোগ বিংশ দিন হয়। শ্রবণা দুমাস ভোগ কভু মিথ্যা নয়॥ ধনিষ্ঠাতে পঞ্চদশ দিন ভোগ হয়। শতভিষা দশ দিন ভোগ সুনির্ণয়॥ পূর্ব্ব ভাদ্রপদে মরণান্ত এই কয়। উত্তরভাদ্রপদে এক পক্ষ ভোগ হয়॥ রেবতীতে রোগ ভোগ কুড়ি দিন করে। জ্যোতিষ বচনমতে কহি অতঃপরে॥ রোগারম্ভে চন্দ্র তারা যদি শুদ্ধ রয়। উক্ত দিনাপেক্ষা রোগ অল্পদিনে ক্ষয়॥ অশুদ্ধ থাকিলে হয় জীবন সংশয়। জ্বরোৎপত্তি দোষাদোষ জ্যোতিষেতে কয়॥

অথ জ্বরোৎপত্তি বার নিয়ম।

রবি সপ্ত সোমে নয় মঙ্গলেতে দশ। বুধে তিন গুরুবারে দ্বাদশ দিবস॥ শুক্র তিন কিম্বা সাত শনি চৌদ্দ দিন। বারজ্বর ভোগ এই বুঝহ প্রবীণ॥ রোগারম্ভে যদি শশী শুদ্ধ নাহি রয়। তারা শুদ্ধ না থাকিলে জীবন সংশয়॥

অথ সাঙ্ঘাতিক রোগোৎপত্তি।

রবি কুজ কিম্বা যদি হয় শনিবার। ষষ্ঠী বা নবমী চতুর্দ্দশী তিথি আর॥ পূর্ব্বাষাঢ়া মূলা পূর্ব্বফল্গুনী অশ্লেষা। পূর্ব্বভাদ্রপদ স্বাতি আর্দ্রা শতভিষা॥ এই কয় সংযোগে যদ্যপি রোগ হয়। তাতে যদি চন্দ্র তারা শুদ্ধ নাহি রয়॥ অবশ্য যাইবে তবে কৃতান্ত ভবনে। এইত প্রমাণ সিদ্ধি জ্যোতিষ রচনে॥

অথ বর্ষমধ্যে মৃত্যু গণনা।

জন্মঋক্ষ নবগুণে বর্ষ মিশাইবে। একত্র করিয়া তারে ত্রিগুণ করিবে॥ সপ্তবিংশে হরিলে যে অবশিষ্ট রয়। তাতে দশ দ্বাদশ ষোড়শ যদি হয়॥ কিম্বা পঞ্চদশ তিন অষ্টাদশ রয়। সাতাশ থাকিলে সেই বর্ষে মৃত্যু হয়॥

অথ ত্রিপুষ্কর।

শনিবার কুজবার কিম্বা রবিবার। ইহাতে যদ্যপি পায় ভদ্রা তিথি আর॥ উত্তরফল্গুনী পুনর্ব্বসু বা কৃত্তিকা। পূর্ব্বভাদ্রপদোত্তরাষাঢ়া বা বিশাখা॥ এ তিথি নক্ষত্রবার যোগে মৃত্যু হয়। জ্যোতিষ প্রমাণে ত্রিপুষ্কর দোষ কয়॥ বারে পাদদোষ তিথিদোষ হয় পাদ। নক্ষত্রে দ্বিপাদমাত্র কভু নহে বাদ॥ ত্রিদোষে হইলে মৃত্যু হয় ত্রিপুষ্কর জন্মিলে জারজ দোষ কহি অতঃপর॥ বারে শস্য সুত নষ্ট তিথিতে গোধন। নক্ষত্রে বাস্তুর বৃক্ষ গোত্রের নিধন॥

অথ ঔষধকরণ।

শনি কুজ বার ভিন্ন, রিক্তে তর তিথি গণ্য, সুপ্রশস্ত করণ সুযোগ। ত্রিপূর্ব্বাতো ত্যজ্য হয়, মঘার্দ্রা ভরণী নয় বিশাখাতো করিয়ে বিযোগ॥ যে নক্ষত্র অবশিষ্ট, ঔষধকরণে ইষ্ট, চন্দ্র তারা শুদ্ধ যদি হয়। লগ্নেতে মিথুন কন্যা, ধনু মীন হয় গণ্যা, ঔষধকরণে সুনির্ণয়॥

অথ ঔষধসেবন।

শনি কুজ ভিন্নবার রিক্তা ভিন্ন তিথি। প্রশস্ত করণ যোগ অশ্বিনী রেবতী॥

ধনিষ্ঠা শ্রবণা পুষ্যা উত্তর ফল্গুনী। হস্তা পুনর্ব্বসু মৃগশিরা বা রোহিণী॥ উত্তরভাদ্রপদ উত্তরাষাঢ়া স্বাতি জ্যেষ্ঠা। চিত্রা মূলা অনুরাধা কৃত্তিকাও শ্রেষ্ঠা॥ এসব নক্ষত্র ভাল ঔষধ সেবনে। লগ্নেতে মিথুন কন্যা ধনু কিম্বা মীনে শশধর অনুকূলে ঔষধ ভক্ষণ। আশু রোগ নষ্ট হয় জ্যোতিষে লিখন॥

অথ স্বস্ত্যয়ন।

শনি কুজ ভিন্নবারে রিক্তা ভিন্ন তিথি। পুষ্যাশ্বিনী হস্তাচিত্রা অথবা রেবতী॥ অনুরাধা মৃগশিরা উত্তরফল্গুনী। উত্তরভাদ্রপদ উত্তরাষাঢ়া বা রোহিণী॥ শুভলগ্নে শুভযোগ স্বস্ত্যয়ন যুক্তি। এইত প্রমাণ মাত্র জ্যোতিষেতে উক্তি॥

অথ বিহিত দ্রব্যাদি ভক্ষণ নিষেধ।

প্রতিপদে অর্থহানি কুষ্মাণ্ড ভক্ষণে। দ্বিতীয়াতে বৃহতী নাশক হরিনামে॥ শত্রু বৃদ্ধি পটল খাইলে তৃতীয়ায়। মূলাহারে চতুর্থীতে ধন হানি হয়॥ পঞ্চমীতে শ্রীফলে কলঙ্ক অতিশয়। ষষ্ঠীতে খাইলে নিম্ব পশুযোনি হয়॥ তালে শরীরের নাশ সপ্তমীর যোগে। অষ্টমীতে মূর্খ হয় নারিকেল ভোগে॥ অলাবু গোমাংস তুল্য নবমী তিথিতে। দশমীতে গোমাংস সমান কলম্বিতে॥ শিমে মহাপাপ একাদশীর নিয়ম। দ্বাদশীতে পুঁই শাকে ব্রহ্মহত্যা সম॥ ত্রয়োদশী তিথিতে বার্ত্তাকু যদি খায়। সন্তানের হানি হয় বিধানে জানায়॥ চতুর্দ্দশী তিথির দিবসে নরগণে। চিররোগী হয় মাষকলাই ভক্ষণে॥ অমাবস্যা পূর্ণিমাতে যদি খায় মাংস। পূর্ণরূপে মহনামে প্রকাশে পাপাংশ॥

অথ দাহ নিষেধ।

দুই বৎসর পরিপূর্ণ না হইলে যে বালকের মৃত্যু হয়, তাহার দাহাদি না করিয়া মৃত্তিকাসাৎ করিবে।

অথ অশৌচ গ্রহণ সময়।

অশৌচ যদ্যপি সূর্য্যোদয়ের পূর্ব্বে হয় তবে পূর্ব্বদিবস লইয়া গণনা করিবে, অশৌচ নিশ্চয় না হইলে অশৌচ হয় না অশৌচের মধ্যে যদি জ্ঞাত হওয়া যায় তবে শেষে যে কয়েক দিন থাকে তাহাতেই শুদ্ধ হয়, অশৌচ কালানন্তর সম্বৎসরে মধ্যে জ্ঞাত হইলে সপিণ্ড বর্গের তিন দিবসাশৌচ হয়, এবং সম্বৎসারান্তে দুই বৎসরের মধ্যে জ্ঞাত হইলে সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ মাত্র আর পুত্রাদির এক দিবস, দুই বৎসরের পর শ্রবণ করিলে সজ্জ্যোতিঃ অর্থাৎ দিনে শ্রবণ করিলে দিন মাত্র, রাত্রে শ্রবণ করিলে রাত্রি মাত্র, স্বীয় পুত্র জন্মাশৌচানন্তর শ্রবণ করিলে স্নান মাত্রে শুভ হয়॥

অথাশৌচ ব্যবস্থা।

জন্ম মরণে ব্রাহ্মণের ১০ দিবসাশৌচ, ক্ষত্রিয়ের ১২ দিবস বৈশ্যের ১৫ দিবস, শূদ্রের এক মাস সপণ্ডের জন্ম মরণে সম্পূর্ণাশৌচ হয়, সর্ব্ব বর্ণের সপিণ্ডানন্তর দশম পুরুষ পর্য্যন্ত ৩ দিবস, দশম পুরুষানন্তর চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত পক্ষিনী অর্থাৎ বর্ত্তমান দিবস এবং রাত্রি আর আগামি দিবস সহিত

১২ প্রহরের নাম পক্ষিণী, চতুর্দ্দশ পুরুষানন্তর নাম স্মৃতি পর্য্যন্ত ১ দিবস অন্তর স্নানে শুদ্ধিঃ।

অথ মাতামহাদ্যশৌচ।

মাতামহ মরিলে ত্রিরাত্রাশৌচ, শ্বশুর এবং শ্বাশুড়ি নিকট মরিলে ত্রিরাত্রাশৌচ হয়, এক গ্রামে বা গ্রামান্তরে মরিলে এক রাত্রাশৌচ মাত্র। কিন্তু ব্যবহার ত্রিরাশৌচ। বিবাহিতা ভগিনী, এবং মাতাংহি, মাতুল মাতুলানী, পিতৃস্বসা, অর্থাৎ পিতার ভগিনী এবং দৌহিত্র ও ভাগিনেয়াদি মরিলে পক্ষিণী অশৌচ হয়, কিন্তু মাতামহী মরিলে ত্রিরাত্রাশৌচ ব্যবহার পরন্তু মাতৃ ভগিনী পুত্র ও মাতুল পুত্র মরিলে পক্ষিণী অশৌচ হয়।

অথ সূতিকাশৌচ।

দ্বিজাতি স্ত্রীর পুত্র জননে ২০ দিন কন্যা জননে একমাসাশৌচ হয় শূদ্রের পুনঃ দুয়েতেই মাসাশৌচ হয়।

অথ অকৃত চূড়া কন্যা মরণাশৌচ ব্যবস্থা।

জন্মাবধি দুই বৎসর পর্য্যন্ত অকৃত চূড়া কন্যা মরণের সর্ব্ব বর্ণের সদ্যঃ শৌচ মাত্র, বিবাহের পর কন্যার মৃত্যু হইলে ভর্ত্তাকুলে সম্পূর্ণাশৌচ হয় অজাত দন্তা কন্যা মরণে সোদরের সদ্যঃশৌচ মাত্র, জাতদন্তা কন্যা মরণে একরাত্রাশৌচ, চূড়া হইলে ত্রিরাত্রাশৌচ হয়।

অথ বালাদ্যশৌচ।

অষ্টম মাস পর্য্যন্ত গর্ব্ভস্রাবে, নবম মাসাদিতে বালক জাত হইয়া যদ্যপি তদশৌচের মধ্যে মরে তবে মাতা পিতার অস্পৃশ্যত্ব প্রযুক্ত জননাশৌচ হয়, সপিণ্ডদিগের সদ্যঃশৌচ। এবং গর্ব্ভেতে মরিয়া যদি কন্যা বা পুত্রের জন্ম হয় তবে সপিণ্ড বর্গের সম্পূর্ণ জননাশৌচ হয়। পরন্তু যদ্যপি বালকের দন্তহইলে মৃত্যু হয় তবে পিতামাতার ৩ দিবস সপিণ্ডবর্গের ১ দিবস অশৌচ, ইহার মধ্যে যদি চূড়া হইয়া থাকেতবে সকলের ত্রিরাত্রাশৌচ হয়। আর যদ্যপি চূড়া না হইয়া থাকে তবে মাতাপিতার ত্রিরাত্রি অন্যের ১ রাত্রাশৌচ মাত্র দুই বৎসরের পর ছয় বৎসর পর্য্যন্ত অনুপনীত বালক মরিলে ত্রিরাত্রাশৌচ উপনীত বালক মরিলে সম্পূর্ণাশৌচ হয় শূদ্রের ছয় মাস পর্য্যন্ত চূড়া এবং দন্তোৎপত্তি না হইয়া থাকে তবে তাহার মরণে ত্রিরাত্রাশৌচ হয়, ইহার মধ্যে দন্তোৎপত্তি হইলে পাঁচ দিবস, এবং দুইবৎসরের মধ্যে চূড়া হইলে ১০ দিবস এবং বিবাহ হইলে এক মাসাশৌচ হয়। ছয় মাসের পর দুই বৎসরে পর্য্যন্ত শূদ্র বালক মরিলে ৫ দিবসাশৌচ হয় দুই বৎসরের পর ৬ বৎসর পর্য্যন্ত ১২ দিবস অশৌচ হয়।

অথ গর্ব্ভস্রাবাশৌচ।

দুই মাসের মধ্যে গর্ব্ভস্রাব হইলে সেই স্ত্রীর রজস্বলাশৌচ হয়, কিন্তু অন্যের হয় না ছয় মাসের মধ্যে গর্ব্ভস্রাব হইলে সেই স্ত্রীর অশৌচ হয়, আট মাসের মধ্যে যদি গর্ব্ভস্রাব হয় তবে সেই স্বজাত্যুক্তাশৌচ হয়। সপিণ্ডদিগের সদ্যঃ-

শৌচ মাত্র, কিন্তু ব্যবস্থার একাহ। তিন চারি পাঁচ ছয় মাস পর্য্যন্ত গর্ব্ভস্রাব হইলে দৈবপৈত্র্য কর্ম্মেতে ব্রাহ্মণীর যত মাস গর্ব্ভ তত দিন আর এক দিন অধিক, ক্ষত্রিয়ের ২ দিন, বৈশ্যের ৩ দিন শূদ্রের ৬ দিন অধিকাশৌচ হয় অন্যত্র যত মাস গর্ব্ভ তত দিন অশৌচ বিধি, এবং সাত আট মাসের গর্ব্ভ মরিলে তদন্তর হইলে নবম মাসের যে ব্যবস্থা সেই ব্যবস্থা জানিবেন।

অথ হাঁচি টিক্‌টিকির ফল।

শয়নে ভোজনে উপবেশনে বা দানে। বিবাদে বিবাহে আর বস্ত্র পরিধানে॥
এই সপ্ত কর্ম্মে হাঁচি আদি সুশোভন। অন্য কর্ম্মে শুভ নাহি হয় কদাচন॥
বৃদ্ধ শিশু অথবা কফের যেই হাঁচি। যত্ন পূর্ব্বকের হাঁচি কদাচ না বাছি॥
গোধনের হাঁচি হয় মৃত্যুর কারণ। জ্যোতিষ বচন ইহা অবশ্য বারণ॥
দিকের নির্ণয় কহি বুঝহ সুবুদ্ধি। ঊর্দ্ধভাগে হৈলে ধনভোগ কার্য্যসিদ্ধি॥
পূর্ব্বদিকে অগ্নিকোণে হৈলে হয় ভয়। দক্ষিণেতে অগ্নি ভয় জানিহ নিশ্চয়॥
নৈর্ঋতে কলহ লাভ পশ্চিমের ভাব। বায়ুকোণে বর বস্ত্র গন্ধ জয়লাভ॥
উত্তরে টিক্‌টিকি হাঁচি স্ত্রী লাভ কারণ। ঈশানে হইলে মৃত্যু কে করে বারণ॥

অথ স্থান বিশেষে জ্যেষ্ঠী পতনের ফল।

মস্তকে পড়িলে জ্যেষ্ঠী লভ্য হয় রাজ্য। জনুতে পড়িলে মাত্র বাড়য়ে ঐশ্বর্য্য॥ কর্ণেতে পড়িলে লাভ হইবে ভূষণ। চক্ষুতে পড়িলে হয় বন্ধু দরশন॥
নাকেতে পড়িলে লাভ সুগন্ধ গ্রহণ। মুখেতে পড়িলে প্রাপ্তি মিষ্টান্ন ভোজন
গলদেশে পতনেতে সম্পত্তির সিদ্ধি। স্তনমূলে পতনেতে সৌভাগ্যের বৃদ্ধি॥
বক্ষেতে পড়িলে জ্যেষ্ঠী হয় সুখ বৃদ্ধি। পৃষ্ঠেতে পড়িলে হয় ভূমি লাভ সিদ্ধি॥
পার্শ্বেতে পড়িলে হয় বন্ধু দরশন। কটিতে পড়িলে লাভ হইবে বসন॥
গুহ্যেতে পড়িলে মৃত্যু ঊরুতে বাহন। জানুজঙ্ঘে হয় অর্থ ক্ষয়ের কারণ॥
পদেতে ভ্রমণ ফল অন্যথা না হয়। জ্যেষ্ঠী পতনের ফল জ্যোতিষেতে কয়॥
দক্ষিণাঙ্গে বিরোধ সুহৃদগণ সঙ্গে। ধন লাভ হইবে পতনে বাম অঙ্গে॥

অথ নৌকা যাত্রা।

শশধর বুধ শুক্র কিম্বা বৃহস্পতি। সুপ্রশস্ত হয় সেই রিক্তা ভিন্ন তিথি॥
পূর্ব্বভাদ্রপদ পূর্ব্বাষাঢ়া বা অশ্বিনী। হস্তা মৃগশিরা পূর্ব্বফল্গুনী বাখানি॥
শ্রবণা কি ধনিষ্ঠা অথবা অনুরাধা। চন্দ্র তারা শুদ্ধ হৈলে নাহি হয় বাধা॥
শুভলগ্নে নৌকাযাত্রা সুপ্রশস্ত হয়। জ্যোতিষ প্রমাণে মাত্র এইরূপ কয়॥

অথ রাজদর্শন।

শনি কুজ ভিন্ন আর যত উক্ত বার। রিক্তা ভিন্ন আর সব তিথি হয় সার॥
উত্তরভাদ্রপদ উত্তরাষাঢ়োত্তরফল্গুনী। চিত্রা মৃগশিরা পুষ্যা রেবতী রোহিণী॥
শ্রবণা বা জ্যেষ্ঠা হস্তা অশ্বি অনুরাধা। রাজদর্শনেতে কেহ নাহি করে বাধা॥
চন্দ্র শুদ্ধ হৈলে লগ্ন বৃষ সিংহ মীনে। কিম্বা কন্যা ধনু লগ্নে অথবা মিথুনে॥
রাজদর্শনেতে উক্ত এই সব হয়। জ্যোতিষ বচন অর্থে এই মাত্র কয়॥

অথ বরাহ মুনির যাত্রা।

যাত্রার বিহিত কিছু শুদ্ধ সারোদ্ধার। শুভ দিন শাস্ত্র মতে পাওয়া অতি ভার॥ নিষিদ্ধ আছয়ে ব্যক্ত কতেক বচন। তাহাতে করিলে দৃষ্টি না হয় গমন। বার তিথি যোগ আর নক্ষত্র করণ। এক দিন সর্ব্ব শুভ হয় কদাচন॥ মাসদগ্ধা ত্র্যহস্পর্শ আদি পাপ যোগ। তাহে যাত্রা কৈলে ঘটে বিপরীত ভোগ॥ জ্যোতিষের মতে শুভ দিন নাহি হয়। অথচ ত্বরিত যাত্রা না করিলে নয়॥ তাহার বিধান কহি করহ শ্রবণ। বরাহ মুনির মতে যাত্রা প্রকরণ॥ বার তিথি যোগ আর অনুক্ত নক্ষত্র। দোষাদোষ নাহি কিছু সর্ব্ব শুভ অত্র॥ রবিবারে যাত্রাকালে শিরে দিবে কর। সোমবারে করস্পর্শ করি ভুঙোপর॥ মঙ্গলে গলায় হাত বুধের উদরে। বৃহস্পতিবারে পার্শ্বে শুক্রে কর্ণোপরে॥ শনিবারে পৃষ্ঠে হাত যাত্রার নির্ণয়। অসাধ্য সুসাধ্য ইথে হইবে নিশ্চয়॥ বাধাদি টিকটিকি হাঁচি তৈল পসার। যাত্রাকালে এ সবার শুন প্রতীকার॥

অথ শিবজ্ঞান।

জ্যোতিষের মতে শুভ দিন পাওয়া ভার। অতএব শিবজ্ঞান বিনিয়ম তার॥ মাহেন্দ্র বক্র অমৃত শূন্য চারি যোগ। সম্বৎসরে সপ্তবারে দিবারাত্রি ভোগ॥ মাহেন্দ্র যোগেতে হয় সর্ব্বত্রেতে জয়। অমৃত যোগেতে সর্ব্ব কার্য্য সিদ্ধ হয়॥ বক্র যোগে কার্য্য নাশ লিখন নিশ্চয়। শূন্য যোগে মৃত্যু কিম্বা অপমান হয়॥ মাঘ ফাল্গুন চৈত্র বৈশাখেতে আর। শ্রাবণ ভাদ্রেতে হয় একই প্রকার॥ আশ্বিন কার্ত্তিক অগ্রহায়ণ পৌষে। একই প্রকার পাবে এই চারি মাসে॥ জ্যৈষ্ঠে কিম্বা আষাঢ়ে জানিবে একরীত। পশ্চাৎ লিখনে তাহা হইবে বিদিত॥

অথ মাঘ ফাল্গুন চৈত্র বৈশাখ শ্রাবণ ভাদ্র। দিবাদণ্ড।

রবিবারে	মাহেন্দ্র	২	অমৃত	৮	শূন্য	৮	মাহেন্দ্র	২	শুক্র	১০								
সোমবারে	অ	৪	ব	৮	অ	৬	ব	৬	মা	৪	শূ	২						
মঙ্গলবারে	ব	৪	শূ	২	অ	৬	ব	৪	শূ	২	অ	৪	শূ	২	অ	৪	শূ	২
বুধবারে	অ	৪	ব	৬	অ	৪	শূ	২	ব	৪	মা	৪	অ	৪	শূ	২		
গুরুবারে	মা	৪	শূ	২	ব	৬	মা	৬	শূ	৪	ব	৪	শূ	৪				
শুক্রবারে	অ	২	ব	২	অ	৬	ব	৬	অ	৬	শূ	৪	অ	৪				
শনিবারে	শূ	৪	ব	৪	শূ	২	অ	৮	শূ	৪	ব	৪	শূ	৪				

রাত্রিদণ্ড।

রবিবারে	শূন্য	২	মাহেন্দ্র	২	অমৃত	৪	বক্র	৮	মাহেন্দ্র	৮	বক্র	৬				
সোমবারে	ব	২	অ	৬	ব	৬	অ	৮	শূ	৮						
মঙ্গলবারে	অ	২	ব	৪	শূ	২	অ	৬	ব	৬	অ	৪	ব	৪	শূ	২
বুধবারে	শূ	২	অ	৬	মা	৪	ব	৪	শূ	৪	অ	১০				
গুরুবারে	ব	৪	শূ	৪	ব	৪	অ	২	শূ	৬						
শুক্রবারে	ব	৪	অ	৪	শূ	৪	মা	২	ব	৬	শূ	৪	অ	২	মা	২
শনিবারে	শূ	২	ব	৪	অ	৬	ব	৪	অ	৪	ব	২	অ	৪	শূ	৪

অথ আশ্বিন কার্ত্তিক অগ্রহায়ণ পৌষ।

দিবাদণ্ড।

রবিবারে	শূ	২	অ	৬	ব	৮	অ	৮	শূ	২	মা	২	শূ	২		
সোমবারে	অ	৪	শূ	৪	অ	৬	ব	১৬								
মঙ্গলবারে	অ	২	ব	২	অ	১০	ব	৬	শূ	৬	ব	৪				
বুধবারে	অ	২	মা	২	অ	২	ব	৬	অ	৬	শূ	২	মা	৬	ব	৪
গুরুবারে	অ	৪	ব	৪	শূ	৪	ব	৬	শূ	২	অ	৪	ব	৬		
শুক্রবারে	অ	২	ব	২	অ	৬	ব	৬	অ	৮	শূ	২	অ	৪		
শনিবারে	অ	২	ব	২	অ	৬	ব	৬	অ	৮	শূ	২	অ	৪		

রাত্রিদণ্ড।

রবিবারে	শূ	২	ব	৪	অ	৪	ব	৬	অ	৪	শূ	২	অ	৮		
সোমবারে	ব	৬	অ	৮	ব	৮	অ	২	ব	৬						
মঙ্গলবারে	মা	৬	অ	২	শূ	২	অ	৬	ব	৪	মা	৪	শূ	২	অ	৪
বুধবারে	ব	২	অ	২	ব	৪	অ	১৬	ব	২	শূ	৪				
গুরুবারে	শূ	৮	অ	৮	অ	৮	শূ	২	অ	৪						
শুক্রবারে	ব	২	অ	৮	ব	৬	অ	৮	শূ	২	অ	৪				
শনিবারে	ব	১৪	শূ	৪	ব	৪	অ	২	শূ	৬						

অথ জ্যৈষ্ঠ আষাঢ়।

দিবাদণ্ড।

রবিবারে	শূ	৪	অ	৬	ব	৬	অ	৬	ব	৪	মা	২	শূ	২		
সোমবারে	ব	৮	অ	৪	শূ	৬	ব	৮	শূ	৪						
মঙ্গলবারে	অ	৬	শূ	৪	অ	৬	ব	৬	মা	২	অ	২	মা	২	শূ	২
বুধবারে	শূ	২	ব	৪	অ	৮	ব	৬	শূ	২						
গুরুবারে	মা	২	শূ	২	ব	৬	মা	৪	শূ	৪	ব	৬	অ	৬		
শুক্রবারে	শূ	২	মা	২	ব	৬	মা	২	শূ	৪	অ	৬	ব	৪	শূ	৪
শনিবারে	মা	২	শূ	২	ব	৬	মা	৬	শূ	৪	ব	৬	অ	৬		

রাত্রিদণ্ড।

রবিবারে	অ	৪	শূ	৪	ব	৪	অ	৬	ব	৮	শূ	৪				
সোমবারে	ব	৮	অ	৮	শূ	৪	অ	৪	শূ	২	মা	২	শ	২		
মঙ্গলবারে	অ	২	ব	৪	মা	৪	শূ	৪	ব	২	অ	৬	শূ	২	ব	৬
বুধবারে	অ	১০	শূ	২	ব	৪	অ	৪	শূ	১০						
গুরুবারে	শূ	২	অ	৬	শূ	২	ব	৪	শূ	২	অ	৮	শূ	৪	অ	৪
শুক্রবারে	অ	৬	শূ	২	ব	৪	শূ	৬	অ	৬	শূ	২	অ	৪		
শনিবারে	শূ	২	অ	২	ব	৮	শূ	২	অ	৬	শূ	৪	অ	৬		

অথ গ্রহদিগের রাশি ভোগের কাল নির্ণয়।

রবের্মাসং নিশানাথঃ সপাদ দিবসদ্বয়ং। পক্ষত্রয়ং ভূমিপুত্রো বুধোষ্টা-দশবাসরান ॥ বর্ষমেকং সুরাচার্য্যশ্চাষ্টাবিংশ দিনং ভৃগুঃ ॥ শনিঃ সার্দ্ধদ্বয়ং বর্ষং স্বর্ভানুঃ সার্দ্ধবৎসরং ॥

অস্যার্থঃ। এখানে অংশ শব্দে গ্রহের রাশি ভোগ্যকালের ত্রিশ ভাগের এক ভাগ জানিবেন। যে গ্রহের রাশি ভোগ্যকাল যত হয় তাহা লিখিতেছি সূর্য্যের এক রাশিভোগ্যকাল এক মাস। চন্দ্রের এক রাশিভোগ্যকাল সওয়া দুই দিন। এইরূপ মঙ্গলের পঁয়তাল্লীশ দিন। বুধের অষ্টাদশ দিন। বৃহস্প-তির এক বৎসর। শুক্রের অষ্টাবিংশতি দিবস। শনির দুই বৎসর ছয় মাস রাহু ও কেতুর এক বৎসর ছয় মাস ॥

অথ রবি গ্রহের রিষ্টি কথনং।

পাপা স্ত্রিকোণ কেন্দ্রে সৌম্যাঃ ষষ্ঠাষ্টমব্যয়গতাঃ। সূর্য্যোদয়ে প্রসূতঃ সদ্যঃ প্রাণস্ত্যজতি জন্তু ॥

অস্যার্থঃ। পাপগ্রহ যদি জন্মলগ্নের চতুর্থ স্থানে কিম্বা পঞ্চম সপ্তমে আর নবম দশমে অথবা লগ্নে যদি থাকেন আর শুভগ্রহ যদি ষষ্ঠ অষ্টম ব্যয়ে থাকে আর সূর্য্যোদয়কালে যদি প্রসব হয়, তবে সেই শিশু সদ্য প্রাণ ত্যাগ করে, যদি জন্তু হয় তথাপি মৃত্যু নিশ্চয় ॥

অথ চন্দ্র গ্রহের রিষ্টি কথনং।

ষষ্ঠাষ্টমে চন্দ্রঃ সদ্যোমরণায় পাপ সংদৃষ্টঃ। অষ্টাভিঃ শুভদৃষ্টৌ বর্ষৈ র্মিশ্রৈস্তদর্দ্ধেন।

অস্যার্থঃ। জন্ম লগ্নের ষষ্ঠ অষ্টম স্থানে যদি চন্দ্র থাকেন, তবে সেই বালক সদ্য প্রাণ ত্যাগ করে, আর যদি চন্দ্রেতে শুভগ্রহের দৃষ্টি থাকে তবে অষ্টম বর্ষে যমালয়ে গমন করেন, আর যদি শুভগ্রহ এবং পাপগ্রহের দৃষ্টি থাকে তথাচ তাহার অর্দ্ধ বর্ষে নিশ্চিন্ত ভবনে গমন করেন।

অথ চন্দ্র রিষ্টি ভঙ্গ কথনং।

পক্ষে সিতে ভবতি জন্ম যদি ক্ষপায়াং কৃষ্ণে তথাহনি শুভাশুভ দৃষ্ট মূর্ত্তিঃ। তং চন্দ্রমা রিপু বিনাশ গতোপি যত্নাদাপৎসু রক্ষতি পিতেব শিশুং ন হন্তি ॥

অস্যার্থঃ। যদি শুক্লপক্ষের রাত্রিতে অথবা কৃষ্ণপক্ষের দিবসেতে জন্ম হয়, আর যে লগ্নে জন্ম হইবেক সেই লগ্নের যে যে স্থানে চন্দ্র থাকিলে রিষ্টি হয় কহিয়াছেন, তাহা না হইয়া শুক্লপক্ষে রাত্রে রিপুগতো কৃষ্ণপক্ষ দিবাতে অষ্টমগতো হইতে আপদেতে পিতৃতুল্য রক্ষা করেন।

অথ মঙ্গল গ্রহের রিষ্টি কথনং।

ভৌমে বি লগ্নে শুভদৈরদৃষ্টঃ। ষষ্ঠাষ্টমে বার্কসুতেন যুক্তঃ॥ সদ্যঃ শিশুং হন্তি বদেন্মুনিন্দ্র। স্মরেষবারো ন শুভে ক্ষিতৌচ॥

অস্যার্থঃ। মঙ্গল যদি লগ্নে থাকে; আর শুভ গ্রহের দৃষ্টি না থাকে এবং ষষ্ঠাষ্টমে শনি যুক্ত যদি থাকে তবে সেই শিশু সদ্য প্রাণ ত্যাগ করে, আর পঞ্চম স্থানে শনি মঙ্গল শুভগ্রহের দৃষ্টি যদি না থাকে তবে শমন ভমন গমন করেন।

অথ বুধ গ্রহের রিষ্টি কথনং।

কর্কট ধামনি সৌম্যঃ ষষ্ঠাষ্টম রাশিগোবিলগ্নর্ক্ষাৎ। চন্দ্রেণ দৃষ্ট মুর্ত্তি বর্ষ চতুস্কেন মারয়তি।

অস্যার্থঃ। কর্কটেতে যদি বুধগ্রহ থাকেন কিম্বা জন্ম লগ্নের ষষ্ঠাষ্টম স্থানে থাকেন তাহাতে যদি চন্দ্রের দৃষ্টি থাকে তবে সেই শিশু চতুর্থ বর্ষে প্রাণ ত্যাগ করে, কিন্তু ঐ সকল স্থানেতে যদি বুধ থাকেন আর চন্দ্রের দৃষ্টি না থাকে তবে রিষ্টি হয় না॥

অথ গুরুগ্রহের রিষ্টি কথনং।

বৃহস্পতি ভৌম গ্রহেঽষ্টমস্থঃ সূর্য্যেন্দুভৌমার্কজদৃষ্ট মূর্ত্তিঃ। বর্ষৈ স্ত্রীভি ভার্গব দৃষ্টিহীনো লোকান্তরং প্রাপয়তি প্রসূতং।

অস্যার্থঃ। জন্ম লগ্নের অষ্টম স্থানে যদি বৃহস্পতি থাকেন আর সেই ঘর যদি মঙ্গলের হয় তবে রিষ্টি হয়, কিম্বা ঐ গুরু অন্য গ্রহের ঘরে থাকেন আর যদি রবি মঙ্গল শনির পূর্ণ দৃষ্টি থাকে এবং শুক্রের দৃষ্টি না থাকে তবে সেই শিশু তৃতীয় বর্ষে প্রাগ ত্যাগ করে কিন্তু শুক্রের দৃষ্টি যদি থাকে তবে রিষ্টি হয় না পীড়াযুক্ত হয়।

অথ শুক্রগ্রহের রিষ্টি কথনং।

রবি শশী ভবনে শুক্রো দ্বাদশ রিপু রন্ধ্রু গোঽশুভৈঃ সর্ব্বৈঃ দৃষ্টঃ করোতি ষড়ভির্বর্ষৈঃ বর্ষে কিমিহ বিচিত্রং॥

অস্যার্থঃ। রবি চন্দ্রের ক্ষেত্রেতে যদি শুক্র থাকে, আর লগ্নের ষষ্ঠাষ্টম ব্যয় স্থান যদি হয়, পাপগ্রহ সকলের যদি পূর্ণ দৃষ্টি থাকে, তবে সেই বালক ছয় বর্ষে প্রাণ ত্যাগ করে আর যদি পাপগ্রহ এবং শুভগ্রহের দৃষ্টি থাকে তবে পীড়াযুক্ত করেন, আর যদি পাপগ্রহের দৃষ্টি না থাকে তবে রিষ্টি হয় না।

অথ শনি গ্রহের রিষ্টি কথনং।

মারয়তি ষোড়শা হাচ্ছনৈশ্চরঃ পাপ বীক্ষিতো লগ্নে সংযুক্তো মাসেন চ বর্ষাচ্ছু দ্ধস্তু মারয়তি। শুভগ্রহৈর্দৃষ্টযুতে বা রিষ্টি যোগ ভঙ্গঃস্যাৎ॥

অস্যার্থঃ। শনি গ্রহ ষোড়শ দিনে রিষ্টি করেন, যদি পাপগ্রহ লগ্নকে দেখিতে পায় আর যদি লগ্নেতে সংযুক্ত থাকেন তবে ষোড়শ মাসে রিষ্টি করেন, আর শুভগ্রহ যুক্ত কিম্বা দৃষ্ট যদি থাকে তবে রিষ্টি ভঙ্গ করেন॥

অথ শনির রিষ্টি ভঙ্গ কথনং।

তুলায়াং স্বগৃহেচ লগ্নে শনৌস্থিতে রিষ্টি ভঙ্গোগুণাতিরেকঃস্যাৎ ॥

অস্যার্থঃ। যে লগ্নেতে জন্ম হয় সেই গৃহ যদি তুলা হয় কিম্বা শনির যদি স্বগৃহ হয় তাহাতে যদি শনি থাকেন তবে রিষ্টি ভঙ্গ হয় দোষ হয় না।

অথ রাহুর গ্রহের রিষ্টি কথনং।

রাহু চতুষ্টয়স্থো মরণায় বীক্ষিতো ভবতিপাপৈঃ। বর্ষৈর্বদন্তি দশভিঃ ষোড়-শভিঃ কেচিদাচার্য্যাঃ ॥ ঘটসিংহ বৃশ্চিকোদয়ে সুত স্থিতি জীবিতং করতি রাহু। পাপৈর্নিরীক্ষ্যমান সপ্তমিতৈর্নিশ্চিতে বর্ষে ॥

অস্যার্থঃ। জন্ম লগ্নের চতুর্থ স্থানে যদি রাহু থাকেন, আর পাপ গ্রহের যদি পূর্ণদৃষ্টি থাকে তবে দশ বৎসরে কিম্বা ষোড়শ বর্ষে রিষ্টি হয়, আর পাপ-গ্রহের দৃষ্টি না থাকে শুভ গ্রহের দৃষ্টি যদি থাকে তবে রিষ্টি হয় না আর উ-ভয় দৃষ্টি যদি থাকে তবে পীড়াযুক্ত করেন। আর কুম্ভে কিম্বা সিংহে অথবা বৃশ্চিকে যদি থাকেন, আর সেই স্থান যদি চতুর্থ হয় এবং পাপগ্রহের পূর্ণ দৃষ্টি হয় তবে সপ্তম বর্ষে রিষ্টি হয়।

অথ কেতুর গ্রহের রিষ্টি কথনং।

যস্মিনৃক্ষেভ্যুদিতস্তস্মিন প্রসূয়তে যস্তু। রৌদ্রে সর্প মুহূর্ত্তে বা প্রাণৈঃ সংত্যজ্যতেচাসু ॥

অস্যার্থঃ। কেতুগ্রহ যে নক্ষত্রেতে উদিত হয় সেই নক্ষত্রেতে যদি প্রসব হয় তবে কেতু রিষ্টি হয়।

অথ লগ্নরিষ্টি কথনং।

লগ্নাধিপো জন্মপতিঃ ষষ্ঠাষ্টম রিপুফগৌ প্রসবকালে। অস্তমিতৌ মরণ করৌ রাশি প্রমিতৈ র্বদেৎ বর্ষৈঃ।

অস্যার্থঃ লগ্নাধিপতি যে গ্রহ সেই গ্রহ যদি জন্ম চন্দ্রের ষষ্ঠাষ্টম কিম্বা বর্ষ অথবা সপ্তম স্থানে থাকেন তবে সেই শিশুর রিষ্টি হয়।

লগ্নে ভাস্কর পুত্রশ্চ নিধনে চন্দ্রমাস্থিতঃ। তৃতীয়স্থো যথা জীবো শিশু-র্যাতি যমালয়ং ॥

অস্যার্থঃ। যে লগ্নেতে জন্ম হইবেক সেই লগ্নে যদি শনি থাকেন আর অষ্টমে যদি চন্দ্র এবং গুরু থাকেন তবে সেই শিশু যমালয়ে গমন করে।

অথ গ্রহদোষ শান্তি কথনং।

যে খেচরার্গোচরতোষ্টবর্গা দশাক্রমাদ্বাপ্যশুভা ভবন্তি। দানাদিনং তোষকরাং প্রপন্নাস্তেনাধুনা দানবিধিং প্রবচ্মি ॥ মাণিক্য গোধূম সবস্ত্র ধেনু সকৌস্ত বস্ত্রং গুড় হেম তাম্রং। আরক্তকং চন্দনমম্বরঞ্চ বদন্তি দানাদি বিরো-চনায় ॥

অস্যার্থঃ। রবি বিরুদ্ধ হইলে তাহার দান কর্ত্তব্য। মাণিক্য অভাবে স্বর্ণ গোধূম সবস্ত্র ধেনু সকুম্ভ বস্ত্র সগুড় স্বর্ণ তাম্র রক্তচন্দন রক্তবস্ত্র আতপ তণ্ডুল দক্ষিণার সহিত দান স্বস্ব মন্ত্রে উৎসর্গ করিবে।

চন্দ্রের দান। সদ্বংশ পাত্রে তণ্ডুল দিবে কর্পূর মুক্তাফল শুক্লবস্ত্র রৌপ্য যুগ্ম বৃষ অভাবে বৃষ মূল্য ৫ কাহন কড়ি পূর্ণ কুম্ভ ঘৃত দক্ষিণার সহিত উৎসর্গ করিবে।

মঙ্গলের দান। প্রবাল গোধূম মসুর কলাই অরুণবর্ণ বৃষ অভাবে মূল্য ৫ কাহন কড়ি গুড় স্বর্ণ করবী পুষ্প তাম্র দক্ষিণার সহিত উৎসর্গ করিবে।

বুধের দান। নীলবস্ত্র স্বর্ণ কাঁসা অগুরুচন্দন দ্রাক্ষা উত্তম পুষ্প আর ঝাঁটি পুষ্প হস্তির দন্ত দক্ষিণার সহিত উৎসর্গ করিবে।

বৃহস্পতির দান। চিনি দারুহরিদ্রা ঘোড়া অভাবে ২৫ কাহন কড়ি পীত ধান্য পীতবস্ত্র রক্তপুষ্প লবণ স্বর্ণ দক্ষিণার সহিত উৎসর্গ করিবে।

শুক্রের দান। চিত্রবস্ত্র সাদা ঘোড়া অথবা মূল্য ২৫ কাহন কড়ি রূপার বৃক্ষ সাদাধেনু রূপার বজ্র ঘৃত স্বর্ণ আতপ তণ্ডুল দক্ষিণার সহিত উৎসর্গ করিবে।

শনির দান। মাষকলাই তৈল নীলবস্ত্র কৃষ্ণতিল মহিষ অথবা মূল্য ৫ কাহন কড়ি লৌহ দক্ষিণার সহ উৎসর্গ করিবে।

রাহুর দান। গো গাধা রত্ন ঘোড়া বড় এলাচি কম্বল কৃষ্ণতিলের তৈল লৌহ পাত্রে দিবে, কৃষ্ণ তিল দক্ষিণার সহিত উৎসর্গ করিবে।

গ্রহে দেয়ানি দানানি গ্রহে দেয়াচ দক্ষিণা। গ্রহবিপ্রায় দাতব্যা চান্যথা নিষ্ফলং ভবেৎ॥ লোভাৎ গৃহ্লাতি যো বিপ্রো জ্ঞানদজ্ঞা নতোপিবা। ইহ-লোকে দরিদ্রঃ স্যান্মৃতে চাণ্ডাল যোনিজঃ॥

